# श्री
# दानकेलि चिन्तामणि

— श्रील रघुनाथदास गोस्वामी

# শ্রীদানকেলি চিন্তামণিঃ।

শ্রীপাদ রঘুনাথ দাস গোস্বামী প্রণীতঃ।

Swami B. V. Narayan

শ্রীহরিদাস দাস কর্ত্তৃক প্রকাশিতঃ।

প্রাপ্তিস্থান—

১। শ্রীহরিদাস দাস,
শ্রীধাম নবদ্বীপ,
পোড়াঘাট,
হরিবোল কুটীর।

২। শ্রীযামিনী মোহন সেন, কবিরাজ
শ্রীগোপীনাথ বাজার,
শ্রীবৃন্দাবন।

৩। শ্রীযুক্ত স্বর্ণ কুমার ঘোষাল—
শ্রীবলদেব মন্দির—
২৫ নং গ্রে ষ্ট্রীট,
কলিকাতা।

Printed by Nirmal Kumar Sil at the
UNITED PRESS.
29, Grey Street, Calcutta.

# শ্রীদানকেলি চিন্তামণিঃ।

শ্রীপাদ রঘুনাথ দাস গোস্বামী প্রণীতঃ।

( সান্বয়-বঙ্গানুবাদঃ )

শ্রীহরিদাস দাস কর্ত্তৃক প্রকাশিতঃ।

শ্রীধাম নবদ্বীপ

( হরিবোল কুটীর )

প্রথম সংস্করণম্।

৪৫১ গৌরাব্দ ]    [ ভিক্ষা মূল্য ।• আনা

# উৎসর্গ-পত্র।

পরম পূজ্যপাদ—

## শ্রীশ্রীযুক্ত গোবিন্দ দাস বাবাজি

মহান্ত মহারাজের শ্রীশ্রীকরকমলেষু—

প্রাণের গোবিন্দ দাদা,

বিশ্ববিদ্যালয়ের পাশ্চাত্য শিক্ষার গৌরবে অহঙ্কৃত হইয়া যখন ধরাকে সরা জ্ঞান করিতাম, তখন তোমার জনৈক প্রিয়তম সেবকের কৃপা-ইঙ্গিতে ৺পুরীধামে শ্রীহরিদাস ঠাকুরের মঠে যাইয়া তোমার অহৈতুকী কৃপামৃতে নিরন্তর অভিষিক্ত হইয়াছি, তোমার মুখে শ্রীশ্রীরাধা-রমণের বার্ত্তা-সুধা নিরবধি পান করিয়া পরম আপ্যায়িত হইয়াছি। জীবনের ধারা পরিবর্ত্তন হইয়াছে—আমার ক্ষুদ্রতা ও অযোগ্যতা জানিয়াও তুমি শ্রীশ্রীনিতাইগৌর-সীতানাথের শ্রীচরণসেবায় নিযুক্ত করিয়া প্রতিসেবা-কার্য্য শিক্ষা দিয়াছিলে, নিজ বার্দ্ধক্যজনিত ক্লেশ দূরে পরিহার করিয়াও নিজেই সেবা করিয়া সেবা শিখাইয়াছ—নিজে না খাইয়াও সাধু বৈষ্ণবাদি ভোজন করাইয়া পরমানন্দ লাভ করিয়াছ, সংসার যাহাকে ঘৃণা করিত, তুমি তাহাকে কোলে নিয়া কত আদর, কত প্রীতি, কত স্নেহ করিয়াছ—তুমি পতিতের বন্ধু ও অনাথের আশ্রয় ছিলে, যে একদিনের জন্যও তোমার অমৃত-মধুর সঙ্গ পাইয়াছে, সেই তোমার গুণ-গৌরব মুক্তকণ্ঠে গাহিতেছে এবং গুণে ঝুরিতেছে—তাই বলি দাদা গো আমার! আবার কি ঐ হরিদাস ঠাকুরের মঠে পবিত্র মধুর ভর্ৎসনে সেবাকার্য্য শিখাইবে না? আর কি নিজাঙ্গ সেবা-দানে এই অভাগাকে কৃতকৃতার্থ করিবে না? হায়! শ্রীধাম নবদ্বীপে সহ-ভোজন, ধূলিদান, লুণ্ঠনাবলুণ্ঠন ক্রমে গঙ্গাপতনাদি অপূর্ব্ব লীলা-বিনোদে আর কি তোমাকে পরিকরগণসহ দেখিতে পাইব না? সেই সুমধুর শ্রীবৃন্দাবনে শ্রীনন্দগ্রাম বর্ষাণা প্রভৃতি লীলাস্থলী দর্শনে এ দাসানুদাসকে সঙ্গে নিয়া শ্রীশ্রীরাধা-রমণের বার্ত্তা-সুধা আর কি আস্বাদন করাইবে না? শ্রীগিরিরাজ পরিক্রমায় পরমানন্দভরে সেই ধূলিদান লীলা, সেই খঞ্জন নটন-লীলা ইত্যাদি আর কি অভাগার দর্শন-পথে আসিবে না? শ্রীরাধারমণের অতি প্রিয় সেবা বলিয়া অশ্রুসিক্ত-নয়নে শ্রীরাধাকুণ্ডের ঝাড়ু-সেবাদিও

কি আর সমর্পণ করিবে না? দাদা, এই অভাগা তোমার কোনই আদেশ বিন্দুমাত্রও পালন করিতে পারে নাই—তোমাকে বিন্দুমাত্র ও ভালবাসিতে জানে নাই—তাই বুঝি এখন চোখের আড়ালে গিয়াছ—শ্রীশ্রীরাধারমণ, শ্রীল নবদ্বীপ দাদা প্রভৃতি প্রিয়গণসহ নিত্যলীলা আস্বাদন করিতেছ। কিন্তু দাদা, এখনও তোমার শান্তি নাই, এখনও অভাগার হিতানুসন্ধানই করিতেছ—এখনও তোমার প্রিয় ভক্তবৃন্দ দ্বারা সেই অপার্থিব ভালবাসার কথাই শুনাইতেছ—তুমি কাঙ্গাল দেখিতে ভালবাসিতে, তাই তোমার জনৈক প্রিয় দাস তোমার অভাগাকে কাঙ্গালও সাজাইয়াছেন।

প্রাণের দাদা গো আমার! তোমার হরিদাস শ্রীবৃন্দাবনে পরম পূজ্যপাদ শ্রীমদ্ রঘুনাথ দাসগোস্বামি-মহোদয়ের রচিত অপূর্ব্ব **'দানকেলি চিন্তামণি'** নামক গ্রন্থরত্ন কুড়াইয়া পাইয়াছে—এই অমূল্য রত্ন মহামোহান্ধ অভাগা প্রথমতঃ তোমার প্রিয়ভৃত্য শ্রীগিরিধারীজির হস্তে সমর্পণ করিয়াছিল—তিনি অস্থানে স্থিতি-নিবন্ধন ভ্রমপ্রমাদাদি মণি-মালিন্য পরিহার পূর্ব্বক সুচারু মালা-গ্রন্থনাভিপ্রায়ে তোমার জনৈক প্রিয় অনুজার নিকট প্রেরণ করেন; তাঁহারই প্রযত্নে ও আগ্রহাতিশয্যে শ্রীলনরহরি সরকার ঠাকুরের বংশাবতংস শ্রীপাদ রাখালানন্দ শাস্ত্রী এবং শ্রীশ্রীসীতানাথ-বংশ-ভূষণ শ্রীযুক্ত আনন্দ গোপাল গোস্বামী প্রভুপাদ প্রভৃতি অশেষ বিশেষে নানাভাবে নানাছন্দে এই চিন্তামণির সুমাল্য রচনা বিষয়ে যৎপরোনাস্তি সাহায্য করিয়াছেন—যদি তুমি আজ প্রকট-লীলায় থাকিতে, তবে এই সুগ্রথিত চিন্তামণি-মালা তোমাকে পরাইয়া অভাগার মনের সাধ মিটাইতাম—সে যাহা হউক, ত্রিকাল-সত্য তোমাদের লীলায় এখনও বর্ত্তমানই আছ—তাই তোমারই সুপবিত্র করকমলে এই গ্রন্থ-রত্ন উৎসর্গ করিতেছি—তুমি শ্রীশ্রীরাধারমণকে এবং শ্রীল নবদ্বীপদাদা, শ্রীযুক্ত মাধব দাস বাবাজী মহারাজ প্রভৃতি প্রিয়গণকে আস্বাদন করাইবে এবং এই আশীর্ব্বাদ করিবে যেন তোমাদেরই শ্রীচরণে মস্তক রাখিয়া—তোমাদেরই জয়গান করিয়া—এই গ্রন্থরত্নের প্রতিপাদ্য বিষয়টী হৃদয়ে ধারণ করিতে পারি। ইতি—

তোমার স্নেহাকাঙ্ক্ষী—

**"হরিদাস"**

# পূর্ব্বাভাষ।

ভক্ত পাঠকগণের বহুদিনের বাসনা আজ ফলবতী হইল। শ্রীমান্ হরিদাস দাস বাবাজীবনের গ্রন্থ-সঙ্কলন-সাধনার সুধাময় ফলে অধুনা পরম পূজ্যপাদ ষড়গোস্বামীর একতম ভক্তকুল-ভাস্কর শ্রীরাধারস-সুধানিমগ্ন শ্রীপাদ রঘুনাথ দাস গোস্বামী মহোদয় কৃত "শ্রীদানকেলি চিন্তামণি" গ্রন্থরত্ন প্রকাশিত হইলেন। এই গ্রন্থ সম্পাদনে শ্রীমান্ বাবাজী মহাশয়ের যে কত ক্লেশ, কত যত্ন ও কত প্রকার শ্রম স্বীকার করিতে হইয়াছে, তাহা তৎকৃত 'অবতরণিকা' পাঠে পাঠকগণ কিঞ্চিৎ আভাস পাইবেন। যাঁহারা গার্হস্থ্য স্বীকার না করিয়া বৈরাগ্যব্রত অবলম্বন পূর্ব্বক ভজন সাধনে প্রবৃত্ত হন, তাঁহাদের মধ্যে যাঁহারা সুশিক্ষিত, তাঁহারা যদি কৃপা করিয়া শ্রীপাদ গোস্বামী মহোদয়গণের পদাঙ্ক অনুসরণ করেন, এবং জনসাধারণের হিতার্থে মানবজীবনের প্রকৃত উদ্দেশ্যসাধক প্রেমভক্তি-বিষয়ক শ্রীগ্রন্থাদি এইরূপে সংগ্রহ করিয়া অন্বয়, টীকা, টিপ্পনী ও বঙ্গানুবাদ সহ মুদ্রিত করেন, তবে তাহাতে একদিকে যেমন তাঁহাদের নিজের নিত্য সাধন কার্য্য তত্ত্ব ও লীলাগ্রন্থ অধ্যয়নে সুসম্পন্ন হয়, অপর দিকে জনসাধারণের পক্ষেও সেই সকল গ্রন্থ পঠন পাঠনাদি দ্বারা অশেষ কল্যাণ সাধিত হইয়া থাকে। বিশেষতঃ এইরূপে বিলুপ্ত-প্রায় গ্রন্থ সমূহ কালের বিধ্বংসী হস্ত হইতে সুরক্ষিত হইয়া মহাজনগণের কীর্ত্তিস্তম্ভ জগতে অক্ষুণ্ণ ও সুপ্রতিষ্ঠিতভাবে সংরক্ষণের সদুপায়ও হয়। তত্ত্ব ও লীলাগ্রন্থ অধ্যয়ন ও অধ্যাপনার মধ্যে যে অধিকাংশ ভজন-সাধন প্রণালী অন্তর্ভুক্ত থাকে, তাহা কাহাকেও বুঝাইয়া বলিতে হইবে না। শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, মনন ইত্যাদি ইহাতে যেমন পরিলব্ধ হয়, অন্য কোনও প্রকারে তাদৃশ স্বারস্য সহকারে সম্পন্ন হইতে পারে না। এবিষয়ে শ্রীপাদ শুকদেব গোস্বামীর উক্তি এই—"এই বহু বিঘ্ন-সমাকুল কলিকালে লীলারস নিষেবণ ভিন্ন দুরন্ত সংসার-সমুদ্র উত্তীর্ণ হইবার উপায়ান্তর নাই।" সুতরাং এই শ্রেণীর উচ্চতম ভজন-সহায়ক গ্রন্থের অনুশীলনে ভজন-ব্যাপার যে অতীব সুখে সম্পন্ন হইয়া থাকে, তাহাতে আর সন্দেহ নাই।

আমি অতীব প্রগাঢ় যত্নের সহিত এই শ্রীগ্রন্থের অক্ষরাবলী পাঠ করিয়া একান্ত বিমুগ্ধ হইয়াছি। শ্রীপাদ দাস গোস্বামীর এই গ্রন্থখানা পাঠ করিলে বুঝা যাইবে যে ইহার ভাষা-বৈভবে, সমধুর লালিত্য-পূর্ণশব্দ-

বিন্যাসে, সহজবোধ্য সমাসবদ্ধ পদ-মাধুর্য্যে, আলঙ্কারিকগণের সর্ব্বথা সমাদরণীয় শব্দালঙ্কার ও অর্থালঙ্কার প্রয়োগ-গৌরবে—সাহিত্য হিসাবে এই 'ভাণিকা' গ্রন্থখানি অতীব শ্রেষ্ঠ আসন প্রাপ্তির উপযুক্ত। সর্ব্বোপরি যে রস কাব্যের প্রাণ, এবং যে চমৎকারিত্ব সেই রসের সার বলিয়া আলঙ্কারিকগণ সিদ্ধান্ত করিয়াছেন, শ্রীশ্রীযুগলকিশোরের সেই মধুর রস বিলাসের পরাকাষ্ঠা এই 'ভাণিকায়' প্রদর্শিত হইয়াছে; কবিত্বের নানাবিধ গুণে শ্রীপাদ রঘুনাথ দাস মহোদয় যে শ্রীপাদ রূপ গোস্বামী মহাশয়ের আনুগত্য-ফলে কি পরিমাণে তাঁহার সহিত অভেদত্ব-ভাব বিশিষ্ট হইয়াছিলেন—এই গ্রন্থ পাঠে তাহার উচ্চতম সন্ধানই পাওয়া যায়। যদি এই গ্রন্থে ইহার নির্ম্মাণ-কর্ত্তা শ্রীল দাস গোস্বামীর নাম অঙ্কিত না থাকিত, তবে এই গ্রন্থ যে সর্ব্বাংশে শ্রীপাদরূপ নির্ম্মিত, ইহা মনে স্থান দিতে কাহারও বিন্দুমাত্রও সন্দেহ থাকিত না। এই নাতি-বৃহৎ গ্রন্থখানি এতই মধুর, এতই সুন্দর, এতই রসচমৎকারিত্বজনক এবং এতই প্রেমিক ভক্তগণের চিত্তাকর্ষক হইয়াছেন, যে স্বয়ং পাঠ না করিলে আমার এই ক্ষুদ্র উক্তি দ্বারা কাহারও সেই ধারণাই হইবে না!

নাটকীয় কাব্যে 'ভাণ' সাধারণতঃ অতি রসময়—যে 'দান কেলি কৌমুদী' লিখিয়া শ্রীপাদ রূপ গোস্বামী মহোদয় শ্রীমদ্ রঘুনাথের 'ললিত মাধব' গ্রন্থপাঠ জনিত মহাবিরহ-বিক্ষুব্ধ হৃদয়েও প্রফুল্লতা সঞ্চারিত করিয়াছিলেন—সেই মহারস-সিন্ধুতে নিমজ্জনের ফলে শ্রীমদ্ দাস গোস্বামীর হৃদয়ে যে তৎসদৃশ রসপ্রস্রবনের সৃষ্টি হইয়াছিল, এই গ্রন্থখানি সেই অন্তঃপ্রবাহিত মহারসেরই সুস্পষ্ট বাহ্য প্রকাশ। 'দানকেলি কৌমুদী' ও 'দানকেলি চিন্তামণি' এক-বিষয়ক গ্রন্থ, কিন্তু আমরা এই উভয়ের সমালোচনা পূর্ব্বক অভিমত প্রকাশ করিতে কোন প্রকারেই সমর্থ হইব না; উভয়েই সম্প্রদায়াচার্য্য—উভয়েই বিশ্ব-বৈষ্ণবগণের মহাসুহৃৎ—উভয়েই সমুন্নত সমুজ্জ্বল আনন্দ চিন্ময় ব্রজরস সামগ্রীর পরিবেষক! ইহাদের কাহারও সহিত কাহারও তুলনা হইতে পারে না—সৌন্দর্য্যে-মাধুর্য্যে, ভাবগাম্ভীর্য্যে, ভাষা-বৈভবে, ভাব-গৌরবে এই দুই গ্রন্থের মধ্যে কোন্ বিষয়ে কোন্ স্থলে কাহার বর্ণনা যে অধিকতর মনোমদ, তৃপ্তিপ্রদ ও চিত্তপ্রসাদক, তাহার সমালোচনা করা এস্থলে আমি মহাধৃষ্টতা বলিয়াই মনে করি। সুতরাং সেইরূপ দুঃসাহসে ও অন্যায় কার্য্যে প্রবৃত্ত না হইয়া আমি পাঠকদিগের প্রেমভক্তিরসময় চিত্তের দ্বারে কেবল এই

আবেদন লইয়াই উপস্থিত হইতেছি যে তাঁহারা ত 'দানকেলি কৌমুদী' আস্বাদন করিয়াছেন—এখন একবার ভগবৎ কৃপাপ্রদত্ত আমাদের নেত্র সমক্ষে সমানীত এই 'দানকেলি চিন্তামণি' গ্রন্থখানি একবার পাঠ করুন—দেখিবেন পাঠ করিতে করিতে আনন্দ-সাগরে নিমজ্জিত হইয়াছেন—সমালোচনা বুদ্ধি দূরীকৃত হইয়াছে এবং কি জানি কেমন এক অত্যাশ্চর্য্য অতীন্দ্রিয় নিত্যানন্দময় রাজ্যে চিত্ত উন্নীত হইয়া ব্রজ রসের সুধাস্বাদভোগে নিমজ্জিত রহিয়াছে। এই গ্রন্থে প্রথম হইতে 'ভাণিকা'র যাহা উপাদান—ভাণিকার যাহা সৌষ্ঠব—ভাণিকার কেলি-কলহ বাক্যের যে বিদগ্ধতা—দানের যে মহাসৌন্দর্য্য মাধুর্য্য বৈভবময় দ্রব্য-নির্ণয় এবং তৎপ্রাপ্তি বিষয়ে উভয়পক্ষের কেলি-কলহজনিত 'রসকন্দল'—ইহার সকলই ভক্তচিত্তের একান্ত আনন্দ-প্রদায়ক। গিরি রাজের দৃশ্যাবলী, মানস গঙ্গা তটবর্ত্তী বনরাজির পত্রপুষ্প প্রচারজনিত কানন সুষমার বর্ণন—কবিগণেরও সমাস্বাদ্য। প্রেমিক ভক্তপাঠকগণ এই মহাসৌন্দর্য্য-মাধুর্য্যময় অপ্রাকৃত রাজ্যের সৌভাগ্যক্রমে একবার সন্দর্শন পাইলে বুঝিতে পারিবেন যে এই জগৎ একেবারে কত নিম্নস্তরে অবস্থিত এবং এখানকার ভোগ সুখাদি কতই তুচ্ছ। মনে বাসনা ছিল যে ইহার প্রত্যেক বিষয়—এমন কি অধিকাংশ পদ্যেরই ভাব রস ও সৌন্দর্য্য মাধুর্য্য যৎকিঞ্চিৎ বিশ্লেষণ পূর্ব্বক আমার সমভাবাপন্ন সুহৃদ্-বর্গের নেত্রসমক্ষে আস্বাদনার্থ সমুপস্থাপিত করিব, কিন্তু এ'সম্বন্ধে মৌখিক বা লিখিত ভাষায় মনোভাব প্রকাশ করা 'মূকাস্বাদানবৎ' অসম্ভব, বিশেষতঃ এই মহাজরাগ্রস্ত অন্তিম বার্দ্ধক্যের অপটুতায় সেই বাসনা এই জন্মে আর ফলবতী হওয়ার সম্ভাবনাই নাই। সুতরাং আমার পরমপ্রীতিভাজন স্নেহাস্পদ বাবাজীবনের প্রতি আন্তরিক কল্যাণ কামনা করিয়াই আমার ক্ষুদ্র অভিমত অভিব্যক্ত করিলাম। আশাকরি, কৃপাময় পাঠকগণও এই গ্রন্থরস-সুধাস্বাদনে বিমুগ্ধ হইবেন এবং প্রকাশকের অজস্র শ্রম চিন্তা ও যত্নপূর্ব্বক পদ্যাংশের সংস্কৃত ভাষায় অন্বয় এবং বঙ্গানুবাদ সম্পাদনের জন্য ভগবানের শ্রীচরণে তাঁহার অনন্ত কল্যাণ কামনা করিবেন। ইতি শম্—

১৫ই আশ্বিন—৪৫১ গৌরাব্দ
২৫ নং বাগবাজার ষ্ট্রীট্
কলিকাতা।

**শ্রীরসিকমোহন দেবশর্ম্মা**

# অবতরণিকা।

"শ্রীশ্রীদানকেলি চিন্তামণি"—নামক গ্রন্থরত্নের রচয়িতা শ্রীপাদ রঘুনাথ দাস গোস্বামি মহোদয়। গৌড়ীয় বৈষ্ণব জগতে তাঁহার পরিচয় দিবার প্রয়োজন নাই বলিলেও অত্যুক্তি হয় না। যিনি কৈশোরের প্রারম্ভেই "ইন্দ্রসম রাজ্য ও অপ্সরা সমা স্ত্রী" পরিত্যাগ করিয়া—পিতামাতার বহু চেষ্টাও বহু অনুরোধ উপেক্ষা করিয়া— শ্রীমন্ মহাপ্রভুর প্রেমে উন্মত্ত হইয়া গৃহত্যাগ পূর্ব্বক নীলাচলে গমন করেন, ষোল বৎসর পর্য্যন্ত কঠোর বৈরাগ্যব্রত উদ্‌যাপন করিয়া শ্রীপাদ স্বরূপদামোদরের সহিত শ্রীমন্ মহাপ্রভুর অন্তরঙ্গ সেবাধিকার লাভ করেন, যিনি শ্রীমন্ মহাপ্রভুর প্রদত্ত গোবর্দ্ধন-শিলা ও গুঞ্জামালা পাইয়া কৃতকৃতার্থ হইয়াছিলেন—যিনি শ্রীকৃষ্ণচৈতন্য-বিরহে গোবর্দ্ধনে ভৃগুপাত পূর্ব্বক দেহত্যাগ করিতে কৃতসংকল্প হইয়া শ্রীবৃন্দাবনে গমন করেন এবং শ্রীশ্রীরূপসনাতনের কৃপামৃতে অভিষিক্ত হইয়া শ্রীরাধাকুণ্ডে প্রবল বৈরাগ্যসহকারে শ্রীরাধা গিরিধারীর ভজনসংকীর্ত্তনে অষ্টপ্রহর অতিবাহিত করিতেন—সেই দাস গোস্বামী মহোদয়ের কথা কে না অবগত আছেন ?

শ্রীপাদ দাস গোস্বামী তিনখানা গ্রন্থরত্ন প্রণয়ন করিয়াছেন। ভক্তি রত্নাকরে ( ৫৯ পৃঃ ) প্রকাশ

রঘুনাথ দাস গোস্বামীর গ্রন্থত্রয়।
স্তবমালা নাম স্তবাবলী যারে কয়॥
শ্রীদান চরিত মুক্তাচরিত মধুর।
যাহার শ্রবণে মহাদুঃখ যায় দূর॥

তথাহি— রঘুনাথাভিধেয়স্ত তয়ো র্মিত্রত্বমীয়ুষঃ।
স্তবমালা দানমুক্তাচরিতং কৃতিষূদিতম্॥

শ্রীকৃষ্ণলীলা ও শ্রীব্রজধাম-বর্ণন-প্রধান 'স্তবাবলী' ও মুক্তা ক্রয়-বিক্রয় ছলে শ্রীরাধামাধবের পরিহাসমঙ্গল বাকোবাক্য-বর্ণনাত্মক 'মুক্তা-চরিত—' ইতঃপূর্ব্বে মুদ্রিত হইয়াছেন—কিন্তু দানচরিত বা দানকেলিচিন্তামণি *

---

* ভক্তিরত্নাকরে বর্ণিত 'দানচরিতই' যে আমাদের 'দানকেলি

এতদিন লোকলোচনের অন্তরালে ছিলেন—সম্প্রতি শ্রীপাদ দাস গোস্বামীর কৃপায় মুদ্রিত হইয়াছেন !

ইহার আনুমানিক রচনা কাল ১৪৭১ হইতে ১৪৭৫ শাকের মধ্যে বলিয়াই মনে হয়; কারণ শ্রীপাদ রূপগোস্বামী প্রণীত শ্রীদানকেলি কৌমুদী গ্রন্থ প্রকাশের পরেই শ্রীল রঘুনাথ এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন; কৌমুদী ১৪৭১ শাকে রচিত হইয়াছেন, † কাজেই তৎপর ৩।৪ বৎসরের মধ্যেই এই গ্রন্থের রচনাকাল নির্ণয় করিলে বিশেষ অসংলগ্ন হয় না।

শ্রীমদ্রূপগোস্বামিচরণ মহাবিপ্রলম্ভরস-প্রধান 'ললিতমাধব' নাটক প্রণয়নান্তে শ্রীপাদ রঘুনাথকে পাঠ করিতে দিয়াছিলেন। শ্রীল রঘুনাথ এই গ্রন্থ পাঠ করিয়া বিরহ-সাগরে নিমজ্জিত হইয়া উন্মত্তবৎ কখন ও বা ঐ গ্রন্থরত্ন বুকে ধরিয়া অশ্রুধারায় ধরণীতল অভিষিক্ত করিতেন, কখনও বা "হা রাধে! প্রাণেশ্বরী !!" বলিয়া মূর্চ্ছিত হইয়া অচেষ্টভাবে শায়িত থাকিতেন। বলা বাহুল্য যে শ্রীপাদ দাসগোস্বামী শ্রীরাধাকুণ্ডতটে শ্রীমতীর নিত্য-সান্নিধ্য লাভ করিলেও ক্ষণকালের বিরহেই অতিশয় কাতর ও অস্থির হইতেন। তদুপরি নিত্য-বিরহসূচক ললিত-মাধবের ঘটনা-পারম্পর্য্যে মহাবিরহ-সাগরে নিপাতিত শ্রীদাসগোস্বামীর প্রাণরক্ষাও দুর্ব্বিষহ হইয়াছিল। শ্রীল রূপগোস্বামী শ্রীমদ্ রঘুনাথের এতাদৃশী ভাব-বিহ্বলতা ও প্রেমোন্মাদনার কথা শুনিয়া হাস্য-পরিহাসময় নিত্য-সম্ভোগ রস-প্রচুর শ্রীদানকেলিকৌমুদী নামক গ্রন্থরত্ন প্রণয়ন পূর্ব্বক দাস গোস্বামিকে পাঠাইয়া শোধন-ব্যপদেশে ললিতমাধব ফিরাইয়া আনেন। শ্রীদাসগোস্বামিচরণও রসান্তরে মনোনিবেশ করিয়া কথঞ্চিৎ সুস্থতালাভ করিলেন এবং তৎপরে স্বয়ংও মুক্তাচরিত ও দানকেলিচিন্তামণি নামক অতুলনীয় সম্ভোগরস-মাধুর্য্য-পরিপূরিত গ্রন্থরত্নদ্বয় প্রণয়ন করেন। শ্রীমদ্

---

সান্নিধ্য-বশতঃই বাঙ্গালায় ও 'দানচরিত' নাম দিয়া থাকিবেন। Theodor Aufrecht প্রণীত Catalogus Catalogorum নামক গ্রন্থ তালিকা পুস্তকেও 'দানকেলি চিন্তামণি' বলিয়াই উল্লেখ আছে। দান কেলি চিন্তামণি—a poem, describing the dalliance between Radha and Krishna.

† গতে মনুশতে শাকে চন্দ্র-স্বরসমন্বিতে।
নন্দীশ্বরে নিবসতা ভাণিকেয়ং বিনির্ম্মিতা ॥

রূপ গোস্বামী দানকেলিকৌমুদীতে শ্রীরঘুনাথের কথাই পুনঃ পুনঃ উল্লেখ করিয়াছেন—

যথা (১) প্রস্তাবনায়—"যদেষ নিয়োগেন সুহৃদামুপরূপকভিদাং দানকেলি কৌমুদীং নাম ভাণিকামভিনেতুমুদ্যতোঽস্মি"।

(২) ভরতবাক্যে—

রাধাকুণ্ডতটীকুটীরবসতি স্ত্যক্তান্যকর্ম্মা জনঃ
সেবামেব সমক্ষমত্র যুবয়ো র্যঃ কর্ত্তুমুৎকণ্ঠতে।
বৃন্দারণ্য-সমৃদ্ধিদোহদপদক্রীড়াকটাক্ষদ্যুতে!
তর্ষাখ্যস্তরুরস্য মাধব! ফলী তূর্ণং বিধেয় স্ত্বয়া॥

(৩) গ্রন্থসমাপন সময়ে—

গ্রথিতা সুমনঃ-সুখদা যস্য নিদেশেন ভাণিকা-স্রগিয়ম্।
তস্য মম প্রিয়সুহৃদঃ কুণ্ডতটীং ক্ষণমলঙ্কুরুতাম্॥

এই গ্রন্থে শ্রীরাধা গোবিন্দের নৈমিত্তিক দানলীলাই বর্ণিত হইয়াছেন। উপনন্দ পুত্র সুভদ্রের পত্নী কুন্দলতা—শ্রোত্রী এবং তাঁহার সখী সুমুখী-বক্ত্রী। গোবর্দ্ধন গিরির পাদমূলে গোবিন্দকুণ্ডে মহর্ষি ভাগুরি যজ্ঞ করিতেছেন—শ্রীরাধাদি গোপীগণ শ্রীকুণ্ড হইতে নব্য গব্যাদি স্বীয় শিরোদেশে বহন করিয়া যাইতেছেন—গিরিরাজের শিরোদেশে শ্রীকৃষ্ণ ও সখাসমূহ কর্ত্তৃক বেষ্টিত হইয়া অপূর্ব্ব দানঘাটী রচনা করিয়া দণ্ডায়মান—নাগর নাগরী উভয়ে উভয়কে দর্শন করিয়া পরস্পর রূপ মাধুরী পান করিতেছেন—মধুমঙ্গলের ইঙ্গিতে শ্রীকৃষ্ণ সখাগণসহ শ্রীরাধাদি গোপী-

(১) আমার সুহৃজ্জনের নিয়োগে ( প্রীতি-বিধানার্থ ) উপরূপক-নামক দৃশ্যকাব্যের অবান্তর ভেদ 'দানকেলি-কৌমুদী' নামক এই ভাণিকা অভিনয় করিতে প্রবৃত্ত হইতেছি।

(২) হে মাধব! সর্ব্বকর্ম্ম পরিত্যাগ করিয়া যিনি শ্রীরাধাকুণ্ডে বাস পূর্ব্বক তোমাদের সাক্ষাৎ সেবা লাভের জন্য সমুৎকণ্ঠিত হইয়াছেন, তাঁহার মনোরথ শীঘ্রই পূর্ণ কর; যেহেতু তোমার ক্রীড়া-কটাক্ষই বৃন্দারণ্যবাসিদের সর্ব্বাভীষ্টদান-কারী।

(৩) যে প্রিয়-সুহৃৎ শ্রীমদ্ রঘুনাথ দাসের জন্য সজ্জনগণের সুখ-দায়িকা ( পুষ্পশোভিত সুখদায়িকা ) ভাণিকা রূপ এই মালা রচনা করিয়াছি, ইহা তাঁহার কুণ্ডতট-দেশকে ক্ষণকালও অলঙ্কৃত করুক।

গণকে অবরোধ করিলেন · তখন বাদবিবাদরূপ পরিহাসাত্মক বাক্যভঙ্গি-বিন্যাসে দান গ্রহণ ছলে শ্রীরাধারাণীর অঙ্গপ্রত্যঙ্গ বর্ণনাও তত্তদঙ্গ-বিশেষের সম্ভোগ প্রার্থনা আরম্ভ হইল—যখন এই বাদবিবাদ চরমসীমায় উঠিল এবং ব্রজসুন্দরীগণ ঘৃতঘটী সমূহ মস্তক হইতে উত্তারণ করিয়া গিরিরাজের পাদদেশে অবস্থান করিতে লাগিলেন—তখন হঠাৎ নান্দীমুখী আসিয়া উপস্থিত হইলেন। তাঁহার সম্মুখেও শ্রীকৃষ্ণ রস-চাঞ্চল্য বিস্তার করিতে থাকিলে এবং শ্রীরাধাও কপটক্রোধভরে কটাক্ষবাণে শ্যামসুন্দরকে জর্জরিত করিতে থাকিলে নান্দীমুখী নানাবিধ সান্ত্বনা বাক্যে উভয় পক্ষের শান্তি-বিধান করিলেন এবং নির্জন গিরিগুহায় যুগলকিশোরের মিলনানন্তর শ্রীকৃষ্ণ গোচারণে গমন করিলেন—শ্রীরাধাও গণসহ গোবিন্দকুণ্ডে যজ্ঞশালায় উপস্থিত হইলেন—তখনও উভয় গোষ্ঠীতে এই দানবিনোদ বার্ত্তার আলোচনায় পরমানন্দ লাভ হইতে লাগিল।

এই গ্রন্থখানি শ্রীপাদ রূপ গোস্বামীর কৃপা-প্রসূত বলিয়া স্বয়ং শ্রীদাস-গোস্বামীও উল্লেখ করিয়াছেন (২।১৭৪—১৭৫) এবং শ্রীরূপচারুচরণাব্জমূলে স্বীয় বিনয়গর্ভবাক্যপুষ্পাঞ্জলি ও বহুশঃ সমর্পণ করিয়া কৃতকৃতার্থ হইয়াছেন। বস্তুতঃ শ্রীদানকেলিকৌমুদীবৎ এই দানকেলিচিন্তামণিও অপূর্ব্ব এবং আস্বাদ্য—দুইভাবে দুইজনই একই দান-বিনোদ বার্ত্তা আস্বাদন করিয়া ভক্তগণকে উপহার দিয়াছেন। শ্রীপাদ রূপগোস্বামীর অনুগত সুরসিক ভক্তবৃন্দই ইঁহাদের ফেলালব ( উচ্ছিষ্ট ) চর্ব্বণ করিয়া ধন্য হউন॥

পরিশেষে এই গ্রন্থরত্ন-প্রাপ্তি ও মুদ্রণ বিষয়ে দুই একটী কথার অবতারণা করা যাইতেছে। এই গ্রন্থখানির প্রথম অনুসন্ধান পাই—শ্রীবৃন্দাবনের শ্রীযুক্ত বনমালীলাল গোস্বামী মহাশয় হইতে। তাঁহার গ্রন্থে বহু ত্রুটি পরিলক্ষিত হয়। তৎপরে শ্রীযুক্ত রাধাচরণ দাস বাবাজী মহারাজ একখানা পুঁথি সংগ্রহ করিয়া দিয়াছেন—এইখানাতেও যথেষ্ট ত্রুটি বিচ্যুতি ছিল। তৎপরে বরাহনগর পাট বাড়ীর গ্রন্থ মন্দির হইতে প্রেরিত একখানা পুঁথি পাই,—তাহাতেও ভ্রম ছিল। অশেষ শাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত রাখালানন্দ ঠাকুর শাস্ত্রী মহাশয় স্বীয় শারীরিক অসুস্থতা সত্ত্বেও কৃপা করিয়া গ্রন্থটী আমূল সংশোধন করিয়া অন্বয়ের যথেষ্ট সাহায্য করিয়াছেন; শ্রীযুক্ত আনন্দগোপাল গোস্বামিমহাশয় ও শ্রীল যদুগোপাল গোস্বামি-মহোদয় প্রভৃতিও ভাব-মাধুর্য্য পরিবেষণে যথেষ্ট সহায়তা করিয়াছেন। পরিশেষে বৈষ্ণবাচার্য্যপ্রবর শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যাভূষণ মহাশয়ও

অনুগ্রহ-পুরঃসর ভূমিকা লিখিয়া এবং বিবিধ উপদেশ দানে সাহায্য করিয়া এ দীনহীন সেবককে কৃতকৃতার্থ করিয়াছেন। শ্রীযুক্ত দীনেশচরণ দাস দাদা মহাশয়ের কৃপা-প্রেরণা ও আগ্রহাতিশয্যে এবং কতিপয় বৈষ্ণব সাহিত্যানুরাগী ভক্ত বন্ধুর অর্থানুকূল্যে এই গ্রন্থ মুদ্রিত হইলেন। ইঁহাদের সকলের শ্রীচরণেই এই জীবাধম সেবক ভক্তিপূর্ণ কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছে। বস্তুতঃ ইঁহাদের কৃপা-সাহায্য না পাইলে এই অসম-সাহসিক কার্য্যে কখনও ব্রতী হইতে পারিতাম না। যথাসাধ্য চেষ্টা করিয়াও মুদ্রাকর-প্রমাদ হইতে অব্যাহতি পাই নাই। কৃপা করিয়া পাঠকগণ এই অনিচ্ছাকৃত ত্রুটির জন্য ক্ষমা করিবেন বলিয়া আশা করি। সহৃদয় পাঠকগণ! বৈষ্ণবশাস্ত্রে অতীব শিশু এবং রসসিদ্ধান্তে সম্পূর্ণ অনভিজ্ঞ জীবাধমের ত্রুটি বিচ্যুতি আপনারা স্বীয় অদোষদর্শীগুণে উপেক্ষা করিয়া মূলগ্রন্থের গুরু-গম্ভীর তাৎপর্য্য অবধারণ পূর্ব্বক পরমানন্দ লাভ করুন—ইহাই প্রার্থনা—ইতি

শ্রীধাম নবদ্বীপ
শ্রীহরিবোল কুটীর
আশ্বিন—৪৫১ শ্রীচৈতন্যাব্দ

বৈষ্ণব দাসানুদাস—

**শ্রীহরিদাস দাস**

# শ্রীদান কেলি চিন্তামণিঃ।

## শ্রীসপার্ষদ গৌর নিত্যানন্দাদ্বৈতেভ্যো নমঃ ।।

কুর্ব্বাণৈঃ শতমাশিষাং নিজ নিজ প্রেয়ো জয়ায়োৎসুকৈঃ
স্বীয় স্বীয় গণৈঃ স্ফুটং কুটিলয়া বাচাহতিতুঙ্গীকৃতঃ।
গব্যানাং নবদান-কল্পন কৃতে প্রৌঢ়ং মিথঃ স্পর্দ্ধিনো
গান্ধর্ব্বা-গিরিধারিণো গিরিতটে কেলীকলিঃ পাতু বঃ ॥১॥

শ্রীশ্রীগৌর গদাধরৌ বিজয়েতাম্।

### অন্বয়ঃ।

বন্দেহহং শ্রীগুরোঃ শ্রীযুতপদকমলং শ্রীগুরূন্ বৈষ্ণবাংশ্চ
শ্রীরূপং সাগ্রজাতং সহগণ রঘুনাথান্বিতং তং সজীবম্।
সাদ্বৈতং সাবধূতং পরিজন সহিতং কৃষ্ণচৈতন্য দেবং
শ্রীরাধাকৃষ্ণ-পাদান্ সহগণ ললিতাং শ্রীবিশাখান্বিতাংশ্চ ॥

অথ সোহয়ং শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য-মহাপ্রভো র্মহাকৃপাপাত্রং সকল কবি-মণ্ডলাখণ্ডলো রসিক-মুকুটমণিঃ শ্রীমদ্ রঘুনাথদাস গোস্বামি-মহানুভাবঃ পরমান্তরঙ্গাদতিপ্রিয় সুহৃদোহনুরঞ্জন্নতি রহস্যমুজ্জ্বল-রস-সমুজ্জ্বলং চিন্তামণি-মিব দানকেলিচিন্তামণি র্নাম গ্রন্থরত্নং স্বহৃদয়মণিমঞ্জুষায়া উদ্‌ঘটয্যেব প্রদর্শয়ন্ স্বাভীষ্টদৈবতং শ্রীচৈতন্যনিত্যানন্দাদ্বৈতেতি তত্ত্বত্রয়ং সপার্ষদং প্রণম্য "আশীর্নমস্ক্রিয়া-বস্তুনির্দ্দেশো বাহপি তন্মুখম্"-ইতি ন্যায়েনাধুনা-শীর্ব্বাদ-বস্তু নির্দ্দেশরূপং মঙ্গলমাচরতি—কুর্ব্বাণৈঃ শতমিতি—

### অনুবাদ।

সপার্ষদ শ্রীগৌরাঙ্গ নিত্যানন্দ ও অদ্বৈত প্রভৃতির
শ্রীচরণে নমস্কার।

গিরি গোবর্দ্ধনের তটদেশে গব্য (ঘৃত) প্রভৃতির নূতন দান সাধনের জন্য পরস্পর অতিশয় স্পর্দ্ধাকারী গান্ধর্ব্বা

উদ্দাম নর্ম্মরস রঙ্গ তরঙ্গকান্ত
রাধা-সরিদ্-গিরিধরার্ণব সঙ্গমোত্থম্ ।
শ্রীরূপ চারুচরণাব্জ-রজঃপ্রভাবা-
দন্ধোঽপি দান নবকেলি-মণিং চিনোমি ॥২॥

---

গিরিতটে ( গোবর্দ্ধন তটদেশে ) গব্যানাং (ঘৃতাদীনাং) নবদান-কল্পন-কৃতে ( নবীনদানসাধনায় ) মিথঃ ( পরস্পরং ) প্রৌঢ়ং ( সাতিশয়ং ) স্পর্দ্ধিনোঃ( স্পর্দ্ধা কারিণোঃ ) গান্ধর্ব্বা-গিরিধারিণোঃ ( শ্রীরাধা-মাধবয়োঃ ) কেলী-কলিঃ ( ক্রীড়া-কলহঃ )—যঃ নিজ নিজ প্রেয়োজয়ায় ( স্ব স্ব-প্রিয়তমজয়বিধানায় ) উৎসুকৈঃ 'অতঃ' আশিষাং ( অভিলাষাণাং ) শতং কুর্ব্বাণৈঃ স্বীয়-স্বীয়গণৈঃ কুটিলয়া বাচা ( বক্রোক্ত্যা ) স্ফুটং ( স্পষ্টং যথা স্যাত্তথা ) অতিতুঙ্গীকৃতঃ ( অতিশয়েন বৃদ্ধিং প্রাপিতঃ )—স কেলি-কলহঃ বঃ ( যুষ্মান্ ) পাতু ( পরিরক্ষতু ),কেলীকলিরিত্যনেন বস্তু-নির্দ্দেশঃ, পাত্বিতি কর্ণচষকেণ পায়য়িত্বা তদ্‌রসাবিষ্টং করোত্বিত্যাশীর্ব্বাদশ্চ ব্যঞ্জিতঃ ॥ ১ ॥

অহম্ অন্ধঃ [ দৈন্যোক্তিরিয়ং ] অপি শ্রীরূপ গোস্বামিনঃ চারুচরণাব্জস্য ( মনোরমচরণপদ্মস্য ) রজসঃ ( পরাগস্য ) প্রভাবাৎ [ তদানুগত্যেনেতি স্বারস্যং বোধ্যম্ ] উদ্দামানঃ ( নিরর্গলাঃ, পরমবিমর্য্যাদাঃ ইতি যাবৎ ) যে নর্ম্মরসরঙ্গা এব তরঙ্গাঃ তৈঃ কান্তঃ ( কমনীয়ঃ, স্পৃহনীয়ঃ ইতি বা ) যো রাধারূপয়া সরিদা সাকং গিরিধররূপস্য অর্ণবস্য ( সমুদ্রস্য ) সঙ্গমঃ তস্মাৎ উত্থিতং ( জাতম্ ) দান নবকেলিমণিং চিনোমি। ( চয়নং কৃত্বা কুণ্ডলং করোমি, যেন শ্রোত্রপরিসরমণ্ডনং সুষ্ঠু সম্পৎস্যতেতরামিতি ভাবঃ।)

---

( শ্রীরাধা ) ও গিরিধারীর কেলি-কলহ তোমাদিগকে পরিপালন করুন—ঐ কেলিকলহ ও আবার নিজ নিজ প্রিয়ের জয় নিমিত্ত উৎসুকচিত্ত, শত শত অভিলাষকারী স্বীয় স্বীয়গণের স্পষ্ট কুটিল বাক্যভঙ্গী দ্বারা অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে ॥১॥

আমি অন্ধ হইলেও শ্রীরূপ গোস্বামীর মনোরম চরণ-পদ্মের রজঃপ্রভাবে এই দান নবকেলিমণি চয়ন

সাহারাখ্যং জয়তি সদনং গোকুলে গোকুলেশ-
ভ্রাতা মন্ত্রী বসতি সুমতি স্তত্র নাম্নোপনন্দঃ ।
তস্য শ্রীমান্নিখিলগুণবান্ সূনুরাদ্যঃ সুভদ্রো
ভার্য্যা তস্যাতুল কুলবতী কুন্দপূর্ব্বা লতাহহস্তে ॥৩॥
পুষ্পে ভৃ ঙ্গে বিবিধ বিহগে ভ্রাজত্বুর্ব্বীরুহাণাং
ষণ্ডৈঃ সম্যগ্ বিলসিততমে নিস্কুটে সৌরভাঢ্যে ।

---

অত্র 'চরণাব্জরজঃ' ইত্যনেন সুন্দর-সুগন্ধি-রসময়-ভক্তিজনকত্বং পরাগস্য জ্ঞাপ্যতে, তথা চিত্তরূপদর্পণস্য মলাপসরণ-কারিত্বং, সুন্দরনয়নামৃতাঞ্জনমিবাজ্ঞান-তিমিরনাশপূর্ব্বক শ্রীরাধাগোবিন্দ-রহোলীলা প্রকাশকত্বং চ ব্যজ্যতে ॥ ২ ॥

গোকুলে ( ব্রজমণ্ডলে ) সাহারাখ্যং সদনং ( গ্রামঃ ) জয়তি ( সর্ব্বোৎকর্ষেণ বিরাজমানমস্ত—তত্রৈবাস্যা অসমোর্দ্ধমাধুর্য্য-মণ্ডিতায়া দানলীলায়াঃ সংপ্রবর্ত্তনাৎ )। তত্র ( সাহারে ) গোকুলেশ-ভ্রাতা ( শ্রীমন্নন্দ-মহারাজস্য ভ্রাতা ) তস্য সুমতিঃ মন্ত্রী চ বসতি যো নাম্না উপনন্দ ইতি কথ্যতে। তস্য সুভদ্রঃ নাম আদ্যঃ ( জ্যেষ্ঠঃ ) সূনুঃ ( পুত্রঃ ) শ্রীমান্ ( সৌন্দর্য্যবান্ ) নিখিলগুণবান্ চাস্তি। তস্য অতুলনীয়া কুলবতীভার্য্যা কুন্দলতা চ তত্র আস্তে ॥ ৩ ॥

---

করিতেছি। এই মণি উদ্দাম পরিহাস রস রঙ্গের তরঙ্গপূর্ণ কমনীয় শ্রীরাধারূপা নদী ও গিরিধারীরূপ সমুদ্রের নিত্য-নবনবায়মান সঙ্গমেই উত্থিত হইয়াছেন ॥২॥

গোকুলে সাহার নামক একটি গ্রাম আছে ; ঐ স্থলে গোকুলাধিপতি শ্রীনন্দের উপনন্দ নামক ভ্রাতা বাস করেন। উপনন্দ নন্দ মহারাজের জনৈক সুবুদ্ধি মন্ত্রীও বটেন। তাঁহার জ্যেষ্ঠপুত্র শ্রীমান্ সুভদ্রও নিখিলগুণগণমণ্ডিত ! তাঁহার অনুপমা কুলবতী ভার্য্যার নামই—**কুন্দলতা** ॥৩॥

খেলন্ত্যোরু প্রণয় মনয়া হন্ত কুত্রাধুনা তৌ
কুর্ব্বাতে কিং কিমিতি সুমুখী তত্র পৃষ্টা বয়স্যা ॥৪॥
তস্যাঃ শ্রীমদ্ বদনকমলা জ্জল্প মাধ্বীক ধারা-
স্যন্দং রাধা-গিরিবরধরপ্রশ্ন-কর্পূর কম্রম্ ।
পীত্বানন্দোচ্ছলিত পুলকোজ্জৃম্ভ সম্ভাবুকশ্রীঃ
সা তদ্বার্ত্তাং প্রথয়িতু মথারম্ভ মুৎকা চকার ॥৫॥

---

পুষ্পৈঃ ভৃঙ্গৈঃ বিবিধবিহগৈঃ ভ্রাজন্তঃ ( উজ্জ্বলাঃ ) যে উর্ব্বীরুহাঃ (বৃক্ষাঃ) তেষাং ষণ্ডৈঃ ( সমূহৈঃ ) চ সম্যক্ বিলসিততমে ( পরিশোভিতে ) সৌরভ্যাঢ্যে ( মহাসুগন্ধ-বিস্তারিণি ) চ নিষ্কুটে ( উপবনে ) খেলন্তী ( ক্রীড়নং কুর্ব্বতী ) বয়স্যা ( স্ব-সখী ) সুমুখী অনয়া (কুন্দলতয়া) উরুপ্রণয়ং ( সাতিশয় প্রীতিভরেণ ) পৃষ্টা—"হন্ত ! তৌ ( যুগলকিশোরৌ ) অধুনা কুত্র ( বিরাজতস্তরাং ), কিং কিং চ কুর্ব্বাতে ইতি" ॥ ৪ ॥

অথ তস্যাঃ [ কুন্দলতায়াঃ ) শ্রীমদ্ বদনকমলাৎ রাধাগিরিবরধর [ বিষয়ক ] প্রশ্নঃ এব কর্পূরং তেন কম্রং ( কমনীয়ং ) যৎ জল্পঃ ( বাক্যং ) এব মাধ্বীকং ( মধু ) তস্য ধারাণাং ( প্রবাহাণাং ) স্যন্দং ( অভিক্ষরণং ) পীত্বা সা ( সুমুখী ) আনন্দেন উচ্ছলিতঃ ( উদ্গতঃ ) যঃ পুলকঃ তস্য

---

তাঁহার গৃহসমীপে একটী সুগন্ধি উপবন আছে ; এই উপবন পুষ্প, ভ্রমর ও বিবিধ পক্ষিনিচয়-শোভিত বৃক্ষশ্রেণী দ্বারা সম্যক্ প্রকারে আনন্দই বিস্তার করিতেছে। কুন্দলতা তাঁহার সখী সুমুখীর সহিত খেলা করিতে করিতে অতি প্রীতিভরে জিজ্ঞাসা করিলেন—"হাঁ সখী ! তাঁহারা ( যুগল-কিশোর ) এখন কোথায় আছেন এবং কি কি ক্রীড়া করিতেছেন—বলত ?" ॥৪॥

কুন্দলতার সুন্দর বদন-কমল হইতে নিঃসৃত এবং রাধা-গিরিধারী-বিষয়ক প্রশ্নরূপ কর্পূরদ্বারা কমনীয়—বাক্যরূপ

শস্তস্যার্থে স্বসুত-হলিনো মিত্রপুত্রাঘশত্রো-
রপ্যাসক্ত্যা প্রতিনিধিতয়া (শৌ) সৌরিণা সন্নিযুক্তঃ।
সত্রং কর্ত্তুং রহসি ভগবান্ ভাগুরি দীক্ষিতোঽভূৎ
স্নেহোল্লাসৈঃ সহমুনিগণ স্তত্র গোবিন্দকুণ্ডে ॥৬॥

তস্মিন্ সত্রে রুচির মচিরং নব্যগব্যং স্বয়ং যা
ধৃত্বা নীতং শিরসি শুচয়ো দধ্যু রাভীর-বামাঃ।

---

উজ্জৃম্ভেণ ( প্রকাশেন ) সম্ভাবুক-শ্রীঃ সম্যক্‌প্রকারেণ বর্দ্ধিতা শোভা যস্যাঃ সা তথাভূতা ) উৎকা ( উৎকণ্ঠিতা ) চ সতী তদ্বার্ত্তাং ( যুগলকিশোরয়োঃ দানবিনোদবার্ত্তাং ) প্রথয়িতুং ( বিস্তারয়িতুং ) আরম্ভং চকার ॥ ৫ ॥

স্বসুত হলিনঃ (নিজপুত্রবলদেবস্য) শস্তস্য ( মঙ্গলস্য ) অর্থে 'তথা' মিত্র-পুত্রস্য ( নন্দনন্দনস্য ) অঘশত্রোঃ ( অঘনাশনস্য ) শ্রীকৃষ্ণস্য অপি আসক্ত্যা 'হেতুনা' শৌরিণা ( বসুদেবেন ) সত্রং ( যজ্ঞং ) কর্ত্তুং রহসি ( নির্জ্জনে ) সন্নিযুক্তঃ ভগবান্ ভাগুরিঃ সহমুনিগণঃ তত্র ( গোবর্দ্ধনে ) গোবিন্দকুণ্ডে স্নেহোল্লাসৈঃ ( স্নেহভরৈঃ ) দীক্ষিতঃ অভূৎ ॥ ৬ ॥

অথ তস্মিন্ সত্রে ( যজ্ঞে ) যাঃ শুচয়ঃ ( পবিত্রাঃ ) আভীরবামাঃ

---

মধুধারা-প্রবাহ পান করিয়া আনন্দে ও পুলকাঞ্চিত বিগ্রহে সাতিশয় দেহকান্তি বিস্তারিত করিয়া সেই সখী উৎকণ্ঠিত-চিত্তে ঐ প্রশ্নের উত্তর দিতে আরম্ভ করিলেন ॥৫॥

বসুদেব নিজতনয় হলধরের মঙ্গলের জন্য এবং মিত্রপুত্র ( নন্দনন্দন ) অঘশত্রু শ্রীকৃষ্ণের প্রতিও আসক্তি বশতঃ ভগবান্ ভাগুরি মুনিকে তাঁহার প্রতিনিধিরূপে যজ্ঞ করিতে নির্জনে নিযুক্ত করিয়াছেন—ঐ মহর্ষিও স্নেহোল্লাসভরে গোবিন্দকুণ্ডে অন্যান্য মুনিগণ সহ ঐ কার্য্যে দীক্ষিত হইয়াছেন ॥ ৬ ॥

সেই যজ্ঞে যে সকল বিশুদ্ধা গোপনারী শীঘ্রই কমনীয়

তাভ্যঃ কামানথ মণিগণালঙ্কৃতীঃ সৌভগঞ্চ
প্রীত্যা সত্যং সদসি মুনয়ো হন্ত যচ্ছন্তি সদ্যঃ ॥৭॥
নানা বৃক্ষৈ র্মধুকর-রুত-স্যন্দি পুষ্পাভিরম্যৈঃ
কুঞ্জ-স্তোমৈ রপি চ পরিত স্তাদৃশৈ র্ভ্রাজিতস্য।
সৌরভ্যাঢ্যৈঃ কুমুদকমলৈঃ সাধু ফুল্লৈ র্বিরাজৎ-
পানীয়স্য স্বকৃত-সরস-স্তীর-কুঞ্জে বসন্তী ॥৮॥

---

(গোপসুন্দর্য্যঃ) স্বয়ং শিরসি ধৃত্বা নীতং রুচিরং (মনোহরং) নব্যং গব্যং (হৈয়ঙ্গবীনং) অচিরং (ঝটিতি) দদ্যুঃ (দদতি স্ম), হন্ত! (বিস্ময়ে) মুনয়ঃ সদ্যঃ (তৎক্ষণাদেব) সদসি (তৎসভায়ামেব) তাভ্যঃ গোপিকাভ্যঃ প্রীত্যা কামান্ (বাঞ্ছিতান্) মণিগণান্ অলঙ্কৃতীঃ (ভূষণানি) [ যদ্বা মণিময়ভূষণানি ] সৌভগং (সৌভাগ্যং) চ সত্যং যচ্ছন্তি ॥ ৭ ॥

মধুকরাণাং রুতৈঃ (ঝঙ্কারৈঃ) তথা স্যন্দিভিঃ (ক্ষরণশীলৈঃ) পুষ্পৈশ্চ অভিরম্যৈঃ (সম্যগ্ রমণীয়ৈঃ) নানাবৃক্ষৈঃ, অপি চ তাদৃশৈঃ (মধুকর-ঝঙ্কৃতৈঃ মধুবর্ষিপুষ্পযুক্তৈশ্চ বৃক্ষসমূহৈঃ পরিশোভিতৈঃ) কুঞ্জানাং স্তোমৈঃ (সমূহৈঃ) পরিতঃ (ইতস্ততঃ) ভ্রাজিতস্য (বিলসিতস্য) তথা সাধু (প্রকর্ষেণ) ফুল্লৈঃ (প্রস্ফুটিতৈঃ) সৌরভ্যাঢ্যৈঃ (সুগন্ধ-বিস্তারিভিঃ) কুমুদ কমলৈঃ বিরাজৎ (শোভিতং) পানীয়ং (জলং) যস্য তথাবিধস্য

---

নব্য গব্য স্বয়ং মস্তকে বহন করিয়া নিয়া দিতেছেন—মুনিগণ সেইক্ষণেই তাঁহাদিগকে প্রীতিসহকারে বাঞ্ছিত বস্তু, মণি-সমূহ, অলঙ্কার ও সৌভাগ্যরাশি দান করিতেছেন ॥৭॥

তৎকালে শ্রীরাধা স্বীয়কুণ্ডতীরবর্ত্তী কুঞ্জে বিদ্যমানা ছিলেন, ঐ শ্রীকুণ্ড আবার মধুকর-ঝঙ্কৃত ও মধুক্ষরণশীল পুষ্পসমূহ-পরিশোভিত নানা বৃক্ষ সমূহে সজ্জিত এবং ঐ প্রকারের (মধুকর নিনাদিত ও বিবিধ পুষ্পমণ্ডিত বৃক্ষযুক্ত) কুঞ্জশ্রেণীও ইতস্ততঃ বিদ্যমান—ঐ কুণ্ডের জল সুপ্রস্ফুটিত সুগন্ধি কুমুদ

শ্রুত্বৈবৈত ন্নিভৃত-বিবৃতিং সূক্ষ্মধী-শারিকাঽঽস্যা-
দুৎকণ্ঠাভি স্তরলিত-মনাঃ স-প্রিয়ালীগণা সা।
স্নাত্বা সম্যগ্ বিবিধ বসনৈ র্ভূষণৈ র্ভূষিতা দ্রাক্
কাশ্মীরৈ স্তৎপ্রণয় পটলৈ রপ্যলং রূষিতা চ ॥৭॥

কৃত্বা পূজা মথ দিনপতেঃ শুদ্ধভাবেন শুদ্ধা
বদ্ধাকাঙ্ক্ষং হৃদয়গগনে গোষ্ঠচন্দ্রং স্মরন্তী।

---

স্বকৃত-সরসঃ ( শ্রীরাধাকুণ্ডস্য ) তীর'স্থ'-কুঞ্জে বসন্তী ( বিরাজমানা ) সা শ্রীরাধা এতাং নিভৃতাং ( সুগোপ্যাং ) বিবৃতিং (বিবরণং) "সূক্ষ্মধী" নাম শারিকায়াঃ আস্যাৎ ( মুখাৎ ) শ্রুত্বা এব হৃদয়-গগনে বদ্ধাকাঙ্ক্ষং ( আকাঙ্ক্ষাযুক্তং ) গোষ্ঠচন্দ্রং ( শ্যামসুন্দরং ) স্মরন্তী [ যদ্বা সা হৃদয়াকাশে আকাঙ্ক্ষাং বদ্ধা তং স্মরন্তী] উৎকণ্ঠাভিঃ তরলিতমনাঃ (ব্যগ্রীকৃতচিত্তা) সতী স-প্রিয়ালীগণা ( প্রিয়সখীগণেন সহ ) দ্রাক্ ( তৎক্ষণাৎ) স্নাত্বা বিবিধবসনৈঃ ভূষণৈঃ চ সম্যক্ ভূষিতা কাশ্মীরৈঃ ( কুঙ্কুমৈঃ ) তস্য (কৃষ্ণস্য) প্রণয়-পটলৈঃ ( প্রীতি-সমূহৈঃ ) চ অলং ( অতিশয়েন ) রূষিতা ( লিপ্তা ) অথ শুদ্ধা সতী শুদ্ধভাবেন দিনপতেঃ (সূর্য্যস্য) পূজাং কৃত্বা নিহিতং চ বিকসদ্গন্ধঞ্চ ( গন্ধ-বিস্তারি ) হৈয়ঙ্গবীনং ( নব্য ঘৃতং ) যত্র 'তথাভূতং' হৈমং (স্বর্ণময়ং) কুম্ভং প্রীত্যা শিরসি ধৃত্বা স্বীয়কুণ্ডাৎ চলিতা।

পূর্ব্বাহ্ণ এব দানলীলা প্রসঙ্গঃ স্যাদিত্যত্রৈষা মহাজনানুমোদিতপ্রথাঽনু-সর্ত্তব্যা। কদাচিদ্রবিবাসরে অরুণোদয়ে ব্রাহ্মণমুখাচ্ছ্রুত-যজ্ঞবৃত্তান্তা জরতী পূর্ব্বাহ্ণব্যাপিন্যাং শুক্লাসপ্তম্যামেব সূর্য্যপূজামবশ্যকর্ত্তব্যত্বেন নির্ণীয়

---

পদ্ম প্রভৃতি কুসুমে সুবাসিত ও শোভিত। শ্রীরাধা এই রহঃকথা "সূক্ষ্মধী" শারিকার মুখ হইতে শ্রবণ করিয়াই প্রিয় সখীগণসহ উৎকণ্ঠাবশতঃ চঞ্চল-চিত্ত হইলেন; শীঘ্র স্নানাদি ক্রিয়া সমাপনান্তে বিবিধ বসন ভূষণ সম্যক্ প্রকারে পরিধান করিলেন এবং কাশ্মীর ( কুঙ্কুম ) ও প্রিয়তমের প্রণয়রাশি উত্তমরূপে নিজাঙ্গে লেপন করিলেন। অনন্তর

হৈমং কুম্ভং নিহিত-বিকসদ্ গন্ধ-হৈয়ঙ্গবীনং
ধৃত্বা প্রীত্যা শিরসি চলিতা রাধিকা স্বীয়কুণ্ডাৎ ॥১০॥
[ বিশেষকম্ ]

স্মিত্বা স্মিত্বা পথি পথি মিথঃ কুর্ব্বতী কৃষ্ণবার্ত্তা-
মার্ত্তা তস্যানবকলনতঃ স্নিগ্ধতা-শালভঞ্জী।
প্রেমস্তোমোল্লসিত ললিতাং নর্ম্মফুল্লদ্ বিশাখাং
দৃষ্ট্বা দৃষ্ট্বা সুদতি ! মুমুদে নর্ম্মভঙ্গ্যা নিকামম্ ॥১১॥

---

যজ্ঞভবনে ঘৃতদানমপি স্ব-মঙ্গলনিমিত্তিকমিতি চ বুদ্ধা শ্রীরাধায়াঃ নন্দালয়-গমনং বর্জয়িত্বাদিষ্টবতী—"হে কল্যাণি ! অদ্য পূর্ব্বাহ্ন-মধ্য এব সূর্য্যকুণ্ডং গত্বা স্নাতানুলিপ্তা ভাস্করমর্চ্চয়িত্বা ঝটিতি যজ্ঞভবনং গচ্ছেতি"। তেন চ শ্রীরাধায়াঃ নন্দালয়-গোষ্ঠগমনাদিপ্রসঙ্গে শ্রীশ্যামসুন্দরস্য দর্শনাভাবে জাতে মহোৎকণ্ঠিতা সা শ্রীরাধাকুণ্ডং গত্বৈব স্থিতা, তদৈব শারিকামুখাৎ শ্রুতকৃষ্ণবৃত্তান্তা আশ্বস্তা সতী স্নানপূজাদিকং দ্রুতং সমাচর্য্য গোবিন্দ কুণ্ডাভিমুখং চলিতেতি সর্ব্বং সমঞ্জসম্ ॥ ৮-১০ ॥

হে সুদতি ! ( কুন্দলতে ) পথি পথি মিথঃ স্মিত্বা স্মিত্বা কৃষ্ণবার্ত্তাং কুর্ব্বতী সা স্নিগ্ধতা-শালভঞ্জী ( স্নেহ-পুত্তলিকা ) তস্য ( শ্রীকৃষ্ণস্য )

---

শুদ্ধচিত্তে বিশুদ্ধভাবে সূর্য্যপূজাও সমাপন করিলেন। তখন আকাঙ্ক্ষাবদ্ধ হইয়া হৃদয়াকাশে গোষ্ঠচন্দ্রকে স্মরণ করিতে করিতে ( অথবা হৃদয়াকাশে আকাঙ্ক্ষান্বিত গোষ্ঠচন্দ্রকে স্মরণ করিতে করিতে ) একটি স্বর্ণকুম্ভে গন্ধবিস্তারী হৈয়ঙ্গবীন ( নব্য ঘৃতাদি ) স্থাপন পূর্ব্বক অতি প্রীতির সহিত মস্তকে ধারণ করিয়া শ্রীরাধা কুণ্ড হইতে যাত্রা করিলেন ॥ ৮—১০ ॥

সেই স্নেহ-পুত্তলিকা শ্রীরাধা শ্যামসুন্দরের অদর্শনে আর্ত্তা হইয়া পথে পথে পরস্পর কৃষ্ণকথা বলিয়া বলিয়া হাসিতে হাসিতে চলিলেন। হে সুদতি ! প্রেম রাশিভরে অতিশয়

গন্ধে ভ্রাজৎ কুসুমপটলী-মৃষ্ট মাধ্বীক মাদ্যদ্-
ভ্রাম্যদ্ ভৃঙ্গপ্রকর বিলসচ্ছাখ শাখিপ্রপঞ্চাঃ ।*
শষ্পৈঃ সান্দ্রৈঃ সুবলিত ভুবঃ স্বাদু-সৎকন্দমূলা
ন্যঞ্চদ্ধ্বান দ্বিজ মৃগগণা শ্চারু নানাফলানি ॥১২॥
স্থানে স্থানে বিবিধ বিটপি-ক্রোড় রত্নোরুবেদ্যঃ
স্থানে স্থানে পরিমল-বলদ্রত্ন-সিংহাসনৌঘাঃ ।

অনবকলনতঃ ( অদর্শনতঃ ) আর্ত্তা 'সতী' প্রেম্নাং স্তোমেন ( রাশিনা ) উল্ললিতা ( উদ্ভাসিতা ) যা ললিতা তাং, তথা নর্ম্মেণ ( কৌতুকভরেণ ) ফুল্লন্তী ( প্রফুল্লা ) যা বিশাখা তাঞ্চ দৃষ্ট্বা দৃষ্ট্বা 'তয়োঃ' নর্ম্মভঙ্গ্যা নিকামং ( নিতরাং ) মুমুদে ॥ ১১ ॥

গন্ধৈঃ ভ্রাজন্ত্যঃ ( বিরাজন্ত্যঃ ) যাঃ কুসুমানাং পটল্যঃ ( সমূহাঃ ) তাভিঃ মৃষ্টং ( মার্জ্জিতং ) যৎ মাধ্বীকং ( মধু ) তেন মাদ্যন্তঃ তথা ভ্রাম্যন্তঃ চ যে ভৃঙ্গাণাং প্রকরাঃ ( সমূহাঃ ) তে বিলসন্তি যেষাং শাখাসু তে শাখিনাং প্রপঞ্চাঃ যস্মিন্ ( শৈলেন্দ্রে ) ভান্তীতি সর্ব্বত্রান্বয়ঃ । [ যস্মিন্ ] সান্দ্রৈঃ ( নিবিড়ৈঃ ) শষ্পৈঃ ( তৃণৈঃ ) সুবলিতাঃ ( যুক্তাঃ ) ভুবঃ ভান্তি, স্বাদূনি ( আস্বাদ্যানি ) সন্তি ( উত্তমানি ) কন্দাশ্চ মূলানি চ ভান্তি, অঞ্চৎ ( পূজিতং, মনোহরং ) ধ্বানঃ ( ধ্বনিঃ ) যেষাং তে দ্বিজানাং ( পক্ষিণাং ) তথা মৃগাণাং ( পশূনাং ) চ গণাঃ ভান্তি, [ যস্মিন্ ] স্থানে স্থানে বিবিধবিটপিনাং ( নানাবৃক্ষাণাং ) ক্রোড়েষু

উল্লসিত ললিতাকে ও বাকোবাক্যে প্রফুল্লিত বিশাখাকে দেখিয়া দেখিয়া তিনি তাঁহাদের নর্ম্ম পরিহাস ভঙ্গী আস্বাদন করিয়া আমোদ করিতে লাগিলেন ॥ ১১ ॥

( গিরি গোবর্দ্ধনে ) গন্ধযুক্ত কুসুম সমূহের বিশুদ্ধ মধু পানে মত্ত ও ইতস্ততঃ ভ্রমণপরায়ণ ভ্রমরসমূহ কর্ত্তৃক শোভিত শাখা বিশিষ্ট বৃক্ষসমুদয় বর্ত্তমান ; তাহার ভূমিভাগ ঘনতৃণাচ্ছাদিত ও

* বিকশচ্ছাখঃ...

স্থানে স্থানে বর-ঝরদরী সানবো ভান্তি যস্মিন্
শৈলেন্দ্রং সা গিরিধর-করপ্রাপ্তমানং দদর্শ ॥১৩॥
[ যুগ্মকম্ ]

লব্ধ্বা গোবর্দ্ধন গিরিমথ প্রাপ্য সৌরভ -সারং
শশ্বৎ প্রীত্যা-মুনিবর গণৈ র্দত্ত-গব্যাহুতীনাম্।
আকৃষ্টোদ্যৎ সুখভর রসেনাশু গন্তুং সমুৎকা
স্থূল শ্রোণী কুচ যুগভরান্মন্থরা তন্নিনিন্দ ॥১৪॥

---

রত্নময়াঃ উরবঃ ( মহত্যঃ ) বেদ্যঃ ( বেদিকাঃ ) ভান্তি, স্থানে স্থানে পরিমলৈঃ ( বিলেপন কুঙ্কুমাদীনাং নানাগন্ধদ্রব্যাণাঞ্চ বিমর্দ্দনোদ্ভূতৈঃ জনমনোহরৈঃ গন্ধৈঃ ) বলন্তঃ ( বর্দ্ধমানাঃ ) রত্নময়াঃ সিংহাসনানাম্ ওঘাঃ ( সমূহাঃ ) ভান্তি, যস্মিন্ স্থানে স্থানে চ বরাঃ ( উত্তমাঃ ) ঝরাঃ ( নির্ঝরাঃ ) দর্য্যঃ ( কন্দরাঃ ) সানবশ্চ ( সমভূময়শ্চ ) ভান্তি—এবং গিরিধরস্য ( শ্যামসুন্দরস্য ) করেণ 'ধৃতত্বাৎ' প্রাপ্তো মানো যেন তং শৈলেন্দ্রং ( গিরিরাজং ) সা 'রাধা' দদর্শ ॥ ১২-১৩ ॥

অথ গোবর্দ্ধন গিরিং লব্ধ্বা মুনিবরগণৈঃ প্রীত্যা শশ্বৎ ( পুনঃ পুনঃ )

---

তাহাতে সুস্বাদু উত্তম-কন্দ-মূল-প্রভৃতি বর্ত্তমান—পশুপক্ষিগণ সুমধুর ধ্বনি-পরায়ণ—এবং সর্ব্বত্র সুচারু বিবিধ ফলরাজি দৃষ্ট হয়। তথায় স্থানে স্থানে বিবিধ বৃক্ষের ক্রোড়দেশে রত্নময় বহু বেদী—স্থানে স্থানে সুগন্ধিযুক্ত রত্নময় সিংহাসন-রাজি এবং স্থানে স্থানে বা সুন্দর ঝরণা, গহ্বর ও সানু ( সমতলভাগ ) সমূহ বর্ত্তমান রহিয়াছে। শ্রীগিরিধারী শ্রীহস্তে ধারণ করিয়াছেন বলিয়া সম্মানিত পর্ব্বতরাজকে ( তখন ) শ্রীরাধা দর্শন করিলেন ॥১২—১৩॥

অনন্তর শ্রীরাধা গোবর্দ্ধন পর্ব্বতে আসিয়া মুনিশ্রেষ্ঠগণ কর্ত্তৃক অনবরত প্রীতিপূর্ব্বক প্রদত্ত গব্যাহুতির সুগন্ধি-সার

জ্ঞাত্বা তাসাং গমন মচিরং কীরবর্য্যস্য বক্ত্রাৎ
স্মিত্বা নর্ম্ম-প্রিয়-সখগণৈরাবৃতঃ সাবধানঃ।
শৈলেন্দ্রস্যোপরি পরিলসন্নুদ্ভট শ্যামবেদ্যাং
ঘট্টীপট্টং বিদধদতুলং বল্লবাধীশ-সূনুঃ ॥১৫॥

স্মেরাং সুরক্ত পটভূষণ-ভূষিতাঙ্গীঃ
মূর্দ্ধ্নি স্ফুরৎ সঘৃত হেম-ঘটীং বহন্তীম্।

---

দত্তানাং গব্যাহুতীনাং সৌরভ্যসারং ( সুগন্ধাতিশয়ং ) প্রাপ্য ( ঘ্রাত্বা ) উদ্যৎ ( উদীয়মানং ) যৎ সুখং তস্য ভরঃ ( অতিশয়ঃ ) তস্য রসেন আকৃষ্টা 'অতঃ' আশু ( শীঘ্রং ) গন্তুং সমুৎকা ( সমুৎকণ্ঠিতা ) অপি স্থূলয়োঃ শ্রোণ্যোঃ ( নিতম্বয়োঃ ) কুচয়োঃ চ যুগয়োঃ ভরাৎ ( ভারাতিশয়াৎ ) মন্থরা ( মন্দগামিনী ) সতী তৎ ( শ্রোণী-কুচযুগং ) নিনিন্দ ( নিন্দিতবতী ) ॥ ৪ ॥

বল্লবাধীশসূনুঃ ( গোপরাজনন্দনঃ—এতেন তস্য ধীরললিত-নায়কোচিতনিশ্চিন্তত্বং ধ্বনিতং ) তাসাং ( গোপীনাং ) অচিরং গমনং কীরবর্য্যস্য ( শুক-বরস্য ) মুখাৎ জ্ঞাত্বা স্মিত্বা চ প্রিয়াণাং সখানাং গণৈঃ আবৃতঃ ( পরিবেষ্টিতঃ ) সাবধানঃ ( দানলীলা বিনোদায় অবহিতমনাঃ ) শৈলেন্দ্রস্য ( গিরিরাজস্য ) উপরি পরিলসন্ ( বিরাজমানঃ ) উদ্ভটা ( অত্যুন্নতা )। যা শ্যামবেদী তস্যাং ঘট্টীপট্টং বিদধৎ ( দানঘট্টং সৃজন্ ) চ 'তিষ্ঠন্' স্মেরাং ( ঈষদ্ধাস্যবদনাং ), সুষ্ঠু রক্তবর্ণং যৎ পটং তেন, ভূষণৈঃ চ ভূষিতং অঙ্গং যস্যাঃ তাং, তথা স্ফুরন্তী ( দীব্যন্তী ) যা সঘৃতা ( ঘৃতপূর্ণা ) হেমঘটী তাং

---

আঘ্রাণ করিলেন এবং উত্তরোত্তর বৃদ্ধিশীল সুখরসভরে আকৃষ্ট হইয়া শীঘ্র গমন করিবার জন্য উৎকণ্ঠিতা হইলেও পৃথুশ্রোণি ( নিতম্ব ) ও কুচ যুগলের ভারে মন্থরগতি হওয়ায় তাহাদের নিন্দা করিতে লাগিলেন ॥১৪॥

'অবিলম্বে তাঁহারা আসিতেছেন'—এই সংবাদ শুকবরের মুখে অবগত হইয়া গোপেন্দ্রনন্দন ঈষৎ হাস্য করিলেন এবং

সার্দ্ধং তথাবিধ সখীনিবহেন রাধাং
যান্তীং মরালগতি চারু ললাপ পশ্যন্ ॥১৬॥

[ যুগ্মকম্ ]

অগ্রে পূর্ণবিধুং তদন্তরলসদ্ বন্ধূক পুষ্পদ্বয়ং
মধ্যে নিস্তল দাড়িমী ফলযুগং ভঙ্গ্যা প্রকাশ্য ক্ষণম্ ।
মন্নেত্রস্য চকোর-ভৃঙ্গ-শুকতা মাসাদয়ন্ত্যদ্ভুতা
কেয়ং মামপি পদ্মিনী*কৃতবতী রক্তং মরালং দ্রুতম্॥১৭॥

মূর্দ্ধ্নি ( শিরসি ) বহন্তীং [ অপি চ ] তথাবিধানাং ( পট-ভূষণভূষিতাঙ্গীনাম্ হেমঘটীবাহিনীনাঞ্চ ) সখীনাং নিবহেন সার্দ্ধং মরালগতি ( রাজহংসবৎ মৃদুমন্দ-গত্যা ) চারু যথা স্যাত্তথা যান্তীং 'শ্রীরাধাং' পশ্যন্ ললাপ ( উৎ-প্রেক্ষাঞ্চক্রে ) ॥ ১৫-১৬ ॥

অগ্রে ( শ্রীবিগ্রহস্য উপরিভাগে ) পূর্ণবিধুং ( তৎসদৃশং মুখং ) ভঙ্গ্যা ক্ষণং প্রকাশ্য মম নেত্রস্য চকোরতাম্ আসাদয়ন্তী ( প্রাপয়ন্তী ), তদন্তরং ( মুখমণ্ডলমধ্যে ) লসৎ ( বিরাজৎ ) যৎ বন্ধূকয়োঃ পুষ্পয়োঃ দ্বয়ং ( তদ্বৎ অধরযুগলং ) ভঙ্গ্যা ক্ষণং প্রকাশ্য নেত্রস্য ভৃঙ্গতাং, তথা মধ্যে ( মধ্যদেশে ) নিস্তলং ( বর্ত্তুলাকারং ) দাড়িমী-ফলয়োঃ যুগং ( তদ্বৎ কুচযুগ্মং ) ভঙ্গ্যা

প্রিয়নর্ম্ম সখাগণে বেষ্টিত হইয়া সাবধানে গিরি রাজের উপরে বিরাজমান উদ্ভট ( অতি প্রচণ্ড ) শ্যামবেদীতে দণ্ডায়মান হইয়া অনুপম ঘট্টীপট্ট ( দানঘাটী ) রচনা করিলেন ॥১৫॥

ঈষদ্ধাস্যবদনা, সুন্দর রক্তপট্টবসনা, বিবিধভূষণে সুসজ্জিতা

* পদ্মিন্যাঃ লক্ষণং যথা—

ভবতি কমল নেত্রা নাসিকা ক্ষুদ্ররন্ধ্রা
অবিরল কুচযুগ্মা দীর্ঘকেশী কৃশাঙ্গী ।
মৃদুবচন সুশীলা নৃত্যগীতানুরক্তা-
সকলতনুসুবেশা পদ্মিনী পদ্মগন্ধা ॥ রতিমঞ্জরী ।

ততো নিরীক্ষ্য সম্যক্ তাং প্রেম বিহ্বল মানসঃ ।
সাশঙ্কং পঙ্কজাক্ষোঽয়ং সোৎকণ্ঠোঽবর্ণয়ৎ পুনঃ ॥১৮॥

---

ক্ষণং প্রকাশ্য মম নেত্রস্য শুকতাম্ আসাদয়ন্তী সতী কা ইয়ম্ অদ্ভুতা পদ্মিনী ( পদ্মলতা, পক্ষে উত্তমা নারী ) মাং 'পুরুষরত্নমপি' দ্রুতং ( ঝটিত্যেব ) রক্তং ( রক্তবর্ণং, পক্ষে অনুরক্তং ) মরালং ( রাজহংসং, পক্ষে রাজহংসবৎ ) কৃতবতী ! ! [ অত্র পদ্মিন্যাং বিধু-বন্ধুক-দাড়িমানাং সর্ব্বথৈবাঽসদ্ভাবেঽপি তদবস্থান-প্রদর্শনাৎ তস্যাঃ প্রথমমদ্ভুতত্বং জ্ঞেয়ম্। তথা মরালনেত্রস্যাপি যুগপচ্চকোর-ভৃঙ্গ-শুকত্বপ্রাপণেঽসম্ভবত্বং প্রদর্শ্যাঽপি দ্বিতীয়মদ্ভুতত্বং ধ্বনিতং। তথা শুক্লবর্ণ মরালস্য রক্তীকৃতত্বেঽপি তস্যা অনন্যসাধারণ শক্তিমত্ত্বেন তৃতীয়মদ্ভুতত্বং জ্ঞাপিতম্। এবঞ্চাস্য শ্লোকরত্নস্য বহব এব ধ্বনয়ো নিষ্কাসিতাঃ স্যুরিতি বোধ্যম্ ]॥ অত্র যথাসংখ্যাতিশয়োক্ত্যোঃ সঙ্করঃ ॥ ১৭ ॥

ততঃ তাং ( তত্তদ্গুণবিশিষ্টাং ) 'রাধাং' সম্যক্ নিরীক্ষ্য প্রেমবিহ্বল-মানসঃ সোৎকণ্ঠঃ অয়ং পঙ্কজাক্ষঃ ( পদ্মপলাশলোচনঃ ) সাশঙ্কং ( উৎপ্রেক্ষা-পূর্ব্বকং ) পুনঃ অবর্ণয়ৎ ॥ ১৮ ॥

---

এবং শিরোদেশে ঘৃতপূর্ণ হেমকলসীধারিণী শ্রীরাধা সুচারু মরাল গতিতে তথাবিধ (বেশভূষণে সজ্জিতা ও ঘৃতপাত্রবাহিনী) সখীসমূহ কর্ত্তৃক বেষ্টিতা হইয়া যাইতেছেন দেখিয়া শ্যামসুন্দর বলিতে লাগিলেন—॥১৬॥

অগ্রে পূর্ণচন্দ্র ( তৎসদৃশ মুখ ), তৎপরে সুন্দর বান্ধুলী কুসুমদ্বয় (অধর)এবং মধ্যে সুগোল দাড়িমীফলযুগল [বক্ষোজদ্বয়] ভঙ্গীক্রমে এক মুহূর্ত্তের জন্য প্রকাশ করিয়া আমার নেত্রের যথাক্রমে চকোরত্ব, ভৃঙ্গত্ব ও শুকত্ব আনয়ন করাইয়া কে এই অদ্ভুত পদ্মিনী [ নারী ] আমাকে ও রক্ত [ অনুরাগযুক্ত ] মরাল করিয়া ফেলিল ? ॥১৭॥

তৎপরে প্রেম-বিহ্বল চিত্তে তাঁহাকে সম্যক্ নিরীক্ষণ করিয়া

ফুল্লচ্চম্পাক বল্লিকাবলিরিয়ং কি নো ন সা জঙ্গমা
কিং বিদ্যুল্লতিকাততি র্নহি ঘনে সা খে ক্ষণদ্যোতিনী ।
কিং জ্যোতি ল'হরী সরি ন্নহি ন সা মূর্ত্তিং বহেত্তদ্ধ্রুবং
জ্ঞাতং জ্ঞাতমসৌ সখীকুলবৃতা রাধা স্ফুটং প্রাঞ্চতি ॥১৯॥

---

ইয়ং কিং ফুল্লন্ত্যঃ (প্রস্ফুটোন্মুখাঃ) যাঃ চম্পকানাং বল্লিকাঃ (লতিকাঃ) তাসাম্ আবলিঃ ( রাশিঃ ) কিং ? নো, ( ন খলু সা ), 'যতঃ' সা ন জঙ্গমা ( গতিবিশিষ্টা ) স্যাদিতি ভাবঃ। ইয়ন্তু তৎসদৃশাঽপি জঙ্গমা। 'তর্হি' বিদ্যুল্লতিকানাং ততিঃ ( রাশিঃ ) কিং ? ন হি সাঽপি। 'যতঃ' সা বিদ্যুল্লতা খে ( আকাশে ) ঘনে ( মেঘে ) ক্ষণদ্যোতিনী ( ক্ষণং ব্যাপ্য বিদ্যোতমানা সতী দুষ্প্রেক্ষ্যা স্যাদিতি ভাবঃ ) ; ইয়ন্তু পৃথিব্যামপি ঘনোৎসঙ্গং বিনাঽপি বহুক্ষণং যাবদপি বিদ্যোতমানা সত্যপি নয়নানন্দমেব বিধায় স্থিরা তিষ্ঠেদিত্যহো মহাশ্চর্য্যম্ ! ! 'তর্হি' জ্যোতিষাং লহরীণাং ( তরঙ্গাণাং ) সরিৎ ( নদী ) কিং ? নহি ( সাঽপি ন ভবেৎ ), যতঃ সা মূর্ত্তিং ন বহেৎ ( ধারয়েৎ ) ; ইয়ন্তু প্রত্যঙ্গঃ লাবণ্যামৃতলহরী-বিস্তারিণ্যপি বিগ্রহবতীত্যহো সুবিস্ময়করম্। তৎ (তস্মাৎ) ধ্রুবং ( নিশ্চিতমেব ) জ্ঞাতং জ্ঞাত-মিত্যনেন নিশ্চয়ান্তং সন্দেহং ব্যজ্য তৎপরমোৎসাহমপি সূচয়তি। অসৌ সখীকুলৈঃ বৃতা ( বেষ্টিতা ) রাধা স্ফুটং ( স্পষ্টং যথা স্যাত্তথা ) প্রাঞ্চতি ( প্রকর্ষেণ ইতঃ আগচ্ছতি ) ॥ ১৯ ॥

---

এই পদ্মপলাশলোচন শ্রীহরি আশঙ্কা ও উৎকণ্ঠা সহকারে পুনরায় বর্ণনা করিতে প্রবৃত্ত হইলেন ॥১৮॥

ইনি কি প্রস্ফুটিত চম্পকলতা সমূহই ? না, তাহা ত জঙ্গম নহে [ চলিয়া বেড়ায় না ] ; তবে কি ইনি বিদ্যুৎরাশিই হইবেন ? না, তাহাও ত নয় ; কেননা, বিদ্যুৎ আকাশে মেঘের কোলে ক্ষণস্থায়ী হয়। তবে ইনি কি জ্যোতি লহরীর নদীই হইবেন ? না, তাহাও সম্ভব নয়, যেহেতু তাহার কোনও

ইয়মিহ ন চ রাধা সা সখীভিঃ পরীতা
বিদিতমিদমিদানীং বস্তুতত্ত্বং বিচার্য্য।
মম সবিধ মুপৈতি স্ফার-শৃঙ্গার-লক্ষ্মীঃ
সহ কলিত-সুবর্ম্মা লিঙ্গনাদি-ক্রিয়াভিঃ ॥ ২০ ॥

গৌরী শ্রীবৃষভাণুবংসবিলসৎ কীর্ত্তিধ্বজা কীর্ত্তিদা-
গর্ভান্তঃখনি রত্ন কান্তিলহরী শ্রীদাম-পুণ্যানুজা।

---

ইহ ইয়ং সখীভিঃ পরীতা ( পরিবেষ্টিতা ) সা রাধা চ ন ( ভবেদিতি ) ইদং বস্তুতত্ত্বং বিচার্য্য ইদানীং 'ময়া' বিদিতম্। 'ততঃ কাহসৌ ইত্যপেক্ষায়ামাহ'—সা স্ফারঃ ( মহান্ ) যঃ শৃঙ্গারঃ ( উজ্জ্বলরসঃ ) তস্য লক্ষ্মী এব কলিতং ( গৃহীতং ) সু সুন্দরং বর্ম্ম ( দেহঃ ) যয়া সা ( সুন্দর-বিগ্রহধারিণী সতী ) আলিঙ্গনাদি ক্রিয়াভিঃ ( আলিঙ্গন-চুম্বনাধরদংশনাদি মুদ্রাভিঃ সহচরীভি রেব ) সহ মম সবিধম্ ( সান্নিধ্যম্ ) উপৈতি। অত্রাপহ্নুতি রলঙ্কারঃ ॥ ২০ ॥

সা ইয়ং রাধিকা—গৌরী ( গৌরাঙ্গিণী ) শ্রীবৃষভাণোঃ বংশস্য বিলসন্তী যা কীর্ত্তিঃ তস্যাঃ ধ্বজা ( পতাকা ) তৎস্বরূপা ইতি শেষঃ। কীর্ত্তিদায়াঃ

---

মূর্ত্তি নাই, হ্যাঁ, এখন নিশ্চয় জানিয়াছি—সখীগণ বেষ্টিতা শ্রীরাধাই পরিষ্কাররূপে এদিকে আসিতেছেন ॥১৯॥

এক্ষণে বস্তুতত্ত্ব বিচার করিয়া বিদিত হইলাম যে ইনি সখীগণ বেষ্টিতা শ্রীরাধাও নহেন—কিন্তু সাক্ষাৎ মহাশৃঙ্গার-লক্ষ্মী সুন্দর মূর্ত্তি পরিগ্রহ করিয়া আলিঙ্গনাদি মুদ্রাযুক্ত হইয়া মৎসমীপে আসিতেছেন ॥২০॥

গৌরাঙ্গী, শ্রীবৃষভাণু বংশের সুন্দর কীর্ত্তিধ্বজা, শ্রীকীর্ত্তিদার গর্ভরূপ নিগূঢ় খনির রত্নকান্তি লহরী, শ্রীদামের মনোহারিণী অনুজা ( কনিষ্ঠা ভগ্নী ), প্রাণপ্রিয়তম সখী সমূহরূপ কুমুদিনী সকলের উল্লাস বিষয়ে পরম সুন্দর চন্দ্রিকা স্বরূপা এবং আমার

প্রাণপ্রেষ্ঠ সখী নিকায় কুমুদো ল্লাসোল্লসচ্চন্দ্রিকা
মৎপ্রাণোরু শিখণ্ডি-বাস-বড়ভী সেয়ং স্বয়ং রাধিকা ॥ ২১॥

ততো গোবিন্দ মালোক্য গোবর্দ্ধন-শিরোমণিম্ ।
স্মিত্বা চারু চলাপাঙ্গী তুঙ্গবিদ্যেদমব্রবীৎ ॥২২॥

*যঃ কল্কনৈ র্দধিঘটং প্রকটং বিলুণ্ঠ্য
নীত্বা প্রগাঢ় তমসা মিলিতোঽতিতৃষ্ণঃ ।

---

গর্ভান্তঃ ( জঠরম্ ) এব খনিঃ তস্যাঃ 'উদ্ভূতানাং' রত্নানাং কান্তীনাং লহরী ( তরঙ্গঃ ) তৎস্বরূপা—শ্রীদামস্য পুণ্যা ( মনোহরা ) অনুজা—প্রাণেভ্যোঽপি প্রেষ্ঠাঃ ( প্রিয়তমাঃ ) যাঃ সখ্যঃ তাসাং যো নিকায়ঃ ( সমূহঃ ) স এব কুমুদানি তেষাম্ উল্লাসে ( প্রকাশবিষয়ে ) উল্লসন্তী ( দেদীপ্যমানা ) যা চন্দ্রিকা ( জ্যোৎস্না ) তৎস্বরূপা, ইত্যর্থঃ। এবং মম প্রাণাঃ এব উরবঃ ( মহান্তঃ ) শিখণ্ডিনঃ ( ময়ূরাঃ ) তেষাং বাসবড়ভী ( বাসোপযোগী বক্রকাষ্টবিশেষঃ) তৎস্বরূপা ইতি ভাবঃ। অত্র মালারূপকালঙ্কারঃ ॥ ২১ ॥

ততঃ গোবর্দ্ধনশিরোমণিং (গোবর্দ্ধনপর্ব্বতস্যোপরি মণিবদ্দেদীপ্যমানং) গোবিন্দম্ আলোক্য চলং ( চঞ্চলায়মানং ) অপাঙ্গং ( কটাক্ষং ) যস্যাঃ সা তুঙ্গবিদ্যা চারু ( মনোহরং যথা স্যাত্তথা ) স্মিত্বা ইদম্ অব্রবীৎ ॥২২॥

হে রাধে ! যঃ অতিতৃষ্ণঃ ( অতিরসপিপাসুঃ ) কল্কনৈঃ ( কলহৈঃ ) দধিঘটং প্রকটং (প্রকাশ্যভাবেন) বিলুণ্ঠ্য নীত্বা প্রগাঢ়তমসা ( ঘনান্ধকারে)

---

প্রাণরূপ মহাময়ুরের বাস-বড়ভী ( বাসস্থান—বক্রকাষ্ঠ বিশেষ ) স্বরূপিণী —স্বয়ং শ্রীরাধাই বটেন ॥২১॥

তৎপরে গোবর্দ্ধনের শিরোমণিরূপে বিরাজিত গোবিন্দকে দর্শন করিয়া চঞ্চল-কটাক্ষ-বিস্তারিণী তুঙ্গবিদ্যা মনোহর হাস্য সহকারে বলিলেন—॥২২॥

হে রাধে ! কলহ করিয়া দধিঘট প্রকাশ্যভাবে লুণ্ঠন

---

* যঃ কল্লিমে···

সোঽয়ং গিরীন্দ্র-শিখরং স্ফুট মারুরোহ
রাধে ! তব প্রিয়সখো মহিলৈকচৌরঃ ॥২৩॥

মূর্ত্তিং নির্জ্জিতনূত্ন-নীরদবলদ্ গর্ব্বোন্নতিং কৈশবীং
স্ফূর্জদ্ গোপ*বধূ ধ্বনদ্ধৃতি-চমূ-ধ্বংসে স্মরোদ্যদ্গদাম্ ।
বিভ্রাজদ্ গিরিবর্য্যসুন্দর শিরঃপট্টে স্ফুরন্তীং মনাগ্
ভঙ্গ্যালিঙ্গ্য দৃশা প্রিয়ালিবলিতা রাধাপ্যধীরাঽব্রবীৎ† ॥২৪॥

---

মিলিতঃ [অন্তর্হিতঃ], সঃ অয়ং তব প্রিয়সখঃ [ প্রিয়সুহৃৎ ] মহিলানামেব একঃ [ কেবলঃ ] চৌরঃ গিরীন্দ্রশিখরং স্ফুটং যথা স্যাত্তথা আরুরোহ। তথাবিধং ত্বৎকান্তং মহাতস্করমতি রসপিপাসুং ঝটিতি ত্বৎসবিধমাগমিষ্যন্তং পশ্যেতি তস্যাঃ উদ্দীপনায় আশ্বাসনায় চ পূর্ব্ববৃত্তাং রতিলীলাং স্মারয়তি ॥ ২৩ ॥

নূত্নস্য [ নবীনস্য নীরদস্য [ মেঘস্য ] যো বলন্ [ বৃদ্ধিং গচ্ছন্ ] গর্ব্বঃ তস্য উন্নতিঃ [ সর্ব্বোপরিতনী অবস্থা ] নির্জিতা [ পরাজিতা ] যেন তাং--স্ফূর্জন্ত্যঃ [ অহঙ্কৃতাঃ ] যা গোপবধ্বঃ তাসাং ধ্বনন্তী [ শব্দায়মানা ] যা ধৃতিরেব চমূঃ [ সেনা ] [ পাঠান্তরে-উচ্ছলন্তী চাঞ্চল্য-মানা যা ধৃতিঃ সৈব চমূঃ ] তস্যাঃ ধ্বংসে [ নাশবিষয়ে ] স্মরস্য

---

করতঃ লইয়া গিয়া অতিতৃষ্ণাশীল যিনি নিবিড় অন্ধকারে মিলিত (অন্তর্হিত) হইয়াছিলেন—সেই তোমারি প্রিয়-সখা মহিলৈক চৌর ( স্ত্রীজন-চৌর ) গিরিরাজের শিখর দেশে ঐ আরোহণ করিয়াছেন—দেখ ॥২৩॥

নূতন মেঘের বৃদ্ধিশীল অহঙ্কার রাশিকে জয় করিয়াছেন ( নবনীরদ-বর্ণজয়ী ), অহঙ্কৃতা গোপবধূদিগের অতিচঞ্চল ধৈর্য্যরূপ সেনাবিনাশে কামের উত্তোলিত গদা স্বরূপ, মনোরম গিরিরাজের সুন্দর শিরোদেশে বিরাজমান সেই কেশবী মূর্ত্তিকে ( প্রশস্ত চিকুরবান্ শ্রীকৃষ্ণকে ) নয়ন ভঙ্গীতে আলিঙ্গন করিয়া

---

* 'বধূচ্ছলদ্ধৃতি··· † রাধাস্ত্বধীরা...

কিং নব্যাম্বুদ এষ ভব্যবদনাঃ ! কিং নীল-রত্নাঙ্কুরঃ
কিং নীলোৎপল-নব্যমূর্ত্তিরপি কিং কস্তূরিকা-বিভ্রমঃ।
আ স্তেষ্বেষ ন কোঽপি হন্ত যদয়ং ন স্তাপয়ে ন্নির্ভরং
তস্মাদ্ গোকুলচন্দ্র এব ভবিতা শ্যামোঽদ্ভুতঃ ক্ষ্মাধরে ॥২৫॥

*বিজিতভগণ-দীব্যৎ পূর্ণশুভ্রাংশু-শোভঃ
সখিনিকর-বৃতশ্রী র্নাপি কৃষ্ণেন্দু রেষঃ।

---

[ কামস্য ] উদ্যন্তী [ উৎক্ষিপ্তা ] যা গদা তৎস্বরূপাং—তথা বিভ্রাজন্ [ জাজ্বল্যমানঃ ] যো গিরিবর্য্যঃ তস্য যঃ সুন্দরঃ শির পট্টঃ তস্মিন্ স্ফুরন্তীং [ দেদীপ্যমানাং ] কৈশবীং [ কেশবস্য—প্রশস্ত-চিকুরবতঃ ইত্যর্থঃ। "কেশোঽর্ণোভ্যাং ব" ইতি সূত্রাৎ প্রাশস্ত্যে মত্বর্থীয় 'ব' বিধানাৎ। ] মূর্ত্তিং [ শ্রীবিগ্রহং ] দৃশা [ একেন নয়নেন ] ভঙ্গ্যা [ তত্রাপি ভঙ্গীক্রমেণ ] মনাক্ [ ঈষৎ ] আলিঙ্গ্য [ আলিঙ্গনং কৃত্বা ] প্রিয়াভিঃ আলিভিঃ বলিতা [ বেষ্টিতা ] রাধাঽপি অধীরা সতী অব্রবীৎ [ উৎপ্রেক্ষাঞ্চক্রে ] ॥ ২৪ ॥

হে ভব্য-বদনাঃ [ পরমসুন্দর্য্যঃ সখ্যঃ ইতিভাবঃ ] এষঃ নব্যাম্বুদঃ [ নবীনজলধরঃ ] কিং ? নীলরত্নস্য [ ইন্দ্রনীলমণেঃ ] অঙ্কুরঃ [প্ররোহঃ]

---

**তখন** প্রিয়সখী সমূহ বেষ্টিতা অধীরা রাধাও বলিতে লাগিলেন, "হে ভব্যবদনা সখীগণ ! ইনি কি নবীন মেঘই হইবেন ? অথবা ইন্দ্রনীলমণির অঙ্কুরই বা কি ? নীলপদ্মের নব্য মূর্ত্তিই কি অথবা কস্তূরিকার বিভ্রম ( মোহন শৃঙ্গার বিশেষই ) কি হইবেন ? হায় ! তাহাদিগের মধ্যে ইনি ত কোনটীই নহেন ! যেহেতু, ইনি যে আমাদিগকে যথেষ্ট তাপ দিতেছেন—তবে বোধ হয় অদ্ভুত শ্যামল গোকুল-চন্দ্রমাই এই গিরিরাজে উদয় লাভ করিয়াছেন !! ২৪—২৫ ॥

"ওহে ! নক্ষত্র মালা কর্ত্তৃক উদ্দীপিত পূর্ণচন্দ্রের শোভা-

---

* ভগণদৃপ্যৎ...

অয়ি ! পিক-মধু-ভৃঙ্গস্মেরমাকন্দযুক্তঃ
স্মরনৃপতি রুপেতঃ স্বেন* বঃ সন্ধি-হেতোঃ ॥২৬॥
সোঽয়ং গোষ্ঠমহেন্দ্র-পট্টমহিষী বাৎসল্য-লীলাকৃতিঃ
সোঽয়ং গোপ-মহেন্দ্রপুণ্য-বিটপি প্রৌঢ়া মৃতোদ্যৎ ফলম্।
সোঽয়ং প্রাণ-বয়স্য-জীবিতঘটা রক্ষৈকদক্ষৌষধং
সোঽয়ং ধেনুকমর্দ্দি জীবিত ঝষ-স্ফারাম্বুধি র্মাধবঃ ॥২৭॥

---

কিং ? নীলোৎপলস্য নব্যা মূর্ত্তিঃ অপি কিং ? কিংবা কস্তূরিকায়াঃ [ মৃগমদস্য ] বিভ্রমঃ [ শৃঙ্গারোপযুক্তবিলাস-বিশেষঃ ] কিং ? আঃ ! [ পীড়ায়াং ] তেষু [ অম্বুদ-নীলরত্ন-নীলোৎপল-কস্তূরিকাসু মধ্যে ] এষ কোঽপি ন ভবেৎ, যৎ [ যস্মাৎ ] হন্ত ! [ খেদে ] অয়ং নঃ [ অস্মান্ ] নির্ভরং [ সাতিশয়ং ] তাপয়েৎ ; তস্মাৎ ক্ষ্মাধরে ( পর্ব্বতে ] অয়ং অদ্ভুতঃ শ্যামঃ গোকুলচন্দ্র এব ভবিতা। অত্র শ্যামলবর্ণসাম্যেঽপি প্রোক্ত-সর্ব্ববস্তু-বিলক্ষণ-তাপদায়কত্বাদদ্ভুতত্বমিতি ব্যঞ্জিতম্ ॥ ২৫ ॥

অপি চ এষঃ বিজিতা ভগণেন [ নক্ষত্রমালয়া ] দীব্যতঃ [ দীপ্তিমতঃ ] [ দৃপ্যৎপাঠে --গর্ব্বিতস্য ] পূর্ণশুভ্রাংশোঃ [ পূর্ণচন্দ্রস্য ] শোভা যেন সঃ তথা সখিনিকরৈঃ বৃতা [ বেষ্টিতা ] ['ধৃত' পাঠে – ধৃতা [ পরিপুষ্টা ] শ্রীঃ [ সৌন্দর্য্যং ] যস্য সঃ ন স্যাদিতি শেষঃ। অয়ি ! পিকশ্চ মধুশ্চ [ বসন্তঃ ] মধু ( পুষ্পরসঃ ] বা, ভৃঙ্গশ্চ স্মেরঃ [ হাস্যযুক্তঃ, প্রস্ফুটিত ইতি যাবৎ ) মাকন্দঃ ( সহকারঃ ) চ—তৈ র্যুক্তঃ স্মরনৃপতিঃ ( মদনরাজঃ ) স্বেন ( আত্মনা—স্বয়মেব ) [ তেন' পাঠে তস্মাদ্ধেতোঃ ইত্যর্থঃ ] সন্ধিহেতোঃ ( মিলনায় ) বঃ [ যুষ্মান্ ] উপেতঃ ( সান্নিধ্যমাগতঃ ) ॥২৬॥

সঃ অয়ং মাধবঃ—গোষ্ঠমহেন্দ্রস্য ( শ্রীমন্নন্দ মহারাজস্য ) যা পট্টমহিষী

---

বিজয়ী সখাসমূহ কর্ত্তৃক বর্দ্ধিত-সৌন্দর্য্য ইনি কৃষ্ণচন্দ্র ও নহেন ; তবে বোধ হয়, কোকিল, মধু [পুষ্পরস, বসন্ত] ভ্রমর, প্রস্ফুটিত সহকার [ আম্র ] প্রভৃতি যুক্ত মন্মথরাজ তোমাদের সহিত সন্ধি [ সঙ্গম ] করিবার জন্য স্বয়ংই আসিয়াছেন !! ॥ ২৬ ॥

ইনি গোপেন্দ্র-পট্টমহিষী শ্রীযশোদার বাৎসল্যলীলা-রস

---

* 'স্তেন বঃ'

নিরূপ্যৈবং শশ্বদ্ গিরিধর মুরু প্রেমনিবহৈ
স্তদা সাস্র স্বেদ-স্নপিতশুভ-বর্ষ্মা স্মরবশা।
মুহুঃ কম্পাঘাতস্খলদচলদীব্যদ্ ঘৃত-ঘটীং
দধারার্ত্ত্যা শক্ত্যা সখি! কর-সরোজেন সুদতী ॥২৮॥

(যশোদা) তস্যাঃ বাৎসল্যলীলায়াঃ আকৃতিঃ (মূর্ত্তিঃ) তৎস্বরূপঃ ইত্যর্থঃ। সঃ অয়ং—গোপমহেন্দ্রস্য পুণ্যবিটপিনাং প্রৌঢ়ং (অত্যুৎকৃষ্টং পরিপুষ্টমিতি যাবৎ) অমৃতোত্তৎ (অমৃতময়ং) চ যৎ ফলং তৎস্বরূপঃ। সঃ অয়ং প্রাণবয়স্যানাং রক্ষায়াম্ একং (মুখ্যং) দক্ষং (অত্যুপযোগি) ঔষধং—তৎস্বরূপঃ। তথা সং অয়ং ধেনুক-মর্দ্দিনঃ (বলদেবস্য) জীবিতরূপ-ঝষাণাং (প্রাণরূপী মৎস্যানাং) স্ফারঃ (বিস্তীর্ণঃ) অম্বুধিঃ (সাগরঃ) তৎস্বরূপঃ এব ॥ ২৭ ॥

হে সখি! এবং উরূণাং (বিশালানাং) প্রেম্নাং নিবহৈঃ গিরিধরং শশ্বৎ (অবিচ্ছিন্নং যথা স্যাত্তথা) নিরীক্ষ্য (দৃষ্ট্বা) তদা স্মরবশা সা অস্রভিঃ (অশ্রুভিঃ) স্বেদৈশ্চ স্নপিতং (আর্দ্রীকৃতং) শুভং বর্ষ্ম (দেহঃ) যস্যাঃ সা—সুদতী রাধা মুহুঃ কম্পাঘাতৈঃ স্খলন্তী যা অচলা চাসৌ দীব্যন্তী (দ্যোতমানা) চ ঘৃতঘটী তাম্ আর্ত্ত্যা (আর্ত্তিভরেণ) শক্ত্যা (অধিকতর বল প্রয়োগেণ) চ করসরোজেণ দধার ॥ ২৮ ॥

ঘন-মূর্ত্তিস্বরূপ, ইনি গোপরাজের পুণ্যরূপ বৃক্ষের সুপক্ক অমৃত-স্রাবী ফলস্বরূপ—ইনি প্রাণবয়স্যদিগের প্রাণচয়ের রক্ষার একমাত্র মহৌষধ-স্বরূপ—ইনিই ধেনুক-মর্দ্দনকারী বলদেবের জীবনরূপ মৎস্যের বিস্তৃত সাগর-সদৃশ—মাধব" ॥ ২৭ ॥

এইভাবে পুনঃ পুনঃ গিরিধারীকে দর্শন করিয়া কাম-বশীভূতা শ্রীরাধা মহাপ্রেমরাশি বশতঃ নিরন্তর অশ্রুপাত ও ঘর্ম্মভরে স্বীয় সুশোভন দেহ স্নাত করাইলেন। হে সখি! তখন তাঁহার মুহুর্মুহু কম্পাঘাত হওয়াতে [ স্বীয় মস্তকস্থিত ] অচল সুন্দর ঘৃতঘটী ও স্খলিত হইতে লাগিল; কাজেই সেই সুদতী শ্রীরাধা তখন করকমল দ্বারা ঐ ঘটী আর্ত্তি বশতঃ জোরে ধরিলেন ॥২৮॥

নেপথ্যালীং ললিত-ললিতাং দানিবর্য্যোচিতাং তাং
ধৃত্বা সন্তং ধ্বনিতমুরলীপত্রশৃঙ্গাদি-জুষ্টম্ ।
ঘট্টীপালৈঃ কলিত-লকুটৈ র্বেষ্টিতং মিত্র-বৃন্দৈঃ
পশ্যন্ত্যস্তাঃ স্মিত-বলিতয়া হেলয়া চারু চেলুঃ ।২৯॥
মত্তা স্তা মধুরৈ র্ভাবৈ র্মধুরা মধুমঙ্গলঃ ।
দৃষ্ট্বা স্মিত্বাহথ সক্রোধমুবাচ মধুমর্দ্দনম্ ॥৩০॥

---

তাং দানিবর্য্যস্য উচিতাং ( উপযোগিনীং ) ললিতললিতাং ( অতি সুমধুরাং—ললিতানামপি লালিত্যবিধায়িনীমিতি যাবৎ ) নেপথ্যানাং ( শৃঙ্গারাণাং ) আলীং ( সমূহং ) ধৃত্বা সন্তং ( অবতিষ্ঠমানং )—ধ্বনিতৈঃ মুরলী-পত্র-শৃঙ্গাদিভিশ্চ জুষ্টং ( সেবিতং, শোভিতমিতি বা )—তথা কলিত-লকুটৈঃ ( যষ্টিধারিভিঃ ) ঘট্টীপালৈঃ মিত্রবৃন্দৈঃ বেষ্টিতং তং পশ্যন্ত্যঃ তা গোপ্যঃ স্মিতবলিতয়া ( সস্মিতং ) হেলয়া ( গর্ব্বেণ, অবহেলয়া ) [ যদ্বা শৃঙ্গারসূচকহাবেন, যথোক্তমুজ্জ্বলে—"গ্রীবারেচক-সংযুক্তো ভ্রূনেত্রাদি-বিকাশকৃৎ। ভাবাদীষৎ প্রকাশো যঃ স হাব ইতি কথ্যতে। হাব এব ভবেদ্ধেলা ব্যক্তঃ শৃঙ্গার-সূচকঃ॥" ] চারু ( মনোরমং ) চেলুঃ ( চলিতঃ-বত্যঃ ) ॥ ২৯ ॥

অথ মধুরৈঃ ভাবৈঃ তা গোপ্যঃ মত্তাঃ মধুরাঃ ( সুন্দরাকৃতিবিশিষ্টাঃ

---

শ্রীশ্যামসুন্দর অতি সুললিত দানি-শিরোমণির উপযুক্ত শৃঙ্গারাদি ধারণ করিলেন—শব্দায়মান মুরলী-পত্রশৃঙ্গাদি দ্বারা পরিশোভিত হইলেন, এবং যষ্ঠিধারী ঘট্টীপাল মিত্রবৃন্দ কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া অবস্থান করিতে থাকিলে তখন তাঁহাকে দর্শন করিতে করিতে তাঁহারা মৃদুহাস্য সহকারে অবহেলা করিয়া বা হেলা [ স্পষ্ট শৃঙ্গার সূচক হাব অর্থাৎ গ্রীবার তীর্য্যক্‌করণ ও মুখনেত্রাদির বিকাশকারী অনুভাব বিশেষ ] নামক অলঙ্কার প্রকাশ করিয়া সুন্দর ভাবে চলিতে লাগিলেন ॥২৯॥

মধুর ভাবে মত্তা ও সুন্দরাকৃতি তাঁহাদিগকে দেখিয়া মধু

গর্ব্বেণ ফুল্লমধুনা মধুনাঽতিমত্তা
মত্তালিভিঃ সমমমন্দবলাঽবলাঽপি।
গচ্ছত্যসৌ স্ফুট মদত্ত-করা হি রাধা
বাধাঃ কথং ন হি বয়স্য ! বলাৎ করোষি ॥৩১॥

হরিং জেতুং শক্তাং মদন-নৃপতেঃ শক্তি মতুলাং
ভ্রমদ্‌ঘণ্টীধ্বানাং গতি-বিলসিতৈ স্তাং স কলয়ন্।

---

চ দৃষ্ট্বা মধুমঙ্গলঃ স্মিত্বা সক্রোধং মধুমর্দ্দনং ( শ্রীকৃষ্ণং ) উবাচ। মধু 'পুষ্পরসং' মর্দ্দয়তীতি মধুমর্দ্দনশব্দস্য ব্যুৎপত্ত্যা শ্রীরাধিকা-মুখপদ্ম-মধু-মত্ত রসিক-ভ্রমরত্বেন তস্যোপন্যাসঃ, তেন চ মর্দ্দনশব্দ-সাহচর্য্যাত্তদধরপানে বলাৎকারোঽপি ধ্বনিতঃ ॥ ৩০ ॥

হে বয়স্য ! অধুনা গর্ব্বেণ ফুল্লং যথা স্যাত্তথা—মধুনা (যৌবনরসেন) চ অসৌ রাধা মত্তালিভিঃ ( প্রমত্ত-সখীভিঃ ) সমং ( সহ ) অবলা ( নারী ) অপি অমন্দবলা ( বেগাতিশয়েন ) অদত্তকরা (করমদত্ত্বৈব) স্ফুটং গচ্ছতি। কথং হি ত্বং বলাৎ বাধাঃ ন করোষি ? ৩১ ॥

স এষঃ ( শ্রীকৃষ্ণঃ ) হরিং ( সিংহং, পক্ষে স্বং ) জেতুং শক্তাং ( সমর্থাং ) মদননৃপতেঃ অতুলাং ( অনুপমাং ) শক্তিং ( শক্তিস্বরূপাং ) গতিবিলসিতৈঃ ( গতিবিলাসৈঃ ) ভ্রমন্ ঘণ্টীধ্বানঃ যস্যাঃ তাং রাধাং

---

মঙ্গল হাস্য করিয়া ক্রোধের সহিত মধুমর্দ্দন [ শ্রীকৃষ্ণকে ] বলিলেন—"হে বয়স্য ! মধুভরে অতি মত্তা [ প্রস্ফুটিত-যৌবনা ] এই রাধা এক্ষণে প্রফুল্ল মনে গর্ব্বিত-চিত্তে [ রূপ-যৌবন ] মত্ত সখীগণ সমভিব্যাহারে কর না দিয়াই অবলা [ বলহীনা, নারী ] হইয়াও অমন্দ-বলা [ বেগের সহিত ] প্রকাশ্যভাবেই যাইতেছেন —তবে কেন তাঁহাকে বলপূর্ব্বক বাধা দিতেছ না ?" ৩০।৩১॥

গতিবিলাসের দ্বারা মেখলা-দাম নিবদ্ধ ইতস্ততঃ সঞ্চাল্যমান ক্ষুদ্র ঘণ্টী [ কিঙ্কিণী ] সমূহের ধ্বনি উত্থিত হইয়া মদনরাজের

উদঞ্চন্মারোদ্যদ্ ভ্রম বিকৃতিমাগুণ্ঠ্য কপটান্
মৃষা রোষাদেষ স্ফুট মিদমবাদীৎ সহচরান্ ॥৩২॥

সত্যং ব্রবীতি মধুমঙ্গল এষ ধূর্ত্তা
দানং নিপাত্য মম যান্তি মদোরুগর্ব্বাঃ।
পশ্যাস্থ দর্প মধুনা মম মিত্রবর্গ !
গৃহ্লামি দান মচিরাদহমেক এব ॥৩৩॥

---

কলয়ন্ ( পশ্যন্ ) উদঞ্চন্ ( অতিবৃদ্ধিং গচ্ছন্ ) যো মারঃ ( কন্দর্পঃ ) তেন উদ্যন্ ( উদয়ন্ ) যো ভ্রমঃ তস্য বিকৃতিং ( ভ্রমোত্থবিকারজাতং ) কপটাৎ ( ব্যাজেন ) আগুণ্ঠ্য ( আবৃত্য ) মৃষা রোষাৎ ( কপটক্রোধেন ) সহচরান্ স্ফুটং যথা স্যাত্তথা ইদম্ অবাদীৎ ( অব্রবীৎ ) ॥ ৩২ ॥

এষ মধুমঙ্গলঃ সত্যং ব্রবীতি—ধূর্ত্তাঃ তথা মদেন ( সৌভাগ্য-যৌবনাস্থ বলেপজ-বিকারেণ ) উরুঃ (বিপুলঃ) গর্ব্বো যাসাং তাঃ 'গোপ্যঃ' মম দানং নিপাত্য ( বিনাশ্য ) যান্তি। হে মিত্রবর্গ ! অস্থ অধুনা মম দর্পং পশ্য। অহম্ একঃ ( একাকী ) এব অচিরাদেব দানং গৃহ্লামি ॥ ৩৩ ॥

---

অতুলনীয় শক্তি-স্বরূপা শ্রীরাধার জয় ঘোষণা করিতেছে ; [ সিংহবীর্য্য ] শ্রীহরি যখন দেখিলেন যে ঐ ধ্বনিরূপ [ মদন-রাজের অনুপম ] শক্তিতে তাঁহার পরাজয় অনিবার্য্য, তখন তিনি উত্তরোত্তর বৃদ্ধিশীল কামময় ভ্রমবিকারাদি চেষ্টাসমূহ অবহিত্থাক্রমে গোপন করিলেন এবং মিথ্যা রোষভরেই যেন সহচরদিগকে স্পষ্ট করিয়া বলিতেছেন—॥৩২॥

"এই মধুমঙ্গল সত্যই বলিয়াছে, এই ধূর্ত্তা রমণীগণ মদভরে নিরতিশয় অভিমানিনী হইয়া আমার দান বিনাশ করিয়া যাইতেছে ! হে মিত্রবর্গ ! এক্ষণে তোমরা আমারও গর্ব্ব নিরীক্ষণ কর—আমিই একাকী অবিলম্বে সকলেরই দান গ্রহণ করিতেছি ॥৩৩॥

শৃঙ্গাণি বাদয়ত ভো মুরলী স্তথালীঃ
সংরক্ষত স্ফুটমিত স্তত এব যান্তীঃ।
রাধামহং কুটিল-যৌবত-বর্য্য নাথাং
রুদ্ধাং করোমি সহসা ভুজয়ো র্যুগেন ॥৩৪॥

ঘট্টীপাল-সহস্র-বর্য্য সুবল! ত্বং তাং বিশাখাং হঠাদ্
ঘট্টীকুট্টিমপট্টরক্ষক সখে! চিত্রাং ত্বমত্রোজ্জ্বল!
সভ্যশ্রেষ্ঠ বসন্ত! চম্পকলতাং ত্বং তুঙ্গবিদ্যাং তথা
বর্ত্মপ্রেক্ষক-লক্ষদক্ষ ললিতাং ত্বং কোকিলাবেষ্টয় ॥৩৫॥

---

ভোঃ! 'যূয়ং' শৃঙ্গাণি মুরলীঃ চ বাদয়ত। তথা স্ফুটং যথা স্যাত্তথা ইতস্ততঃ যান্তীঃ আলীঃ (সখ্যঃ) সংরক্ষত (অবরোধং কুরুত)। অহং ভুজয়োঃ যুগেন কুটিলযৌবত-বর্য্যনাথাং রাধাং সহসা রুদ্ধাং করোমি ॥ ৩৪ ॥

হে ঘট্টীপালসহস্রাণাং বর্য্য সুবল! ত্বং হঠাৎ তাং বিশাখাম্ আবেষ্টয়; হে ঘট্টী-কুট্টিমপট্টরক্ষক সখে উজ্জ্বল! ত্বং তাং চিত্রাং (আবেষ্টয়); হে সভ্যশ্রেষ্ঠ বসন্ত! ত্বং তাং চম্পকলতাং তথা তুঙ্গবিদ্যাং (আবেষ্টয়); হে বর্ত্মপ্রেক্ষকাণাং (পথ-পরিদর্শকানাং) লক্ষাৎ 'অপি' দক্ষ কোকিল! ত্বং তাং ললিতামাবেষ্টয় ॥ ৩৫ ॥

---

"তোমরা কেহ কেহ শিঙ্গা ও মুরলী বাজাও, এবং কেহ কেহ ইতস্ততঃ পলায়নকারিণী সখীগণকে অবরোধ কর। আর আমি স্বয়ং কুটিল-যৌবত-বর্য্যনাথা [কুটিল যৌবন-বর-স্বামিনী] শ্রীরাধাকে এই ভুজ-যুগলেই অবরোধ করিতেছি "হে ঘট্টীপালসহস্র-শ্রেষ্ঠ সুবল! তুমি ঐ বিশাখাকে হঠাৎ রুদ্ধ কর; দান ঘাটের মণিময় ভিত্তি রক্ষক সখা উজ্জ্বল! তুমি ঐ চিত্রাকে ধর; হে সভ্যশ্রেষ্ঠ বসন্ত! তুমি ঐ চম্পকলতা ও তুঙ্গবিদ্যাকে এবং হে লক্ষ লক্ষ পথ পরিদর্শকগণ হইতেও সুদক্ষ কোকিল! তুমি ললিতাকে বেষ্টন কর ॥৩৪—৩৫॥

স্মেরৈ রেতৈঃ সপদি পরিতো বেষ্ট্যমানাভি রাভি
র্বাগাটোপৈঃ প্রিয়সখকুলেষ্বাশু সংস্তম্ভিতেষু।
রঙ্গৈ র্ভঙ্গ্যা কুটিল-বচসাং রাধয়া সংস্তুতোঽসৌ
কৃষ্ণঃ কোপাদিব সখি! তদা গর্ব্বিতাং তামবাদীৎ॥৩৬॥

নিত্যং গর্ব্বিণি! বন্যবর্ত্মনি মিষাৎ সঙ্গোপ্য গব্যাদিকং
বিক্রীণাসি শঠে! ত্বমত্র পতিতা ভাগ্যেন হস্তেঽদ্য মে।

---

হে সখি! সপদি (তৎক্ষণাদেব) এতৈঃ স্মেরৈঃ (হাস্যযুক্তৈঃ) সহচরৈঃ পরিতঃ (সমন্তাৎ) বেষ্ট্যমানাভিঃ (পরিবৃতাভিঃ) আভিঃ গোপীভিঃ বাচাম্ আটোপৈঃ (বাক্‌সংরম্ভৈঃ) প্রিয়সখানাং কুলেষু আশু (ঝটিতি) সংস্তম্ভিতেষু 'সৎসু' রাধয়া রঙ্গৈঃ (কৌতুকৈঃ) কুটিল-বচসাং (বক্রোক্তীণাং) ভঙ্গ্যা চ অসৌ কৃষ্ণঃ সংস্তুতঃ (প্রশংসিতঃ) 'সন্' তদা কোপাৎ ইব তাম্ গর্ব্বিতাং রাধাম্ অবাদীৎ॥ ৩৬॥

হে গর্ব্বিণি! নিত্যং বন্যবর্ত্মনি (বনপথে) গব্যাদিকং মিষাৎ (ছলেন) সংগোপ্য ত্বং বিক্রীণাসি। হে শঠে! অদ্য অত্র মে (মম) হস্তে ত্বং ভাগ্যেন পতিতা। অতঃ ত্বাং বদ্ধ্বা উরু-মনোজরাজ-পুরতঃ

---

হে সখি! সেই সহচরগণ হাস্য করিতে করিতে চতুর্দ্দিক হইতে সহচরীগণকে বেষ্টন করিলে তখন ইঁহারা বাগাড়ম্বর সহকারে প্রিয়সখাগণকে শীঘ্রই স্তব্ধ করিয়া ফেলিলেন। কুটিল [বক্র] বাক্য-জালের রঙ্গ ভঙ্গিতে শ্রীরাধা কর্ত্তৃক সংস্তুত হইয়া এই শ্রীকৃষ্ণ কোপ করিয়াই যেন তখন গর্ব্বিতা শ্রীরাধাকে বলিতে লাগিলেন—॥৩৬॥

"হে গর্ব্বিণি! বন পথে ছলক্রমে গব্যাদি গোপন করিয়া নিত্যই বিক্রয় করিয়া থাক! হে শঠে! অদ্য ভাগ্যক্রমে তুমি এইস্থানে আমার হস্তে পতিতা হইয়াছ। অতএব তোমাকে বন্ধন করিয়া অবশ্যই আমি [মহা] মন্মথরাজ গোচরে এইরূপ ভাবে লইয়া উপস্থাপিত করিব, যাহাতে তিনি

*ত্বাং বদ্ধোরুমনোজরাজ-পুরতো নেষ্যাম্যবশ্যং তথা
প্রীত্যা যচ্ছতি মহ্যমেব স যথা তারুণ্যরত্নাণি বঃ ॥৩৭॥

আ স্ত্বদ্‌বিধানপ্যবলাগণান্ কিং
নেষ্যামি তস্যোরুনৃপস্য পার্শ্বে ?
দাস্যামি শিক্ষা মহমেব সাক্ষা-
ত্তদদ্বিতীয়ো ব্রজপত্তনেঽস্মিন্ ॥৩৮॥

বধ্নামি তূর্ণমনয়া বনমালয়া ত্বাং
মথ্নামি হন্ত ! দশনচ্ছদ মত্র দন্তৈঃ ।

---

( মহামন্মথ-রাজস্য সম্মুখং ) অবশ্যং তথা নেষ্যামি, যথা স মহ্যমেব বঃ ( যুষ্মাকং ) তারুণ্য-রত্নানি প্রীত্যা যচ্ছতি ॥ ৩৭ ॥

আঃ ( কোপে ) ত্বদ্‌বিধান্ ( যুষ্মাদৃশান্ ) অবলাগণান্ অপি কিং তস্য উরুনৃপস্য ( মহামন্মথ-রাজস্য ) পার্শ্বে নেষ্যামি ? নৈবিতি ভাবঃ । তৎ ( তস্মাৎ ) অস্মিন্ ব্রজপত্তনে ( ব্রজমণ্ডলে ) অদ্বিতীয়ঃ ( অপ্রতিদ্বন্দ্বী ) অহমেব সাক্ষাৎ শিক্ষাং দাস্যামি ॥ ৩৮ ॥

[ শিক্ষা প্রকারং সূচয়তি ] হে চৌরিকে ! চেৎ ( যদি ) ত্বং ঝটিতি দানং ন যচ্ছসি, 'তদা' ত্বাম্ অনয়া বনমালয়া তূর্ণং ( ত্বরিতং ) বধ্নামি ;

---

তোমাদের তারুণ্য [ যৌবন ] রত্ন-সমূহ আমাকেই প্রীতির সহিত সমর্পণ করেন ॥৩৭॥

"আঃ ! তোমাদের ন্যায় অবলাগণকেও কি সেই মদন-মহারাজের পার্শ্বে লইয়া যাইব ? এই ব্রজমণ্ডলে আমিই অদ্বিতীয় [ মদন ], অতএব স্বয়ংই তোমাদিগকে শিক্ষা দিব ।

"হে চৌরিকে ! যদি মদীয় দান শীঘ্রই আদায় না কর, তবে তোমাকে এই বনমালা দ্বারা এক্ষণই বন্ধন করিতেছি ; এই দন্তরাজিদ্বারা এই তোমার অধর মন্থন [ দংশন]

---

* "ত্বাং বদ্ধা নু মনোজরাজপুরতো"

সন্দারয়ামি কুচয়ো র্যুগলং নখাস্ত্রৈ
দানং ন চেজ্ঝটিতি যচ্ছসি চৌরিকে ! ত্বম্ ॥৩৯॥

ইত্থং প্রজল্প-রভসাত্তরসা তদীয়-
রক্তাম্বরাঞ্চল মনল্পকচঞ্চলেঽস্মিন্ ।
ধর্ত্তুং সমিচ্ছতি রুষা পরুষাক্ষরং তং
*চঞ্চদ্দৃগঞ্চলকলা সুকলা ললাপ ॥ ৪০ ॥

দূরেষু তিষ্ঠ ন হি মাং স্পৃশ ধৃষ্ট ধূর্ত্ত !
যান্তীং সুযাগভবনং ব্রতিনীং পবিত্রাম্ ।

---

হন্ত ! ( অধৈর্য্যে ) তব দশনচ্ছদম্ ( অধরং ) অত্র দন্তৈঃ ( মদীয় দন্তপঙ্ক্তিভিঃ ) মথ্নামি : তব কুচয়োঃ যুগলং নখাস্ত্রৈঃ সন্দারয়ামি ॥৩৯॥

ইত্থং ( অনেন প্রকারেণ ) প্রজল্পানাং ( বাক্যানাং ) রভসাৎ (কৌতুকাৎ) অস্মিন্ অনল্পক-চঞ্চলে ( সাতিশয়চঞ্চলে কৃষ্ণে ) তরসা ( দ্রুতং ) তদীয়-রক্তাম্বরস্য অঞ্চলং ( প্রান্তভাগং ) ধর্ত্তুং সমিচ্ছতি ( সম্যক্ অভিলাষবতি ) 'সতি' চঞ্চতী ( চঞ্চলায়মানা ) দৃশোঃ ( নয়নয়োঃ ) অঞ্চল কলা ( প্রান্তদেশঃ ) যস্যাঃ সা তথাভূতা সুকলা ( সুন্দরী, দানশীলা, নিখিল কলাবিদ্ বা ) রাধা রুষা ( কোপেন ) তং কৃষ্ণং পরুষাক্ষরং ( তিরস্কার-পূর্ব্বকং ) ললাপ ( উক্তবতী ) ॥ ৪০॥

---

করিতেছি ; নখরাস্ত্র দ্বারা এক্ষণই তোমার কুচযুগল বিদারণ করিতেছি" ! ৩৮—৩৯ ॥

এইভাবে বাক্য বিন্যাস করিতে করিতে অতি চঞ্চল শ্যাম সুন্দর যখন হঠাৎ তদীয় রক্তবস্ত্রাঞ্চল আকর্ষণ করিতে ইচ্ছা করিলেন, তখনই সেই কমনীয় [ চঞ্চল ] কটাক্ষ-কলা-বিস্তারিণী সুন্দরী বা সুকলা [ নিখিল কলাবিৎ ] শ্রীরাধা ক্রোধ-সহকারে কঠোর বাক্যে তাঁহাকে বলিতে লাগিলেন ॥ ৪০ ॥

---

* অঞ্চদ্দৃগঞ্চল...

স্পৃষ্টং তবাদ্য মরুতাঽপি মদীয়গব্যং
শ্যামীভবন্ন ভবিতা শুভযজ্ঞ-যোগ্যম্ ॥৪১॥

কামার্ণবোচ্ছলিত-ঘর্ম্ম-জলাভিষেকৈঃ
শুদ্ধোঽস্মি কিং ন কিল পশ্যসি দীর্ঘনেত্রে !
তস্মাত্ত্বয়া সহ মহোজ্জ্বল নাম সত্রং
কর্ত্তুং লসামি সময়া শুভ-ধর্ম্মপত্ন্যা ॥৪২॥

---

হে ধৃষ্ট ! হে ধূর্ত্ত ! দূরেষু তিষ্ঠ, মাং ব্রতিনীং পবিত্রাং স্থযাগভবনং যান্তীং চ ন স্পৃশ। অস্ত মদীয় গব্যং তব মরুতা ( বায়ুনা ) অপি স্পৃষ্টং শ্যামীভবৎ ( অপবিত্রং ) 'সৎ' শুভ-যজ্ঞযোগ্যং ন ভবিতা ॥ ৪১ ॥

[ তদা কৃষ্ণস্যোক্তিঃ ] হে দীর্ঘনেত্রে ! ( তব নেত্রস্য দীর্ঘত্বাৎ দর্শনৌচিত্যমস্তি, তথাপি ত্বং ন পশ্যসীত্যহো আশ্চর্য্যম্ ! ) কামাঃ এব অর্ণবঃ ( সমুদ্রঃ ) তস্মিন্ উচ্ছলিতানি যানি ঘর্ম্ম-জলানি ( প্রস্বেদবারীণি ) তেষাং অভিষেকৈঃ ( অভিষিঞ্চনৈঃ ) অহং শুদ্ধঃ অস্মি ইতি কিল ন পশ্যসি কিং ? অপিতু পশ্যস্যেব। তস্মাৎ সময়া ( সমান ধর্ম্ম বিশিষ্টয়া ) শুভ ধর্ম্ম-পত্ন্যা ( উপহাসোক্তিরিয়ং ) ত্বয়া সহ মহোজ্জ্বল নাম সত্রং ( যজ্ঞং ) কর্ত্তুং লসামি ( বিরাজমানোঽস্মি ) ॥ ৪২ ॥

---

"হে ধৃষ্ট ! হে ধূর্ত্ত !! দূরে থাক, [ অনেক ] দূরে থাক ; ব্রতচারিণী পবিত্রা স্থযজ্ঞভবনে গমনকারিণী আমাকে স্পর্শ করিও না। যদি তোমার গাত্র-বায়ু দ্বারাও আমার এই গব্য অস্ত স্পৃষ্ট হয়, তবে তাহা শ্যামীভূত [ অশুদ্ধ ] হইয়া গেলে আর শুভযজ্ঞ কার্য্যে ব্যবহৃত হইবে না ॥৪১॥

"হে দীর্ঘ নেত্রে ! তুমি কি দেখিতেছ না—যে আমি কাম-সমুদ্রের উদ্বেলিত ঘর্ম্মজলে অভিষিক্ত হইয়া শুদ্ধ হইয়াছি ; কাজেই সমানা [ সমান ধর্ম্মবিশিষ্টা ] শুভ ধর্ম্ম-পত্নী তোমার সহিত 'মহোজ্জ্বল' নামক যজ্ঞ সম্পাদন করিতে অভিলাষ করিয়া বিরাজিত আছি ॥"৪২॥

এতাং বয়স্য ! মৃদু হৃদ্যবচঃ-প্রবন্ধ
রঙ্গৈঃ সুরঞ্জিততরাং নিতরাং বিধায় ।
দানং গৃহাণ নিজমাশ্বিতি কোকিলোক্ত-
মাশ্রুত্য সস্মিতমনন্ত-বিচিত্রলীলঃ ॥৪৩।

সব্যং করং সুভগ-সব্য-কটৌ নিধায়া-
সব্যেন কৃষ্টপটস্পৃষ্টমুখার্দ্ধগুণ্ঠাং ।
শীর্ষ্ণি স্ফুরন্নব ঘৃতোজ্জ্বল হেম-কুম্ভাং
ভঙ্গ্যা ভ্রমৎস্মিতদৃশং স জগাদ রাধাম্ ।৪৪॥

( দ্বাভ্যামন্বয়ঃ )

---

"হে বয়স্য ! এতাং মৃদুঃ হৃদ্যশ্চ ( কমনীয়শ্চ ) যো বচঃ-প্রবন্ধঃ ( বাক্প্রয়োগঃ ) তস্য রঙ্গৈঃ ( কৌতুকৈঃ ) [ যদ্বা—হৃদি 'কৃত্বা' মৃদু যথা স্যাত্তথা অবচঃ-প্রবন্ধরঙ্গৈঃ ( বাগ্ বিহীনাশ্লেষ-কৌতুকৈঃ ) সুরঞ্জিততরাং (সুপ্রসন্নতরাং ) বিধায় নিজং দানম্ আশু গৃহাণ"—ইতি কোকিলস্য উক্তং ( বাক্যং ) আশ্রুত্য অনন্তবিচিত্রলীলা-পরায়ণঃ স সস্মিতং ( ঈষদ্ধাস্যেন ) সুভগ-সব্য-কটৌ ( সুন্দর-বামকটি দেশে ) সব্যং ( বামং ) করং নিধায় অসব্যেন ( দক্ষিণেন ) চ কৃষ্টঃ ( আকৃষ্টঃ ) যঃ পটঃ ( বস্ত্রং ) তেন স্পৃষ্টঃ মুখার্দ্ধস্য গুণ্ঠঃ ( আবরণং ) যস্যাঃ তাং—তথা শীর্ষ্ণি ( শিরোদেশে ) স্ফুরন্ নবঘৃতেন উজ্জ্বলঃ হেমকুম্ভঃ যস্যাঃ তাং, ভঙ্গ্যা ভ্রমন্তী স্মিতেন দৃক্ ( নয়নং ) যস্যাঃ তাং রাধাং স কৃষ্ণঃ জগাদ ( উক্তবান্ ) ॥ ৪৩-৪৪ ॥

---

"হে বয়স্য ! এই শ্রীরাধাকে নীরবে প্রকৃষ্টভাবে মৃদুল বন্ধন [ পরিরম্ভন ] রঙ্গে অথবা মৃদু হৃদয়গ্রাহী বাক্য-প্রয়োগ-কৌতুকে আরো সুরঞ্জিততর [ সুপ্রসন্না ] করিয়া নিজ দান শীঘ্রই গ্রহণ কর ।" কোকিলের এই বাক্য শ্রবণ করিয়া সেই অনন্ত বিচিত্র লীলাময় [ পুরুষরত্ন ] সহাস্যে সুন্দর বাম কটিতে বাম হস্ত স্থাপন করিয়া দক্ষিণ হস্ত দ্বারা শ্রীরাধার অবগুণ্ঠনবস্ত্র আকর্ষণ করিলে তদীয় মুখের অর্দ্ধাংশ অবগুণ্ঠিত হইল ; মস্তকে

ঘট্টীকুট্টিমস্পৃষ্টপট্ট-নিকটে রাধে ! ঘটীং স্থাপয়
প্রোদ্যৎ সৌরভসদ্মপদ্ম-পবনৈঃ শ্রান্তিং ক্ষণং বারয় ।
দীব্যন্নব্য সুগব্যদান বিলসল্লেখং মুহুঃ কারয়
ক্রূরস্যালি কুলস্য দানমচিরাদারাৎ স্বয়ং দাপয় ॥৪৫॥

আগচ্ছ হে লিপিপতে মধুমঙ্গলেহ
পঞ্জীং পঠন্ দৃঢ়মতিঃ কুরু সত্যলেখম্ ।
উৎকোচলোভভরতো যদি নাশয়ে ত্বং
দ্রব্যাণি মে কিল তদা ভবিতাঽসি দণ্ড্যঃ ॥৪৬।

---

হে রাধে ! ঘট্টি কুট্টিমস্পৃষ্টস্য পট্টস্য নিকটে ঘটীং স্থাপয়, প্রকর্ষেণ উদ্যৎ যৎ সৌরভং তস্য সদ্ম ( আলয়ং ) যৎ পদ্মং (জাতাবেক বচনং) তস্য পবনৈঃ ( মৃদুশীত সুগন্ধ সমীরণৈ রিত্যর্থঃ ) ক্ষণং শ্রান্তিং বারয় । মুহুঃ ( পুনঃ ) দীব্যতঃ ( উজ্জ্বলায়মানস্য ) নব্য সুগব্যস্য যৎ দানং তস্মিন্ বিলসৎ ( উপযুক্তং ) যৎ লেখং তৎ কারয় । অচিরাৎ ক্রূরস্য আলিকুলস্য দানং স্বয়ং আরাৎ (মৎসমীপমাগত্য) দাপয় ॥ ৪৫ ॥

হে লিপিপতে মধুমঙ্গল ! ইহ আগচ্ছ, ত্বং দৃঢ়মতিঃ সন্ পঞ্জীং (রাজস্ব-নিয়মাদি) পঠন্ সত্যলেখং কুরু ; যদি ত্বং উৎকোচলোভভরতঃ মে দ্রব্যাণি নাশয়েঃ, তদা কিল দণ্ড্যঃ (দণ্ডার্হঃ) ভবিতা অসি ॥ ৪৬ ॥

---

নবঘৃত-পূর্ণ-উজ্জ্বল-হেমকুম্ভবাহিনী, ভঙ্গীক্রমে ভ্রাম্যমাণ-স্মিত-নয়না শ্রীরাধাকে শ্যামসুন্দর বলিলেন—॥৪৩-৪৪॥

“হে রাধে ! এই দানঘাটীর মণিভিত্তির নিকটে ঘটী স্থাপন কর,—দিগন্তবিস্তারি সুগন্ধবাহি পদ্মবায়ু দ্বারা ক্ষণ-কালের জন্য শ্রান্তি দূর কর ; দিব্য নব্য সুগব্যের দান জন্য উপযুক্ত লেখা প্রস্তুত করাও, আর ক্রূর সখীসমূহের দান ও অবিলম্বে স্বয়ংই আমার নিকটে আসিয়া দান করাও ॥”৪৫॥

“হে লিপিপতি মধুমঙ্গল ! এখানে আস ত। পঞ্জী [ রাজস্ব নিয়মাদি-পাঠ করিয়া দৃঢ়মতি হইয়া যথার্থ লেখাই প্রস্তুত কর ;

আগচ্ছ কচ্ছমবধেহি বিধেহি লেখং
দানং নু দেহি ন হি ধেহি কলিং হি রাধে !
বীটীঞ্চ ভুঙ্ক্ষ্ব সরসং কুরু বক্ত্রবিম্বং
পুণ্যাহমাচর পুরঃ সময়ঃ শুভোঽয়ম্ ॥ ৪৭ ॥

যস্য যন্নিয়তদান মমুষ্য-
বস্তুনঃ সুদৃঢ় মুচ্যতে ময়া ।
তত্তদেব কিল লিখ্যতাং ত্বয়া
যত্নতো লিখনশূর-বয়স্য ॥ ৪৮ ॥

গব্যস্য ভব্যবদনে ! প্রতিপাত্রমত্র
দান কিল প্রতিজনং ব্রজসুন্দরীণাম্ ।

---

হে রাধে ! কচ্ছম্ (মৎসবিধম্) আগচ্ছ, অবধেহি (দান প্রদানায় অবধানং কুরু) লেখং বিধেহি, দানং নু দেহি, কলিং (কলহং) ন হি ধেহি (কুরু), বীটীং ( তাম্বূলং ) চ ভুঙ্ক্ষ্ব, বক্ত্রবিম্বং সরসং কুরু, পুণ্যাহম্ আচর, 'যতঃ' অয়ং পুরঃ সময়ঃ শুভঃ ॥ ৪৭ ॥

হে লিখন-শূর বয়স্য ! অমুষ্য বস্তুনঃ ( বস্তুজাতস্য ) যস্য যৎ দানং নিয়তং ( নির্দ্দিষ্টং ), তৎ ময়া সুদৃঢ়ং ( যথার্থতঃ) উচ্যতে ; ত্বয়া তত্তদেব কিল যত্নতঃ লিখ্যতাম্ ॥ ৪৮ ॥

---

যদি তুমি উৎকোচের লোভে আমার দ্রব্যগুলি নাশ কর, তবে তুমিও দণ্ডনীয় হইবে, মনে রাখিও" ॥৪৬॥

"হে রাধে ! নিকটে আস, সাবধান হও, লেখা প্রস্তুত করাও, দান আদায় কর, আর বিবাদ করিও না ; তাম্বূল ভক্ষণ করিয়া বদন-বিম্ব সরস কর, পুণ্যাহ আচরণ কর—এই উপস্থিত সময়টি অতীব শুভ ॥৪৭॥

"হে লিখন-শূর বয়স্য ! যে বস্তুর যাহা নির্দ্দিষ্ট মূল্য, আমি যথার্থই বলিতেছি ; তুমি তাহাই যত্নপূর্ব্বক লিখ ত ॥৪৮॥

বৃন্দানি পঞ্চ বিলসন্নবহীরকাণাং
যৎ সৌভগাদিকমলভ্যমনেন লভ্যম্ ॥৪৯॥
সীমন্তকান্তি-বিলসন্নবরাগ বল্গু-
সিন্দূরয়ো স্তপন-কান্ত মণীন্দ্র-লক্ষম্ ।

---

লীলা-বিস্তারিণীং বন্দে সখীং শ্রীললিতাহ্বয়াম্ ।
যৎকৃপয়া প্রবৃত্তোঽয়ং মূকোঽপি রহো-বর্ণনে ॥ ০ ॥

হে ভব্যবদনে ! ( সুন্দরাননে ! ) ব্রজসুন্দরীণাং প্রতিজনং গব্যস্য প্রতিপাত্রং দানং কিল বিলসন্তি (উজ্জ্বলানি) যানি নবহীরকাণি তেষাং পঞ্চ বৃন্দানি। যৎ ( জগতি ) অলভ্যং ( দুর্লভং ) সৌভগাদিকং ( সমৃদ্ধি-গৌরবাদিকং ) তৎ অনেন ( দানেন ) লভ্যং স্যাদিতি শেষঃ। অত্রেদং বোদ্ধব্যং—দানগ্রহণব্যাজতঃ খলু শ্রীরাধায়াঃ অঙ্গপ্রত্যঙ্গ-বর্ণনা, তথা বিশেষ-সম্ভোগজাতস্য চ ভঙ্গ্যা প্রার্থনা, যাহি রসিকজনৈক-সংবেদ্যা তথা গুরুগম্যা চ ; তথাপি যথামতি দিগ্ দর্শন ন্যায়েন যৎকিঞ্চিৎ সূচ্যতে।

ব্রজসুন্দরীণাং সহাগতানাং মুখ্যতঃ পঞ্চানাং সখীনাং বিলসন্তি মধুর স্মিতেনেষদ্ বিকশন্তি যানি নবহীরকবদুজ্জ্বলদশনানি তেষাং বৃন্দানি সমূহানি এব দানম্—মদধরদংশন-রূপমিতি যাবৎ। অনেনৈব অলভ্যং দুর্লভতরং যৎ সৌভগাদিকং ( মদভীপ্সিতং মহা-বিলাসাদিকং ত্বয়া সহেতি শেষঃ ) মে লভ্যং স্যাদিত্যাভ্যন্তরার্থঃ ॥ ৪৯ ॥

---

"হে সুন্দরাননে ! ব্রজসুন্দরীগণের প্রত্যেকের গব্যাদি প্রতিপাত্রের জন্য পাঁচ বৃন্দ অত্যুজ্জ্বল নব হীরকই দান—যেহেতু সৌভাগ্য [ সমৃদ্ধি গৌরবাদি ] পৃথিবীতে দুর্ল্লভ হইলেও কিন্তু আমিই ঐ সব লাভের [ ভোগের ] অধিকারী ॥৪৯॥ *

---

* ৪৯ শ্লোক হইতে ৮৪ শ্লোক পর্য্যন্ত দান গ্রহণচ্ছলে শ্রীরাধার অঙ্গ-প্রত্যঙ্গ বর্ণনা করিতেছেন, এবং বিশেষ বিশেষ সম্ভোগের কথাও ভঙ্গীক্রমে ইঙ্গিত করিতেছেন—তাহা একমাত্র রসিক জনৈক-সংবেদ্য এবং গুরুগম্য ।

বেণী-বরালককুলোজ্জ্বল-কজ্জলানাং
গারুত্মতেন্দ্র মণি মঞ্জুল-লক্ষযুগ্মম্ ॥ ৫০ ॥
স্বর্ণার্দ্ধচন্দ্র নিভ-ভালতলস্য সুভ্রু !*
শুভ্রাংশুকান্ত-মণিলক্ষমতুচ্ছশোভম্ ।

সীমন্তস্য কান্তিশ্চ বিলসতা নব-রাগেণ ( নবীন রক্তবর্ণেন ) বল্গুঃ ( মনোহরঃ ) সিন্দূরশ্চ তয়োঃ দানং তপনকান্তমণীন্দ্রানাং ( সূর্য্যকান্তানাং) লক্ষমেব। বেণী চ বরালককুলানি চ উজ্জ্বল-কজ্জলানি চ তেষাং দানং গারুত্মতানাম্ (মরকতানাং) ইন্দ্রনীলমণীনাং মঞ্জুলং (মনোমদং) লক্ষ-যুগ্মং। অত্র পূর্ব্বার্দ্ধে সীমন্ত-কান্তি-সিন্দূরয়ো রত্নুপময়োর্ন্যক্কৃত লক্ষ-সূর্য্যকান্তয়ো র্দানত্বেন রসিকমুকুটমণি রুৎকট-লালসঃ শ্যামসুন্দরঃ কটাক্ষভঙ্গ্যা তত্তদ্ভোগ-বিশেষমেব প্রার্থয়তি। পরার্দ্ধেঽপি মরকতেন্দ্রনীলমঞ্জুল মণি বিনিন্দি-বেণ্যলক-কজ্জলানাং বিশেষ-ভোগ এব ভঙ্গ্যা প্রার্থিতঃ॥ অত্রেদং বোদ্ধব্যং—দানশ্লোকেষু প্রায়শঃ উপমেয়োপমায়া দৃষ্টত্বাৎ, তস্যাশ্চ উপমেয়ভূতস্য বস্তু-জাতস্য উপমান-বিজয়ি-ব্যতিরেকমুখেন বর্ণনৌচিত্যাৎ সর্ব্বত্রৈবোপমেয়স্য মাহাত্ম্যাতিশয় স্তথা রসচমৎকারাবহত্বঞ্চ সূচ্যতে-তরামিতি—যদুক্তমলঙ্কার-কৌস্তুভে—

"উপমানস্য নিন্দায়ামযোগ্যত্বে নিষেধতঃ।
উপমেয়স্য প্রশংসা সোপমেয়োপমাঽপরা॥"৫০॥

হে সুভ্রু! স্বর্ণার্দ্ধচন্দ্রস্য নিভং যৎ ভালতলং ( ললাটদেশঃ ) তস্য

"সীমন্তকের [ সীঁতির ] কান্তি এবং সুন্দর নবরাগ ( রক্ত বর্ণ ) মনোরম সিন্দূর বিন্দুর জন্য লক্ষ সূর্য্যকান্ত মণি-শ্রেষ্ঠই দান। বেণী, অত্যুৎকৃষ্ট অলকাসমূহ ও উজ্জ্বল কজ্জলাদি প্রত্যেকের জন্য মনোমদ মরকত মণি, ইন্দ্রনীলমণি প্রভৃতির দুই লক্ষই দান ॥৫০॥

হে সুন্দরি! স্বর্ণাভ অর্দ্ধচন্দ্র তুল্য ললাট দেশের জন্য সাতিশয় শোভাবিশিষ্ট এক লক্ষ চন্দ্রকান্তমণিই দান। ললাটস্থ

* শুভ্রু:—

কস্তূরিকা-রচিত-ভালবিশেষকস্য
গারুত্মতৈ র্ঘটিত-চন্দ্রমসোঽর্ব্বুদানি ॥৫১॥
ভ্রূযুগ্মকস্য কুটিলস্য শরাসনানি
সন্নীল-রত্নরচিতান্যযুতানি পঞ্চ।
কর্ণদ্বয়স্য রুচিরস্য মনোজ্ঞ নব্য-
বৈদূর্য্য-মৌর্ব্বদৃঢ়-সদ্‌গুণপুঞ্জপুঞ্জাঃ ॥৫২॥

---

দানং অতুচ্ছশোভম্ ( অত্যুজ্জ্বলং ) শুভ্রাংশুকান্তমণীনাং ( চন্দ্রকান্তানাং) লক্ষম্। তথা কস্তূরিকা-রচিতঃ যো ভালস্য বিশেষকঃ ( পত্রভঙ্গী-রচনা ) তস্য দানং গারুত্মতৈঃ ঘটিতানাং চন্দ্রমসাম্ অর্ব্বুদানি॥ অত্র পূর্বার্দ্ধে অত্যুজ্জ্বললক্ষচন্দ্রকান্ত-তিরস্কারি-ললাটার্দ্ধচন্দ্রস্য স্বস্য ললাটস্থচন্দনচন্দ্রেন সহ সম্মিলন-রূপ ভোগবিশেষ এব স্বাভিলাষঃ। পরার্দ্ধে শ্রীমত্যাঃ কপোল দেশস্থ মৃগমদরচিত-পত্র-ভঙ্গৈঃ সহ নাগরবরস্যাসীম-লালসাভরস্যেন্দ্রনীল-নিভ কপোলস্থ চন্দন-বিন্দুভি র্মিলনমেব স্বাভীপ্সিতমিতি বোধ্যম্॥ ৫১ ।

কুটিলস্য ( বক্রস্য ) ভ্রূযুগ্মকস্য সন্নীলরত্নরচিতানি পঞ্চ অযুতানি শরাসনানি ( ধনূংষি ) এব দানম্। রুচিরস্য কর্ণদ্বয়স্য মনোজ্ঞাঃ (মনোহরাঃ) নব্যাঃ ( নবীনাঃ, স্তবনীয়া বা ) বৈদূর্য্যময়া যে মৌর্ব্বাঃ ( ধনুর্গুণোপযুক্ত লতাবিশেষময়াঃ ) দৃঢ়-সদ্‌গুণাঃ ( সুদৃঢ়োত্তমরজ্জবঃ ) তেষাং পুঞ্জপুঞ্জাঃ ( বহুরাশয়ঃ ) এব দানম্। [ ধনূরূপস্য ভ্রূযুগস্য জ্যা-রূপত্বেন কর্ণদ্বয়ং নিরূপিতমিতি জ্ঞেয়ম্; "শ্রুতি র্ন চ জগজ্জয়ে মনসিজস্য মৌর্ব্বীলতেতি জগন্নাথবল্লভ উক্তত্বাৎ" ]। অত্র পূর্বার্দ্ধে ইন্দ্রনীলবিজয়ি-ধনূরূপস্য কুটিল-ভ্রূযুগস্য বিশেষঃ ভোগ এবাপৃথগ্‌ভূত কুঞ্চিতভ্রূভঙ্গ্যা প্রার্থিতঃ। বৈদূর্য্যমণি-বিনিন্দি-কর্ণযুগলস্য মহাবিলাসকালীনাঃ শীৎকার-ভূষণশিঞ্জিত কলভাষণাদয় এব ভঙ্গীবিশেষেণ প্রার্থিতাঃ॥ ৫২ ॥

---

কস্তূরিকা-রচিত তিলকের জন্য মরকত মণি-জটিত অর্ব্বুদ অর্ব্বুদ চন্দ্রই দান ॥ ৫১ ॥

"কুটিল ভ্রূযুগলের দান—পাঁচ অযুত সুন্দর নীলরত্ন-খচিত শরাসন ( ধনু ) এবং রুচির কর্ণদ্বয়ের জন্য মনোজ্ঞ নবীন

কামং কটাক্ষ-বিশিখস্য সুপর্ণরত্ন-
সংনির্ম্মিতা দশ লক্ষাণি শরাঃ সুতীক্ষ্ণাঃ।
অক্ষ্ণো র্যুগস্য সুভগস্য মসারসার-
নীলোৎপলানি নিযুতানি যুতানি গন্ধৈঃ ॥৫৩॥
কার্ত্তস্বরৈ র্ঘটিত কীরকিশোরচঞ্চু-
পুঞ্জঃ প্রকৃষ্টতিল-পুষ্প-সুনাসিকায়াঃ।

---

কটাক্ষাঃ এব বিশিখাঃ (বাণাঃ) তেষাং দশলক্ষাণি সুপর্ণরত্নৈঃ (মরকতৈঃ) সংনির্ম্মিতাঃ সুতীক্ষ্ণাঃ শরাঃ এব কামং (যথেষ্টং, অকামানুমতৌ কামমিত্যমরঃ) দানম্। তথা সুভগস্য (অতিসুন্দরস্য) অক্ষ্ণোঃ যুগস্য মসারাণাং (ইন্দ্রনীলানাং) সারভূতানি গন্ধৈ র্যুতানি নিযুতানি নীলোৎপলানি এব দানং। অত্র পূর্ব্বার্দ্ধে ধিক্কৃত-মরকতনির্ম্মিত সুতীব্র শরাণাং দানত্বেন বিশেষ সুরতভোগ সাধকানি অঙ্গানি ভঙ্গ্যাঽভিলক্ষ্যন্তে; যদুক্তমলঙ্কার কৌস্তুভে—

এহীতি পৃষ্টগসখীক্ষণকৈতবেন
ব্যাবৃত্য যো ময়ি তয়া নিহিতঃ কটাক্ষঃ।
প্রত্যস্ত্রবন্মম কটাক্ষমবাপ্য শান্তোঽ
প্যন্ত র্বিভেদ স নিকৃত্তশরার্দ্ধবন্মে॥

পরার্দ্ধে চ ইন্দ্রনীলমণিজটিত-নীলোৎপলমর্দ্দি-নয়নয়ো র্দানত্বেন স্বনয়ন-মিলনাদিভোগজাতং নয়নভঙ্গ্যৈব প্রার্থিতম্॥ ৫৩॥

প্রকৃষ্টতিলপুষ্প —সুনাসিকায়াঃ (সুজাত-তিলকুসুম-বিনিন্দিনাসিকায়াঃ)

---

বৈদূর্য্য-মণিময় দূর্ব্বা লতার সুদৃঢ় উত্তম গুণ (রজ্জু) পুঞ্জের বহু রাশিই দান ॥৫২॥

“প্রতি কটাক্ষ বাণের জন্য না হয়, মরকতমণি-নির্ম্মিত দশ লক্ষ সুতীক্ষ্ণ শরই দান দিলে চলিবে। সৌভাগ্যবান্ অক্ষি যুগলের দান—ইন্দ্রনীলমণির সারময় নিযুত নিযুত সুগন্ধি নীল-পদ্ম। “অতুৎকৃষ্ট তিল কুসুম বিনিন্দী মনোহর নাসিকার জন্য শুক-কিশোরের স্বর্ণঘটিত চঞ্চূ পুঞ্জই দান। সুন্দর গণ্ডযুগলের

সদ্‌গণ্ডয়ো মধুর-কাঞ্চন-দর্পণানাং
বৃন্দং নবস্ফটিকতোহপ্যতিচিক্কণানাম্ ॥৫৪॥

সর্বোপমা মহিমমর্দ্দি-মুখস্য পূর্ণ-
শুভ্রাংশু-লক্ষমথ ফুল্লসরোজলক্ষম্ ।
উদ্দামধামমণিদর্পণ লক্ষমত্র
সৌবর্ণমেব চিবুকস্য চ রত্নপুঞ্জাঃ ॥৫৫॥

---

কার্ত্তস্বরৈঃ ( সুবর্ণৈঃ ) ঘটিতঃ কীরকিশোরাণাং ( শুকশাবকানাং ) যঃ চঞ্চূনাং পুঞ্জঃ স এব দানম্। সদ্‌গণ্ডয়োঃ দানন্তু নবস্ফটিকতঃ অপি অতি-চিক্কণানাং মধুর-কাঞ্চনদর্পণানাং বৃন্দম্ এব ॥ পূর্ব্বার্দ্ধে ধিককৃত স্বর্ণজটিত-শুকচঞ্চু রূপায়াঃ . তিল-পুষ্পবিজয়িন্যাঃ কন্দর্পাদ্ভুত-তূনযুগযুত নাসিকায়াঃ সুরতোত্থপরিমলাস্বাদনাদিকং নাসিকা-ভঙ্গ্যা সূচিতম্। তথা পরার্দ্ধে ন্যক্কৃতনবস্ফটিক-কাঞ্চনদর্পণয়ো র্গণ্ডয়োঃ চুম্বনাদিকং স্বাভিপ্রেতং স্বাধরোষ্ঠভঙ্গ্যা জ্ঞাপিতম্ ॥ ৫৪ ॥

সর্বোপমানাং মহিমায়াঃ মর্দ্দি ( পরাভবকারি ) যৎ মুখং, তস্য দানং পূর্ণ-শুভ্রাংশূনাং ( চন্দ্রানাং ) লক্ষং, অথ ফুল্লানাং সরোজানাং লক্ষং, তথা অত্র সৌবর্ণমেব উদ্দামধামানঃ (অত্যুজ্জ্বলাঃ) যে মণিদর্পণাঃ, তেষাং লক্ষম্। চিবুকস্য তু রত্নপুঞ্জা এব দানম্ ॥ অসংখ্যাত-পূর্ণচন্দ্র-প্রফুল্লকমল-মণিদর্পণাদি -বিজয়িনঃ অতুলনীয়স্য মুখস্য দানত্বেন চুম্বনাদি-মহোৎসব-রূপং পরমানন্দ জাতং মুখভঙ্গ্যা সংপ্রার্থিতং ; যদুক্তমলঙ্কারকৌস্তুভে—"অঙ্কাঙ্কি স্খলনং করাকরি মনঃ সংবাদ-সম্বেদনং, কর্ণাকর্ণি বৃথা কথাসু যুগপচ্চুম্বাঃ শতং গণ্ডয়োরিত্যাদি" ॥ তথা রত্ন-পুঞ্জতিরস্কারি চিবুকস্য চ ভঙ্গীক্রমেণ তারুণ্য-রত্নাস্বাদো বা স্পর্শসুখ এব বাহভিপ্রেতঃ ॥ ৫৫ ॥

---

দান—নবস্ফটিক হইতেও অতিশয় চিক্কণ এক বৃন্দ মনোহর স্বর্ণ দর্পণ ॥৫৩–৫৪॥

"সকল উপমার মহিমা-মর্দ্দনকারী মুখের দান—লক্ষ পূর্ণচন্দ্র, লক্ষ প্রস্ফুটিত পদ্ম আর স্বর্ণঘটিত সাতিশয় দীপ্তিবিশিষ্ট লক্ষ মণি-দর্পণ। এবং ঐ চিবুকের জন্য রাশি রাশি রত্নই দান ॥৫৫॥

বিম্বাধরস্য মধুরস্য সুরাগপদ্ম-
রাগৈকপদ্মমিহ পদ্মবর-প্রভায়াঃ।
সংপক্কদাড়িম ফলোজ্জ্বলবীজ-নিন্দি
দন্তাবলেঃ শিখরলক্ষম দৃষ্টকক্ষম্ ॥৫৬॥
যোঽয়ং ত্বদ্ বদনারবিন্দ-চিবুকে কস্তুরিকা-কল্পিতঃ
সম্যক্ সুন্দরবিন্দু রিন্দুবদনে! নিঃসঙ্গভৃঙ্গো মতঃ।

---

ইহ পদ্মবর-প্রভায়া "তব" মধুরস্য বিম্বাধরস্য দানং সুরাগাণাং (সুষ্ঠু রক্তবর্ণানাং) পদ্মরাগাণাম্ একং পদ্মং। তথা সংপক্ক-দাড়িম-ফলানাম্ উজ্জ্বল বীজানাং নিন্দাকারিণঃ দন্তাবলেঃ দানম্ অদৃষ্টা কক্ষা (তুলা) যস্য তথাবিধম্ (অনুপমং) শিখরাণাং লক্ষম্। (দাড়িমী বীজসঙ্কাশং মাণিক্যং শিখরং বিদুরিতি) অত্র পূর্ব্বার্দ্ধে লক্ষ-পদ্মরাগ-বিনিন্দি-বিম্বাধরস্যাতুলনীয়সুধা স্বাদনমেব স্বরসনাভঙ্গ্যা প্রার্থিতম্। পরার্দ্ধে শিখরমাণিক্য-বিজয়ি-দন্তাবলেঃ দানস্তু বৈপরীত্যেন স্বাধরদংশনন্তথা-স্বাভিযোগ-প্রকাশনায় শ্রীরাধয়া কৃতস্বাধরদংশরূপাপূর্ব্বাস্বাদ বিশেষ এব বা ভঙ্গ্যাঽভিলক্ষিতঃ॥ ৫৬।

হে ইন্দুবদনে! রাধে!! তব বদনারবিন্দচিবুকে যঃ অয়ং কস্তূরিকা-রচিতশ্চ সম্যক্ সুন্দরশ্চ যো বিন্দুঃ, স মে নিঃসঙ্গঃ ভৃঙ্গঃ মতঃ। অতঃ হে প্রিয়ে! স মম স্মেরাং (হাস্যযুক্তাং) দৃগেব মিলন্তী যা মধুকরী তাং প্রেমতঃ আলিঙ্গতু। ইদং হি সত্যং দানং, পরং কিঞ্চিৎ নহি ময়া যাচ্যতে। মৃগমদবিন্দোঃ নিরন্তর-স্বদৃগ্‌গোচরী-করণমেব মহাসুরত-লাস্যোদ্দীপকমিতি স্পষ্টোক্ত্যাঽভিযাচিতম্॥ ৫৭॥

গানানাং যঃ অমৃতাব্ধিঃ (সুধা-সমুদ্রঃ) তস্য পরিবেষণে দক্ষা (সুনিপুণা) যা দর্ব্বী সা এব দিব্যা চাসৌ অতিরক্তা চেতি যা রসনা (জিহ্বা)

---

"এই পদ্মবর-প্রভা-বিশিষ্টা তোমার মধুর বিম্বাধরের জন্য সুন্দর-কান্তি পদ্মরাগ মণির এক পদ্মই দান। সুপক্ক দাড়িম ফলের উজ্জ্বল বীজ-নিন্দি দন্ত সমূহের জন্য অতুলনীয় লক্ষ শিখরই (মাণিক্যবিশেষই) দান ॥৫৬॥

"হে চন্দ্রবদনে! তোমার বদনারবিন্দ-চিবুকে মৃগমদ-রচিত

স স্মেরাং মম দৃঙ্ মিলন্মমধুকরী মালিঙ্গতু প্রেমতঃ
সত্যং দানমিদং প্রিয়ে ! নহি পরং কিঞ্চিন্ময়া যাচ্যতে ॥৫৭॥

গানামৃতাব্ধি-পরিবেষণ-দক্ষ-দর্ব্বী
দিব্যার্তি-রক্তরসনা-রমণীয়তায়াঃ ।
কর্পূর-সার পরিবাসিত-নব্যহৃদ্য
মাধ্বীক-পূর্ণ-চষকাবলি রদ্য সদ্যঃ ॥৫৮॥

ফুল্লীভবৎ স্মিতলবস্য সুতার-মঞ্জু
মুক্তাফলৈ র্বিহিত কৈরব-কোটি রদ্ধা ।

---

তস্যাঃ রমণীয়তায়াঃ নিত্যনবনবায়মানতায়াঃ—যদুক্তং "ক্ষণে ক্ষণে যন্নবতামুপৈতি তদেব রূপং রমণীয়তায়াঃ" অদ্য সদ্যঃ দানং হি কর্পূরসারৈঃ পরিবাসিতং (সুগন্ধিতং) যৎ নব্যং (নবীনং, স্তব্যং বা) হৃদ্যং (হৃদ্রসায়নং) মাধ্বীকং (মধু) তেন পূর্ণঃ চষকাণাং (পানপাত্রানাম্) আবলিঃ ॥ সঙ্গীত-সুধা-পরিবেষক-রসনায়াঃ দানন্তু বৈপরীত্যেন শ্রীরাধা-মুখারবিন্দস্য পরমাস্বাদ্যশীধুনা স্বমুখচষকস্য পূর্ণীকরণাদিকমিতি মুখভঙ্গ্যা জ্ঞাপিতম্ ॥ ৫৮ ॥

ফুল্লীভবন্ যঃ স্মিতস্য লবঃ তস্য অদ্ধা (সাক্ষাৎ) দানং হি সুতারৈঃ (উজ্জ্বলৈঃ) মঞ্জুভিঃ (মনোজ্ঞৈঃ) চ মুক্তাফলৈঃ বিহিতানাং কৈরবাণাং

---

এই যে একটি অতিসুন্দর বিন্দু দৃষ্ট হইতেছে—তাহা যেন ঠিক নিঃসঙ্গ ভ্রমর বলিয়াই মনে হয়। অতএব, তাহা আমার নয়ন-রূপ মিলনাকাঙ্ক্ষী হাস্যশীলা ভ্রমরীকে প্রেমভরে আলিঙ্গন করুক, ইহাই সত্য দান, এতদ্ব্যতিরেকে অন্য কিছু যাচ্ঞা করিতেছি না।

"গানামৃত সমুদ্রের পরিবেষণ-কার্য্যে সুনিপুণ দর্ব্বী (হাতা) রূপ দিব্য অতিশয়-রক্তবর্ণ রসনার (জিহ্বার) রমণীয়তার জন্য অদ্য এক্ষণই কর্পূরের সার দ্বারা সুবাসিত নূতন ও আনন্দদায়ক মধুপূর্ণ পান-পাত্র রাশিই দান দাও॥ ৫৭—৫৮ ॥

"প্রস্ফুটোন্মুখ (মৃদু মধুর) সুহাস্য লেশের তত্ত্বতঃ (সত্যই)

পীযূষসার-পরিপূরিত-শাতকুম্ভ-
কুম্ভাযুতং মসৃণমঞ্জুলজল্পিতস্য ॥৫৯॥
শব্দগ্রহোচ্ছলিত-সুন্দর-শাতকুম্ভ
তাটঙ্কয়ো র্মসৃণচুম্বক-রত্ন মেকম্ ।
*নাসাগ্রলগ্ননবকাঞ্চন-তন্তু-বদ্ধ-
মুক্তাফলস্য রুচি-বিস্ফুরিতার্কমালাঃ† ॥৬০॥

---

( শ্বেতোৎপলানাং ) কোটিরেব । মসৃণং ( মৃদু ) মঞ্জুলং চ যৎ জল্পিতং (কথোপকথনং) তস্য দানন্তু পীযূষসারৈঃ পরিপূরিতং শাতকুম্ভময়ানাং ( স্বর্ণময়ানাং ) কুম্ভানাম্ অযুতম্ ॥ পূর্ব্বার্দ্ধে অনন্ত বিলাস-সম্পাদক সামগ্রীভিঃ সহ বর্ত্তমানায়াঃ শ্রীরাধায়াঃ সকাশং স্বস্য মৌগ্ধ্যাবিষ্কারেণ বা স্বসন্মুখং সমুপস্থাপিতস্য নিখিলভোগ্যবস্তুজাতস্য যথাযথমাস্বাদনে নাগরশেখরস্যাপ্যনৈপুণ্যদর্শনাদ্বা শ্রীমত্যাঃ পরম-মধুর-স্মিতলবস্যোদ্রেক এব ভঙ্গ্যা প্রার্থিতঃ । পরার্দ্ধে তদবস্থায়াং মিথঃ কলভাষিতং বা শ্রমবিজড়িতমর্দ্ধস্ফুটবাক্যজাতং বা পরম-মধুরাত্বেনাস্বাদনীয়মিতি ভঙ্গ্যা স্বাভিলষিতং জ্ঞাপিতমিতি দিক্ ॥ ৫৯ ॥

শব্দগ্রহয়োঃ ( কর্ণয়োঃ ) উচ্ছলিতৌ ( চঞ্চলায়মানৌ ) সুন্দরৌ যৌ শাতকুম্ভতাটঙ্কৌ ( সুবর্ণ-কর্ণভূষণে ) তয়োঃ দানম্ একং মসৃণং চুম্বক-রত্নম্ ( অয়স্কান্তমণিঃ )। তথা নাসাগ্রভাগে লগ্নস্য নবকাঞ্চনতন্তুনা বদ্ধস্য মুক্তাফলস্য দানং কিল রুচি-বিস্ফুরিতাঃ ( সুশোভনাঃ ) অর্কমালাঃ ( স্ফটিকমণয়ঃ ) ॥ পূর্ব্বার্দ্ধ অয়স্কান্তমণিবিজয়িনোঃ চাঞ্চল্যমানয়োঃ কর্ণতাটঙ্কয়ো র্দানন্তু বিলাসবিশেষাবস্থায়াং গণ্ডদেশে মৃদু চুম্বনাদিকং

---

দান—স্থূল মনোহর মুক্তাফল রচিত এক কোটি কৈরব (শ্বেতোৎপল)। মসৃণ (কোমল) মনোজ্ঞ বাক্য বিন্যাসের জন্য অমৃতসারে পরিপূর্ণ অযুত স্বর্ণকুম্ভই আমার দান ॥৫৯॥

"কর্ণযুগলে চঞ্চলায়মান অতি সুন্দর স্বর্ণতাটঙ্ক যুগলের জন্য একটি মসৃণ অয়স্কান্ত ( চুম্বন) মণিই দান। নাসাগ্রদেশে লগ্ন

---

* নাসাগ্ররত্ন··· † 'বিস্ফুরিতাঙ্কমালাঃ'···

সুরভিবদনরঙ্গে মুগ্ধ-গন্ধং যদা তে
স্ফুরিত-মৃদুলচালং চারু তাম্বূলমুৎকম্ ।
নটতি ললিত-রঙ্গৈ স্তস্য দানং তদানীং
নটনভুবি মদাস্যেঽপ্যাশু সংনর্ত্তয়েতি ॥৬১॥

কম্বুশ্রিয়া কলিত-কণ্ঠবরস্য হেম-
শঙ্খাবলি র্বলিত বল্গুভুজদ্বয়স্য ।

---

স্বাভিপ্রেতং মুখভঙ্গ্যা জ্ঞাপিতং। পরার্দ্ধে অত্যুজ্জ্বল-স্ফটিকবিজয়িনঃ নাসাগ্রবিলম্মুক্তাফলস্য দানস্তু বৈপরীত্যেন মুক্তাফলস্য সুন্দরনর্ত্তন দর্শনমেব ভঙ্গ্যাঽভিকাঙ্ক্ষিতম্ ॥৬০॥

যদা তে ( তব ) সুরভিবদনরঙ্গে ( সুন্দরবদনরূপরঙ্গমঞ্চে ) মুগ্ধগন্ধং ( মনোহর-গন্ধ-বিস্তারি ) উৎকম্ ( উৎকণ্ঠিতং ) তাম্বূলং স্ফুরিত-মৃদুলচালং ( অতি সুন্দর মৃদুভাবেন ) চারু যথা স্যাত্তথা ললিতরঙ্গৈঃ নটতি, তদানীং তস্য দানং নটনভুবি ( নৃত্য মঞ্চে ) মম আস্যে ( বদনে ) অপি তং সংনর্ত্তয় ইতি। অত্র প্রাণেশ্বর্য্যানন-চন্দ্রগসুধাদিগ্ধ-সংচর্ব্বিত তাম্বূলানাং মুহুরাস্বাদন-বিশেষ এব প্রকটং পরিমৃগ্যতে ॥ ৬১ ॥

কম্বুশ্রিয়া ( শঙ্খবদ্রেখাত্রয়যুক্তসৌন্দর্য্যেণ) কলিতঃ (যুক্তঃ) যঃ কণ্ঠবরঃ তস্য দানং হেমময় শঙ্খাবলিরেব, তথা বলিতং ( সুগোলং, বলযুক্তং বা ) চাসৌ বল্গু (মনোহরং) চেতি যদ্ ভুজয়োঃ দ্বয়ং তস্য দানং স্বর্ণেন উল্লসন্তী

---

রত্নময় নব স্বর্ণরজ্জুবদ্ধ মুক্তাফলটীর জন্য দীপ্তিশীল স্ফটিক্ মালাই দান ॥৬০॥

"তোমার সুগন্ধি বদন-রূপ রঙ্গমঞ্চে যখন মনোহর, গন্ধ-বিস্তারীও সুন্দর তাম্বূল মৃদুমধুর গতিতে ইতস্ততঃ সঞ্চাল্যমান হইয়া ব্যগ্রতা সহকারে ললিত-রঙ্গ বিস্তার পূর্ব্বক নর্ত্তন করে, তখন তাহার দান স্বরূপে মদীয় বদন-রূপ নাট্যস্থলেও তাহাকে শীঘ্রই সম্যক নর্ত্তন করাও—এই প্রার্থনা ॥৬১॥

"তোমার শঙ্খবৎ (রেখাত্রয়-যুক্ত) সৌন্দর্য্য-বিশিষ্ট মনোহর

স্বর্ণোল্লসন্মস্থণ মঞ্জু মৃণাল-পালি
বৈর্দূর্য্য-পঙ্কজততিঃ করয়ো দ্ব'য়োশ্চ ॥৬২॥
হস্তাঙ্গুলী-সমুদয়স্য মনোহরস্য
গন্ধোন্নতাঃ কনক-বন্ধুর-গন্ধফল্যঃ।
পৃষ্ঠস্থলী পুরট-সুন্দর পট্টিকায়াঃ
কুঞ্জে প্রসূন-শয়নে স্বপনাদি-কেলিঃ ॥৬৩॥

---

(শোভিতা) মস্থণা মঞ্জুঃ চ মৃণালানাং পালিঃ (সমূহঃ) তথা দ্বয়োঃ করয়োঃ চ বৈদূর্য্যময়ানাং পঙ্কজানাং ততিঃ (রাশিঃ)॥ অত্র হেমশঙ্খাবলিবিনিন্দিকণ্ঠস্য বিলাস-বিশেষাবস্থায়াং স্বভুজদ্বন্দ্বেন বেষ্টনমেব বাহুভঙ্গ্যা দ্যোতিতং,তথা সুবর্ত্তুলস্য বলশালিনো বা বাহুদ্বয়স্য বৈপরীত্যেন পরিরম্ভণাদিকং সম্ভোগজাতং সংপ্রার্থিতং, তথা করাভ্যাং পুরুষায়িত-ভাবেন তয়া স্ববক্ষোজ-মন্থনং বা তস্যাঃ কুচমর্দ্দনে অনিপুণস্য স্বস্য হস্তোপরি তদ্ধস্তযুগলং নিদধত্যাঃ প্রিয়তমায়াঃ উপর্য্যধোভাবেনৈবাঙ্গদ্বয়স্যা স্বাদ-বিশেষো বা ভঙ্গ্যা সংপ্রার্থিতঃ ॥৬২॥

মনোহরস্য হস্তাঙ্গুলী-সমুদয়স্য গন্ধোন্নতাঃ (অতি সুগন্ধাঃ) কনকময়াঃ বন্ধুরাঃ (মনোজ্ঞাঃ) গন্ধফল্যঃ (চম্পক-কলিকাঃ) তথা পৃষ্ঠস্থল্যাঃ পুরটং (সুবর্ণং) ইব সুন্দরী যা পট্টিকা তস্যাঃ 'দানং' কুঞ্জে প্রসূনানাং (কুসুমানাং) শয়নে (শয্যায়াং) স্বপনাদিঃ (শয়নাদিঃ) কেলি রেব। পূর্ব্বার্দ্ধে সুগন্ধকনকচম্পকবিনিন্দিহস্তাঙ্গুলীভিঃ পুরুষায়িতেন নখাঙ্কদানাদি সম্ভোগ-নিচয়ঃ ভঙ্গ্যা প্রার্থিতঃ। পরার্দ্ধে পৃষ্ঠাপৃষ্ঠি শয়ানয়ো র্মানবত্যোঃ শ্বাসপ্রশ্বাসাদি-প্রসঙ্গৈঃ স্পর্শসুখবিশেষ এব বা বিলাস-বিশেষাবসর-স্মারিত-পৃষ্ঠস্থ-নখাঙ্ক কজ্জলাদি-চিহ্নযুক্তভোগবিশেষো বাহত্র স্বাভি-লাষঃ ॥ ৬৩ ॥

---

কণ্ঠের জন্য হেম-জটিত শঙ্খাবলিই দান। আর সুবলিত মনোহর বাহুযুগলের জন্য স্বর্ণময় মস্থণ মনোজ্ঞ মৃণাল সমূহই এবং করযুগলের জন্য বৈদূর্য্যমণিজটিত পদ্মরাশিই দান ॥৬২॥

মনোহর হস্তাঙ্গুলী সমুদয়ের জন্য সুগন্ধি স্বর্ণময় ও

মত্ত-দ্বিপেন্দ্র মদগন্ধিত কুম্ভ-যুগ্ম-
গর্ব্বপ্রহারি কুচকুম্ভযুগস্য তস্য।
হৈমানি মঞ্জু-মুখি! দাড়িম-বিল্ব-তাল-
সদ্ধাম-নিস্তলললামফলানি লক্ষম্ ॥ ৬৪ ॥

মধ্যং কেশরিবর্য্যমধ্যমিব যজ্জ্যায়োরসস্যাস্পদং
বাস্বৎ-কিঙ্কিণি রক্তবস্ত্র-বিলসদ্বদ্ধং বলীডোরকৈঃ।

---

হে মঞ্জুমুখি! (সুবদনে!) মত্ত-দ্বিপেন্দ্রস্য (মত্ত-করিরাজস্য) মদেন (দানবারিণা) গন্ধিতং যৎ কুম্ভয়োঃ যুগ্মং তস্য গর্ব্ব-প্রহারিণঃ কুচ-কুম্ভ যুগস্য 'দানং' লক্ষং হৈমানি দাড়িম-বিল্ব-তাল-রূপাদীনি সদ্ধাম (উজ্জ্বল) নিস্তল (সুবৃত্ত) ললাম (শ্রেষ্ঠ) ফলানি এব॥ এতদ্ ভোগস্তু বহুধা সম্পন্নতেতরামিতি কতি খলু লেখ্যা। মত্ত-করিরাজ-মাদক দান বারি গন্ধি কুম্ভযুগাতিশায়িনোঃ সুবৃত্ত কুচয়ো রপি মৃগমদ-কুঙ্কুমাদিযুক্তত্বেন মহামাদকত্ব-বিধায়ক ভোগবিশেষ এব বা কৌটিল্য-ললিতযুক্তাতিসুরসনীয় কুচাক্ষেপো বাহত্র স্পৃহণীয়ঃ। যদুক্তমুজ্জ্বলে—

চিত্রং চির স্পর্শসুখায় চুচুকে কুর্ব্বন্তমক্ষিপ্রমিয়ং চলেক্ষণা।
স্বিন্নাঙ্গুলীকং পুলকাঞ্চিতশ্রিয়া সবে ন চিক্ষেপ কুচেন কেশবম্॥

এবম্ বিশাখানন্দদা স্তোত্রে ১০২ শ্লোকেঽপি দ্রষ্টব্যম্॥ ৬৪॥

যৎ জ্যায়সঃ (জ্যেষ্ঠস্য, উজ্জ্বলস্য) রসস্য আস্পদং (পাত্রং) যৎ বাস্বৎ-

---

সুমনোহর গন্ধফলী (চম্পক-কলিকা) রাশিই দান। পৃষ্ঠ-স্থলীর স্বর্ণবর্ণ সুন্দর পট্টিকার (অর্থাৎ সমগ্র পৃষ্ঠদেশের) জন্য কুঞ্জে কুসুমশয্যায় শয়ন ইত্যাদি কেলিই দান॥ ৬৩॥

"হে মনোজ্ঞ-বদনে! মত্ত-গজবরের মদ (দানবারি) গন্ধিত কুম্ভ—(মাংসপিণ্ড বিশেষ) যুগলেরও গর্ব্বনাশন তোমার এই কুচকুম্ভদ্বয়ের জন্য সুবর্ণময় দাড়িম, বিল্ব, তাল প্রভৃতি সুন্দর শ্রেষ্ঠ শ্রেষ্ঠ বর্ত্তুলাকার লক্ষ ফলই দান॥৬৪॥

"উজ্জ্বল-রস-নিধান, শব্দায়মান-কিঙ্কিণী-শোভিত, রক্ত-

তস্যোরূৎকটদান মপ্যুরুনৃপাদ্ যত্নৈ র্ময়া গোপ্যতে
যদ্যাদৌ তব নীবি-বন্ধন-মণিং গূঢ়ং করে মেঽর্পয়েঃ ॥৬৫॥

ইয়ং নীবী রাধে ! নিজনিবিড়বন্ধং দবয়িতুং
ভবদ্ভীত্যা ভঙ্গ্যা ময়ি বিতনুতে যাচন-বিধিম্ ।
তথা তং তূর্ণং ত্বং দবয় মদনেন্দূদয়কৃতে*
যথাঽসৌ তুষ্ট্যা তে কর মুরুকটৌ নো রচয়তি ॥৬৬॥

---

কিঙ্কিণি ( কিঙ্কিণী-নিনাদিতং ) যৎ রক্তবস্ত্রেন বিলসৎ (স্ফূর্ত্তিশীলং) তথা যৎ বলীডোরকৈঃ ( ত্রিবলিরূপ রজ্জুভিঃ—অথবা ভঙ্গভীত্যা বলশালিভিরিব ত্রিবলিরজ্জুভিঃ ) বদ্ধং—কেশরিবর্য্যস্য ( সিংহবরস্য ) মধ্যম্ ইব মধ্যং তস্য উরু ( বহু ) উৎকটং ( অসীমং ) দানমপি ময়া যত্নৈঃ উরুনৃপাৎ (মহারাজাৎ) গোপ্যতে, যদি আদৌ তব নীবিবন্ধন-মণিং গূঢ়ং যথা স্যাত্তথা মে করে ত্বম্ অর্পয়েঃ ॥ ৬৫ ॥

হে রাধে ! ইয়ং নীবী ( কটিবস্ত্রবন্ধঃ ) নিজনিবিড়-বন্ধং দবয়িতুং ( দূরীকর্ত্তুং ) ভবত্যাঃ ভীত্যা ( ভয়েন ) ভঙ্গ্যা ( মদ্দর্শননিমিত্ত-শৈথিল্য-চ্ছলেন ) চ ময়ি যাচনবিধিং বিতনুতে ( পুনঃ পুনঃ প্রার্থয়তে ) ! তথা ত্বং তূর্ণং ( ত্বরিতং ) তং বন্ধনং মদনেন্দোঃ উদয়কৃতে দবয় ( দূরীকুরু )

---

বস্ত্র মধ্যে স্ফূর্ত্তিপ্রাপ্ত এবং বলিরূপ ডোরদ্বারা বদ্ধ যে তোমার সিংহ মধ্যবৎ ক্ষীণ মধ্যদেশ—তাহার জন্য কিন্তু বহু উৎকট ( অপরিমিত ) দান দিতে হইবে। যদি তোমার নীবি-বন্ধনের মণিটী পূর্ব্বেই আমার হস্তে গোপনে অর্পণ কর, আমিও তবে ( মন্মথ ) মহারাজ হইতে এবিষয়টী যত্ন সহকারে গোপনে রাখিতে পারি ॥ ৬৫ ॥

"হে রাধে ! নিজের দৃঢ় বন্ধন দূর করিবার জন্য এই নীবি তোমার ভয়ে ভঙ্গীক্রমে আমার নিকটে প্রার্থনা জানাইতেছে—অতএব তুমি অতি শীঘ্রই ঐ বন্ধনটী মোচন কর, যাহাতে

---

* মদনস্যোদয়কৃতে···

নাভিস্ফুরদ্ধ্রদ-তদুত্থিত-রোমপালী-
ব্যালীঃশিরঃ স্ফুরিতরত্নসুনায়কানাম্ ।
বৈদূর্য্য মঞ্জুল-মসার-বরাব্জরাগ-
রত্নানি তানি নিযুতানি নব ক্রমেণ ॥৬৭॥

---

যথা অসৌ ( মৎসবিধং স্ফূর্ত্তিং প্রাপ্তঃ মদন-চন্দ্রঃ ইতি অঙ্গুলী-হেলনেন নির্দ্দিশ্যতে ) তুষ্ট্যা তে ( তব ) কটৌ উরু ( বহুলং ) যথা স্যাত্তথা করং ( কিরণং ) নো রচয়তি ( উদ্ভাসয়তি অর্থাৎ মদন-পীড়াং ন জনয়তি) যদ্বা কটিদেশস্য উরু ( বিপুলং ) করং ( রাজস্বং ) নো রচয়তি ( গৃহ্লাতি )। যদ্বা— তব করং বিপরীত-বিলাসেন নঃ ( মমেতি বক্তব্যে বহুবচনমাত্মনঃ আনন্দাতিশয্যেন গুরুম্মন্যত্বাৎ ) উরুকটৌ ( বিশালকটিদেশে ) রচয়তি ( যোজয়তি ) ইতি সর্ব্বত্রৈব স্বাভিলাষঃ স্ফুটং বরীবর্ত্তি ॥ অসাবিতি মদনচন্দ্রং কামুকাঃ কামিনীময়মিতি ন্যায়েন দিশি বিদিশি স্ফুরন্ত মঙ্গুল্যা নির্দ্দিশ্যতে, নতু সমাসেন গুণীভূতং তদাকৃষ্যতে, তস্মাদভবন্মতযোগ-নাম দোষো নাশঙ্ক্যঃ। 'মদনস্যোদয়কৃতে' ইতি পাঠস্তু স্পষ্টঃ ॥ ৬৬ ॥

নাভিরেব স্ফুরদ্ হ্রদঃ সঃ চ, তস্মাৎ উত্থিতা যা রোম্নাং পালী ( সমূহঃ ) সা এব ব্যালী ( সর্পী ) সা চ, তথা তস্যাঃ শিরসি স্ফুরিতানি যানি রত্ন-সুনায়কানি তানি চ; তেষাং দানং—বৈদূর্য্যং চ মনোজ্ঞং মসারং ( ইন্দ্রনীলং ) চ বরাব্জরাগং ( শ্রেষ্ঠ পদ্মরাগং ) চ ইত্যেতানি রত্নানি ক্রমেণ নব নিযুতানি ॥ বৈদূর্য্যাশ্মসার-পদ্মরাগ-বিনিন্দি-নাভিসরোবর-তদুত্থরোমরাজি-সুন্দর নায়কমণীনাঞ্চ দানরূপেন তত্তৎস্থান স্পর্শনদর্শনাদিকং স্বাভিলষিতম্ ভঙ্গ্যা সূচিতম্ ॥ ৬৭ ॥

---

মদনচন্দ্রমা উদিত হইয়া সন্তুষ্টচিত্তে তোমার কটিদেশের আর বেশী কর ( দান ) গ্রহণ না করেন ॥ ৬৬ ॥

"সুন্দর নাভিহ্রদ এবং তাহা হইতে ঊর্দ্ধে উত্থিত রোম-রাজি-রূপ সর্পীও তাহার শিরোদেশে বিরাজিত রত্নখচিত সুন্দর নায়ক-মণি সমূহের জন্য বৈদূর্য্য, মনোহর ইন্দ্রনীল, সুন্দর পদ্মরাগ প্রভৃতির ক্রমশঃ নয় নিযুত মণিই দান ॥ ৬৭ ॥

সন্নীলপট্টপটরঞ্জকমঞ্জু কাঞ্চী-
সঞ্চার-চারু চটুলোচ্চনিতম্বকস্য।
সংপ্রোল্লসৎপুরট পীঠ নবার্বুদানি
দানীন্দ্রকস্য মম যোগ্য-বরাসনানি ॥৬৮॥

ঊরুদ্বয়স্য কনকৈঃ কৃতচারু-রম্ভা-
স্তম্ভাবলি র্দলিত সৎকরভ-প্রভস্য।*

---

সন্নীলঃ যঃ পট্টপটঃ ( পট্টাম্বরং ) তস্য রঞ্জকঃ 'তথা' মঞ্জুঃ যা কাঞ্চী তস্যাঃ সঞ্চারেণ চারুঃ ( মনোজ্ঞঃ ) চটুলঃ উচ্চশ্চ যঃ নিতম্বকঃ তস্য দানং সম্যক্ প্রোল্লসৎ যৎ পুরটং ( সুবর্ণং ) তন্ময়ানি যানি পীঠানি (আসনানি) তেষাং নব অর্ব্বুদানি দানীন্দ্রকস্য মম যোগ্যবরাণি আসনানি। অত্রাতিসুন্দরনিতম্বস্য দানত্বেন নৃত্যাবসরে বা বিলাসবিশেষে বা রতিলীলা-বিনোদ এব ভঙ্গ্যা প্রার্থিতঃ ॥ ৬৮ ॥

দলিতা (পরাজিতা) সৎকরভস্য ( হস্তি-করস্য ) প্রভা ( বর্ত্তুলত্বেন ক্রমশঃ ক্রশিমেন চ শোভা ) যেন তস্য [ ললিতেতি পাঠে তু সুগমঃ ] ঊরুদ্বয়স্য 'দানং' কনকৈঃ কৃত-চারুরম্ভা-স্তম্ভাবলিঃ তথা মঞ্জীরাভ্যাং ( নূপুরাভ্যাং ) মঞ্জুলং ( মনোহরং ) যৎ রণৎ ( শব্দায়মানং ) চরণারবিন্দয়োঃ দ্বন্দ্বং তস্য দানং রক্ত-মণিভিঃ ( পদ্মরাগৈঃ ) নির্ম্মিতা পল্লবানামালী ( পল্লব-সমুদায়ঃ )। পূর্ব্বার্দ্ধে সুবর্ত্তুলয়ো স্তথা ক্রমক্রশিমযুতয়োঃ করিকর-বিজয়িনোঃ ঊরুযুগস্য ভোগ-বিশেষ এবাভিলক্ষিতঃ। পরার্দ্ধে

---

"সুনীল পট্টবস্ত্রের শোভাবৃদ্ধিকারী, মনোজ্ঞ কাঞ্চীর সঞ্চারণ হেতু সুচারু, চটুল ও উচ্চ নিতম্বের দান স্বরূপে সুদীপ্ত নব অর্ববুদ স্বর্ণময় পীঠই ( আসনই ) দানী-শিরোমণি আমার উপযুক্ত বরাসন ॥ ৬৮ ॥

"অতি সুন্দর হস্তিশুণ্ডের শোভা-বিজয়ী উরুদ্বয়ের জন্য স্বর্ণ-জটিত মনোহর রম্ভা-স্তম্ভ সমূহই দান। নূপুরের মনোজ্ঞ ধ্বনিযুক্ত

---

* ললিতসৎ

মঞ্জীর-মঞ্জুল রণচ্চরণারবিন্দ-
দ্বন্দ্বস্য রক্তমণিনির্ম্মিত-পল্লবালী ॥ ৬৯ ॥
স্মর-রসময়-রাজৎ-ক্ষীণতুন্দস্য তস্য
রুচিরতরতরঙ্গপ্রায়তির্য্যগ্ বলীনাম্ ।
অয়ি ! তদনুভবাখ্যং রত্নযুগ্মং নখানাম্
উদয়দরুণচন্দ্রজ্জ্যোতিষাং রত্ন-চন্দ্রাঃ ॥৭০॥
ফুল্লকাঞ্চন সমুদ্গক-গর্ব্ব-
ধ্বংসিনো স্তব বরেণ্য-জানুনোঃ ।

---

পদ্মরাগযুক্ত পল্লববিনিন্দি চরণপদ্ময়োঃ দানং বিপরীতবিলাসে স্বাভাবিকে বাহ্তিধীরেণ শব্দায়মানস্য মঞ্জীরস্য সুমধুরধ্বনিভিঃ পরিপুষ্টস্মরত-বিতানমেব ॥ ৬৯ ॥

অয়ি রাধে ! স্মররসময়ং চ রাজৎ চ ক্ষীণঞ্চ যৎ তুন্দং ( উদরং ) তথা তস্য রুচিরতরাঃ তরঙ্গপ্রায়াঃ তীর্য্যশ্চ ( বক্রাশ্চ ) যা বলয়ঃ তাসাং দানন্তু তদনুভবাখ্যং রত্নযুগ্মম্ । উদয়ন্ যঃ অরুণঃ চন্দ্রঃ তস্য জ্যোতিরিব জ্যোতি র্যেষাং তথাবিধানাং নখানাং রত্নচন্দ্রা এব দানম্ ॥ পূর্ব্বার্দ্ধে ক্ষীণোদর-বলীনাঞ্চ বিলাসবিশেষে দর্শন-স্পর্শনাদিকমনুভবজাতং কাঙ্ক্ষিতং ! পরার্দ্ধে বৈপরীত্যেন প্রাণেশ্বরীপাদপল্লবশেখরেষু লীলাস্বয়ম্বররসলাভ এবাভি বাঞ্ছিতঃ ॥ ৭০ ॥

ফুল্লং ( দীপ্তিমৎ ) যৎ কাঞ্চনং 'তন্ময়ং' যৎ সমুদ্গকং ( সম্পুটং ) তস্য

---

চরণারবিন্দ যুগলের দান—রক্ত ( পদ্মরাগ ) মণি নির্ম্মিত পল্লব সমুদয় ॥ ৬৯ ॥

"স্মর ( কাম ) রসময় এই সুন্দর ক্ষীণোদর ও তাহার মনোহরতর তরঙ্গবৎ প্রতীয়মান বক্র বলি–সমূহের জন্য তত্তৎ 'অনুভব' নামক রত্নযুগল এবং উদীয়মান অরুণবর্ণ চন্দ্রপ্রভাবৎ দীপ্তিযুক্ত নখসমূহের জন্য রত্নজড়িত চন্দ্রমা-রাজিই দান ॥ ৭০ ॥

"সুতপ্ত ( দীপ্তিশীল ) কাঞ্চন সম্পুটের ( কৌটার ) গর্ব্ব

কাঞ্চন-প্রকটিতাং কটকোটিং
কাঞ্চন প্রকটদান মানয় ॥ ৭১ ॥
হারাদ্যলঙ্কৃতি-চয়স্য মনোজ্ঞরশ্মেঃ*
স্ত্বৎস্পর্শরত্ন মতুলং মৃদু কণ্ঠলগ্নম্।
ত্বৎ কিঙ্কিণী-বলয়-নূপুর-নিক্কণানাং
কামং মহোন্নত মণিদ্বয়মেব হৃদ্যম্ ॥ ৭২ ॥

---

গর্ব্বস্য ধ্বংসিনোঃ তব বরেণ্যয়োঃ জান্বনোঃ 'কৃতে' কাঞ্চন-প্রকটিতাং ( স্বর্ণজটিতাং ) কাঞ্চন ( অনির্ব্বচনীয়াং ) কটানাং ( সম্পুটানাং ) কোটিং প্রকটদানমানয় ॥ গলিতসুবর্ণসম্পুটবিজয়ি জানুযুগস্যাতুল মদনরস মাধুরী পরিপোষিত লীলাবিলাসাদিক মত্রাভিলক্ষ্যম্ ॥ ৭১ ॥

মনোজ্ঞঃ রশ্মিঃ ( কিরণঃ ) যস্য তথাবিধস্য হারাদ্যলঙ্কৃতিচয়স্য দানং কণ্ঠলগ্নং অতুলং মৃদু ( কোমলং ) ত্বৎ-স্পর্শরত্নম্। যথা স্পর্শমণি-স্পর্শেন কৃষ্ণায়সমপি স্বর্ণবর্ণং দধাতি, তথা শ্রীরাধা-কণ্ঠলগ্নঃ সন্নপি স্বস্য কৃষ্ণবর্ণং বিহায় নিভৃত-নিকুঞ্জ-মন্দিরে বিলাসবিশেষে গৌরীভবনং সংপ্রার্থিতম্। তব কিঙ্কিণী-বলয়-নূপুরাণাং নিক্কণানাং ( শব্দানাং ) কৃতে কামং ( যথেষ্টং ) হৃদ্যং ( রসালং, যদ্বা স্বহৃদয়গতং, নতু শ্রীরাধায়ৈ প্রকাশনীয়ং, তয়া তু স্বমনোগতাভিলষিতং বুদ্ধৈব তৎ সম্পাদনীয়ম্) মহোন্নত মণিদ্বয়মেব দানম্। ব্যাখ্যান্তরমপি সঙ্গচ্ছেত—তদ্ যথা—হৃদ্যং ( তস্যাঃ হৃদিস্থং ) মহোন্নত-"বক্ষোজ"-মণিযুগলমেব মুহুর্মুহুঃ আস্বাদিতুং সাকূতং পরিমৃগ্যতে ॥ ৭২ ॥

---

নাশক তোমার বরেণ্য জানুদ্বয়ের জন্য কাঞ্চন ( স্বর্ণ ) জটিত কোনও ( অনির্ব্বচনীয় ) এক কোটি কটই ( সম্পুট ) সাক্ষাৎ দান আনয়ন কর ॥ ৭১ ॥

তোমার মনোহর কান্তিযুক্ত হারাদি অলঙ্কার সমূহের জন্য আমার কণ্ঠলগ্ন কোমল অতুলনীয় সুন্দর স্পর্শ-রত্নই দান। তোমার কিঙ্কিণী, বলয় ও নূপুরাদির ধ্বনির জন্য না হয় হৃদয়স্থিত মহোন্নত মণিদ্বয়ই ( স্তনযুগলই ) দান ॥ ৭২ ॥

---

* মনোজ্ঞরশ্মি সংস্পর্শরত্ন...

সন্নীল-রক্তবসনদ্বয়-কঞ্চুকানাং
প্রোদ্যৎপ্রবাল নব মঞ্জু মসার মালাঃ
ত্বচ্ছারিকা-মৃগবধূ-মহতী-ময়ূরী-
লীলাব্জ-নর্ত্তনততে র্বর-রত্ন-কোট্যঃ ॥৭৩॥

কান্ত্যা যস্য ক্ষিতি-বন-গিরি গ্রামলোকাঃ সমস্তাঃ
সাক্ষাজ্জাতাঃ সুভগবদনে ! হন্ত জাম্বূনদাভাঃ ।

---

সন্নীলং চ রক্তং চ যৎ বসনদ্বয়ং তচ্চ, কঞ্চুকঞ্চ—ইত্যেষাং 'দানং, প্রকৃষ্টরূপেণ উদ্যন্তঃ যে প্রবালাঃ তথা মঞ্জু-( মনোজ্ঞ ) মসারাণাং ( ইন্দ্রনীলানাং ) মালাঃ; তব শারিকা-মৃগবধূ-মহতী-ময়ূরী-লীলাব্জানাং নর্ত্তনততেঃ দানং বররত্নানাং কোট্যঃ। পূর্ব্বার্দ্ধে ইন্দ্রনীল-গর্ব্বধ্বংসি-নীলবসনস্য প্রবাল-দ্যুতিহারি-রক্তবস্ত্রস্য তথা কঞ্চুকস্য চ দানং বিলাস-বিশেষাবস্থায়ামেতত্রয়াণাং স্বকরে সমর্পণমেব ভঙ্গ্যা প্রার্থিতং॥ পরার্দ্ধে কস্যচিৎ স্বাভীষ্ট-মঙ্গল "শ্রী—অঙ্গ" বিশেষস্য দর্শন-স্পর্শনাদিরূপং সম্ভোগজাতং ভঙ্গ্যা প্রার্থিতমিতি জ্ঞেয়ম্ ॥ ৭৩ ॥

হন্ত ( বিস্ময়ে )! হে সুভগবদনে! যস্য 'তব' গৌরবর্ণস্য কান্ত্যা সমস্তাঃ ক্ষিতি-বন-গিরি-গ্রাম-লোকাঃ সাক্ষাৎ জাম্বূনদাভাঃ ( স্বর্ণবর্ণাঃ ) জাতাঃ, তথা ভ্রাম্যদ্ভিঃ ( ইতস্ততঃ প্রসৃমরৈঃ ) দ্যুতিভরৈঃ (কান্ত্যতিশয়ৈঃ) বলন্ত্যঃ ( বর্দ্ধমানাঃ ) যা গন্ধফল্যঃ ( চম্পক-কলিকাঃ ) তাসাম্ আবলীনাং

---

নীলবর্ণ ও রক্তবর্ণ সুন্দর বস্ত্র ( অন্তর্বাস ও বহির্বাস ) যুগল ও কঞ্চুক প্রভৃতির জন্য অতি নূতন প্রবাল-খচিত ও নব মনোজ্ঞ ইন্দ্রনীল মণির মালাসমূহই দান। তোমার শারিকা, মৃগবধূ, মহতী বীণা, ময়ূরী, লীলাপদ্ম ও নর্ত্তনাদির জন্য শ্রেষ্ঠ শ্রেষ্ঠ কোটি কোটি রত্নই দান ॥৭৩॥

হে সুভগবদনে ! যে গৌর বর্ণের ছটায় পৃথিবী, বন, পর্ব্বত, গ্রাম, এবং লোক-সমুদয়ই সাক্ষাৎ হেমবর্ণ ধারণ করিয়াছে, হায় ! ইতস্ততঃ কান্তিরাশি-বিচ্ছুরণশীল চম্পক-কলিকা সমূহের

তস্য ভ্রাম্যদ্দ্যুতিভরবলদ্ গন্ধফল্যাবলীনাং
জৈত্রস্যোচ্চৈঃ কনক-গিরয়ো গৌরবর্ণস্য কোট্যঃ॥৭৪॥

গৌরাঙ্গাণাং কমলঘুসৃণপ্রায়-সৌরভ্য-সিন্ধো
র্বাতেনাপি ব্রজবনমিদং বাসিতং তন্বতস্তে।
এতস্যান্যৎ কিমপি ন ময়া দৃশ্যতে দানযোগ্যং
যাতায়াতং কুরু সখি! সদা দানমেতন্মদীয়ম্ ॥৭৫॥

মসৃণঘুসৃণ-চর্চ্চা-চারু-কস্তূরিকোত্থান্
মকরকমলবল্লী-পত্রভঙ্গাদিকানাম্।

---

(রাশীনাং) উচ্চৈঃ জৈত্রস্য (জয়শীলস্য) তস্য (গৌরবর্ণস্য) 'দানং' কোট্যঃ কনকগিরয়ঃ এব। অত্র 'কনকগিরয়' ইত্যনেন শ্রীরাধাবক্ষোজ-যুগলস্যাভীক্ষ্ণ্যেন আস্বাদনদানমেব সূচিতম্॥ ৭৪॥

হে সখি! তে (তব) গৌরঙ্গাণাং (গৌরাঙ্গ-সম্বন্ধিনঃ ইত্যর্থঃ) বাতেন অপি ইদং ব্রজবনং বাসিতং (সুগন্ধিতং) তন্বতঃ (কুর্ব্বতঃ) কমল ঘুসৃণ-প্রায়স্য (পদ্মকুঙ্কুম-বহুলস্য) এতস্য সৌরভ্য-সিন্ধোঃ দানযোগ্যং অন্যৎ কিমপি ময়া ন দৃশ্যতে। 'অতঃ' সদা যাতায়াতং কুরু (মৎসমীপে ইতি শেষঃ), এতৎ মদীয়ং দানং। অত্র স্বাভিলাষঃ স্পষ্টঃ॥ ৭৫॥

মসৃণ-ঘুসৃণস্য (সুচিক্কণ কুঙ্কুমস্য) যা চর্চ্চা (বিলেপঃ) তথা চারুঃ যা

---

ও সাতিশয় পরাভবকারী সেই গৌরবর্ণের দান—কোটি কোটি স্বর্ণগিরি॥৭৪॥

"তোমার গৌরবর্ণ অঙ্গসমূহ হইতে বিস্তারিত (উত্তরোত্তর বৃদ্ধিশীল) পদ্ম-কুঙ্কুমাদির (মনোমদ গন্ধ-বহুল) সৌরভ্য-সিন্ধুর বায়ুদ্বারাও এই ব্রজবন সুবাসিত হইতেছে; ইহার দান-যোগ্য অন্য কোনও বস্তুই দৃষ্টিগোচর হইতেছে না; অতএব হে সখি! সর্ব্বদাই এইস্থানে যাতায়াত কর, ইহাই মদীয় দান নির্দ্দিষ্ট হইল॥৭৫॥

'মসৃণ কুঙ্কুম বিলেপন, সুচারু কস্তুরিকা-রচিত মকর,

রতি-বিতরণ-শূরৈ স্তত্তদামোদ-পূরৈঃ
পরিমলয় মদঙ্গং নিত্যমিত্যেব দানম্ ॥ ৭৬ ॥

চরণ-কমল-লাক্ষাশ্লিষ্ট-সৌভাগ্যমুদ্রা-
ততি রতিবলতে যা হারিণী হন্ত তস্যাঃ।
মতুরসি নখরাগ্রৈরর্দ্ধচন্দ্রান্ পরার্দ্ধং *
বিতর পদকবর্য্যান্দানমারাদ্বরোরু ॥ ৭৭ ॥

ধ্বানৈ র্যস্য বিপক্ষ লক্ষহৃদয়োৎকম্পাদি-সম্পাদকৈ
রাবৈকুণ্ঠমজাণ্ডপালিরতুলানন্দৈঃ পরিপ্লাবিতা।

---

কস্তূরিকা তয়া উদ্যন্তি ( রচিতানি ) যানি মকর-কমলবল্লী-পত্রভঙ্গাদিকানি তেষাং 'কৃতে' রতিবিতরণশূরৈঃ তত্তদামোদপূরৈঃ মদঙ্গং নিত্যং পরিমলয় ( সুবাসিতং কুরু ) ইতি এব দানম্। অত্রাপি ব্যক্ত এব সঃ ॥ ৭৬ ॥

হন্ত ( হর্ষে ) হে বরোরু ! ( সুন্দরি ) হারিণী ( মনোজ্ঞা ) যা চরণ-কমলয়োঃ লাক্ষয়া ( অলক্তকেন ) আশ্লিষ্টা ( সংযুক্তা—আলিঙ্গিতা ) সৌভাগ্য-মুদ্রাণাং ( যবাদি-চিহ্নানাং ) ততিঃ ( সমূহঃ ) অতিবলতে ( দেদীপ্যতে ) তস্যাঃ 'কৃতে' মতুরসি ( মম বক্ষঃস্থলে ) আরাৎ (সমীপাৎ ) নখরাগ্রৈঃ পরার্দ্ধং অর্দ্ধচন্দ্রান্ পদকবর্য্যান্ বিতর—ইতি হি দানম্॥ অত্র বিলাসবিশেষাবসরে করনখসমর্পণমেব ভঙ্গ্যা প্রার্থিতম্ ॥ ৭৭ ॥

হে আনন্দদে ! বিপক্ষাণাং ( শ্রীচন্দ্রাবল্যাদীনাং ) লক্ষেষু হৃদয়েষু

---

কমল-বল্লী ও পত্রভঙ্গী ইত্যাদি রচনা সমূহের জন্য রতিবিতরণ-নিপুণ সেই সেই গন্ধ-প্রবাহ দ্বারা মদীয় অঙ্গ নিত্য সুবাসিত করাই দান ॥৭৬॥

"হে বরোরু ! ত্বদীয় চরণ কমলে অলক্তচুম্বী যে সকল মনোহর সৌভাগ্যচিহ্নরাজি বিরাজ করিতেছে, তাহার দান স্বরূপে নিকটে আসিয়া মদীয় বক্ষোদেশে তোমার নখরাগ্রভাগ

---

* পরার্দ্ধ্যং

প্রীত্যা তস্য রমাদি-বন্দিত-রুতেঃ সৌভাগ্য-সদ্দুন্দুভে
দানং কঞ্জমরন্দসুন্দরতরং গানং তবানন্দদে ॥ ৭৮ ॥

নাম স্বস্ত্যয়নং যদত্র বিলসৎ পীযূষতোঽপি প্রিয়ং
রাধেতি প্রথিতং সমস্ত-জগতী-রোমাঞ্চ-সঞ্চারকম্ ।
তস্যামূল্যতরস্য দানমপরং যোগ্যং ক্বচিৎ কিং ভবেৎ
তস্মাদুজ্জ্বল-কেলিরত্নমতুলং রাধে ! মমাধীয়তাম্ ॥ ৭৯॥

---

উৎকম্পাদি-সম্পাদকৈঃ যস্য ধ্বানৈঃ (শব্দৈঃ) আবৈকুণ্ঠং (বৈকুণ্ঠমভিব্যাপ্য) অজাণ্ডপালিঃ ( ব্রহ্মাণ্ড-সমূহঃ ) অতুলানন্দৈঃ পরিপ্লাবিতা, তথা রমাদিভিঃ বন্দিতা রুতিঃ ( শব্দঃ ) যস্য তথাবিধস্য সৌভাগ্য এব সদ্ দুন্দুভিঃ তস্য প্রীত্যা দানং—কঞ্জ-মরন্দাৎ ( পদ্ম-মধুনঃ) অপি সুন্দরতরং ( আস্বাদনীয়ং ) তব গানং ॥ অত্র স্বাভিলাষস্তু ব্যক্তঃ ॥ ৭৮ ॥

যৎ অত্র ( বৃন্দাবনে ) বিলসৎ ( বিরাজমানং ), পীযূষতঃ অপি প্রিয়ং, সমস্তায়াঃ জগত্যাঃ রোমাঞ্চানাং সঞ্চারকং 'রাধা' ইতি প্রথিতং (বিখ্যাতং) স্বস্ত্যয়নং ( মঙ্গলালয়ং ) নাম—অমূল্যতরস্য তস্য যোগ্যং দানং অপরং কিং ক্বচিৎ ভবেৎ ( অপিতু নৈবেত্যর্থঃ ) । তস্মাৎ হে রাধে ! অতুলং (অনুপমং) উজ্জ্বল-কেলিরত্নং মম আধীয়তাম্ ! অত্রাপি ব্যক্ত এব সঃ ॥৭৯॥

---

সমূহদ্বারা 'অর্দ্ধচন্দ্র'প্রমুখ পদকবর্য্যরাজি সমর্পণই নির্দ্দিষ্ট হইল, "হে-আনন্দদায়িনি রাধে ! যাহার ( যে দুন্দুভির ) নিনাদে বিপক্ষীয় লক্ষ লক্ষ হৃদয়ে উৎকম্পাদি সম্পাদিত হয় এবং বৈকুণ্ঠ হইতে ব্রহ্মাণ্ড সমূহ পর্য্যন্ত অসীম আনন্দে পরিপ্লাবিত হয়—ও লক্ষ্মী প্রভৃতি দেবীগণ প্রীতির সহিত যাহার শব্দসমূহ বন্দনা করেন,—সেই সৌভাগ্য-রূপ সুন্দর দুন্দুভির জন্য তোমার পদ্মমধু হইতেও সুন্দরতর ( আস্বাদ্য ) গানই দান ॥৭৭-৭৮॥

'রাধা' এই মঙ্গলময় প্রসিদ্ধ নাম, যাহা এই বৃন্দাবনে বিরাজ করিতেছে, যাহা অমৃত হইতে ও প্রিয়তর এবং যাহা সমস্ত জগতেরই রোমাঞ্চ-সঞ্চারক—সেই অমূল্যতর বস্তুর যোগ্য দান কি কোনও স্থলে কখনও সম্ভবপর হইতে পারে ?

দীব্যন্মতি-প্রথিতকীর্ত্তিততি-প্রগাঢ়
চিত্ত-প্রগেয়-গুণ-গেয়-গুণোৎকরাণাম্ ।
সন্মৌক্তিকপ্রবরহীরকচারু-নীল
রত্নোজ্জ্বলদ্বিবিধ-রত্নকুলানি কামম্ ॥ ৮০ ॥
মাদ্যন্মতঙ্গ-গতি-নিন্দিগতে রনঙ্গ-
রঙ্গস্য সঙ্গ-বিধয়ে কিল লগ্নিকায়াঃ ।

---

দীব্যন্তী যা মতিঃ ( ক্রীড়াবিনোদী মতিঃ ) সা চ, প্রথিতানাং কীর্ত্তিনাং ততিঃ চ, তথা প্রগাঢ়চিত্তৈঃ ( গম্ভীরচিত্ত-মনস্বিভিঃ ) প্রকর্ষেণ গেয়ং গুণং যাসাং তাঃ প্রগাঢ়চিত্ত-প্রগেয়-গুণাঃ উমাদিরমণ্যঃ (উমাদি-রমণীব্যূহ-স্পৃহণীয় গুণোৎকরামিতি কার্পণ্য-পঞ্জিকায়ামুক্তত্বাৎ ) তাভিরপি গেয়ঃ যঃ গুণানামুৎকরঃ ( সমূহঃ ) স চ – তেষাং দানং কামং ( যথেষ্টং – অকামানুমতৌ কামম্ ) সন্মৌক্তিকঞ্চ প্রবর-হীরকঞ্চ চারু নীলরত্নঞ্চ তৈঃ উজ্জ্বলন্তি বিবিধানি রত্ন-কুলানি 'এব'। অত্রাসমোর্দ্ধ-গৌরব-মাধুর্য্যপূর্ণ-মতি-কীর্ত্তি-গুণসমূহানাং তত্তদাস্বাদ-প্রচুরাঃ কলাবিলাসা এব ভঙ্গ্যা প্রার্থিতাঃ ॥ ৮০ ॥

হে আলি ! অনঙ্গ-রঙ্গস্য ( স্মর-বিলাসস্য ) সঙ্গ-বিধয়ে কিল লগ্নিকায়াঃ ( প্রতিভূ-স্বরূপায়াঃ ) মাদ্যন্ যো মতঙ্গঃ ( হস্তী ) তস্য গতিং নিন্দতি যা

---

অতএব হে রাধে ! অতুলনীয় উজ্জ্বল ( শৃঙ্গারাখ্য ) কেলিরত্নই আমাকে দান কর ॥৭৯॥

"তোমার বিমল বুদ্ধি ( লীলাবিনোদী-মতি ) তোমার কীর্ত্তিমালা এবং প্রগাঢ়চিত্ত ( গম্ভীর-চেতাঃ মনস্বী ) গণেরও প্রকৃষ্টরূপে স্তুত গুণ-রাজি-বিশিষ্ট ব্যক্তির ( উমাদি সতী-শিরোমণি গণের ) ও গান-যোগ্য তোমার গুণ সমূহের জন্য না হয় সুন্দর সুন্দর মুক্তা রাশি, শ্রেষ্ঠহীরা, সুচারু ইন্দ্রনীলমণি প্রভৃতি বিবিধ উজ্জ্বল রত্নরাজিই দান ॥ ৮০ ॥

"হে আলি ! তোমার অনঙ্গরঙ্গে সঙ্গম বিধায়ক লগ্নিকা ( প্রতিভূ ) স্বরূপা যে তোমার মদমত্ত-মাতঙ্গ-বিজয়ী গতি

---

* সন্মৌক্তিক প্রকর

তারোরুমৌক্তিকমরালবরালি রালি !
মাণিক্য-পালি রথ তে করচালনানাম্ ॥ ৮১ ॥
আয়ু-র্যশো-জয়-বিবর্দ্ধন-রন্ধনোত্থ-
হৃদ্দামসৌষ্ঠবভরস্য ভু কল্পিতং মে।
কায়স্থ-বর্ত্তনতয়া মধুমঙ্গলায়
নিত্যং সুশষ্কুলি-সুকুণ্ডলিকাদি-দানম্ ॥ ৮২ ॥
সৌন্দর্য্য-হ্রী-বিনয়-পণ্ডিততা-সুগান-
বৈদগ্ধ্য সদ্গুণততে র্ভবদালি-বর্গাঃ।

---

গতিঃ তস্যাঃ দানং—তারাঃ ( উজ্জ্বলাঃ ) চ উরবঃ ( বহবঃ ) চ যে মৌক্তিকাঃ মরালানাং বরাঃ তেষাং আলিঃ ( সমূহঃ )। অথ তে করচালনানাং (ভঙ্গীনাং) দানং তু মাণিক্যপালিঃ এব। মদমত্ত-করি-বিজয়িনঃ তথা মুক্তাময়মরাল-গতি-গরিমহারিণঃ সৌষ্ঠব-ভর-পরিপোষিত সুন্দর গমনস্য অভিসারাদি-সময়ে বিভ্রমাদিবৈশিষ্ট্য-দর্শনাকাঙ্ক্ষা সূচিতা পূর্ব্বার্দ্ধে। উত্তরার্দ্ধে তু বিলাসবিশেষে স্বাঙ্গে তৎকরবারণাদি-রূপভোগ এব স্বাভিলাষঃ ॥৮১॥

আয়ুশ্চ যশশ্চ জয়শ্চ—তেষাং বিবর্দ্ধনায় যৎ রন্ধনং তস্মিন্ উত্থন্ (উদগচ্ছন্) যঃ উদ্দামা (নিরর্গলঃ) সৌষ্ঠবস্য ভরঃ তস্য 'দানত্বেন' কায়স্থস্য (লিখকস্য ) বর্ত্তনতয়া নিত্যং মধুমঙ্গলায় সুশষ্কুলি( সুপিষ্টক )-সুকুণ্ডলিকাদীনাং দানমেব মে ( মম ) কল্পিতম্। অত্র রন্ধনাবসরে বিস্রস্তবসনভূষণাদে র্হেতোঃ পরমোজ্জ্বলানাবৃতাঙ্গশোভা সন্দর্শনমেব স্বাভিলাষঃ ॥ ৮২ ॥

---

তাহার জন্য উজ্জ্বল মহামুক্তাফলময় শ্রেষ্ঠ মরাল ( রাজহংস ) সমূহই দান। এবং তোমার করচালনার ( করভঙ্গীর ) জন্য মাণিক্য রাশিই দান ॥ ৮১ ॥

"আমার আয়ু, যশঃ ও জয় বিবর্দ্ধনের জন্য রন্ধনে উদ্যুক্তা তোমার ( তাৎকালীন ) নিরতিশয় সৌষ্ঠব রাশির জন্য মধুমঙ্গলকে কায়স্থ (লিখক) বেতন রূপে নিত্য সুপিষ্টক (লুচি) ও উত্তম জিলাপী, ( ফেণী ) ইত্যাদি দানই আমার ব্যবস্থা নির্দ্দিষ্ট হইল ॥ ৮২ ॥

দুঃসাধমান-বিকৃতে ল´লিতা ত্বদালী
ত্বৎপ্রীতি-নর্ম্মশুভকর্ম্মততে বিশাখা ॥ ৮৩ ॥

কান্ত্যাঽতিনিন্দিত রমা-শতলক্ষকান্তে
স্ত্বদ্‌বিগ্রহস্য ভবতা সুদতীষ্বমূল্যা।
লক্ষ্মী-সহস্রশততোঽপ্যতিরম্যগোষ্ঠ-
রামা-শিরোবরমণে স্তব বিগ্রহোঽসৌ ॥ ৮৪ ॥

---

সৌন্দর্য্যঞ্চ, হ্রীশ্চ, বিনয়ঞ্চ, পণ্ডিততা চ, সুগানঞ্চ, বৈদগ্ধ্যং চ, সদ্‌গুণঞ্চ তেষাং যা ততিঃ ( সমূহঃ ) তস্যাঃ দানং ভবত্যাঃ আলিবর্গাঃ। দুঃসাধমান বিকৃতেঃ ( দুর্জয়মান-জনিত-বিকারস্য ) 'কৃতে' তব আলী ললিতা তথা তব প্রীতি-নর্ম্ম-শুভকর্ম্মততেঃ দানং বিশাখা এব; অত্রাপি ব্যক্ত সঃ ॥৮৩॥

কান্ত্যা ( দীপ্ত্যা ) অতিশয়ং নিন্দিতা রমাণাং শতলক্ষানাং কান্তি র্যেন তথাবিধস্য তব বিগ্রহস্য দানং সুদতীষু ( সুন্দরীষু ) অমূল্যা ভবতী এব; তথা লক্ষ্মীণাং সহস্রশততঃ অপি অতিরম্যা যা গোষ্ঠরামাঃ তাসাং শিরঃস্থ যঃ বরমণিঃ তৎস্বরূপায়াঃ তব দানং অসৌ বিগ্রহঃ এব ॥ অত্রান্যোন্যোপমা —যদুক্তমলঙ্কারকৌস্তুভে "বিপর্য্যাস উপমেয়োপমাদ্বয়োঃ।" তেন চ বিগ্রহ-তদ্বত্যোরভেদেনোক্তত্বাদ্ রমণেচ্ছু-শতলক্ষকামিনীবিজয়ি-কান্তিশীলস্য বিগ্রহস্য বা তৎকান্তিযুক্তায়াঃ বা নিগূঢ়-সম্ভোগাতিশয়ঃ পরিহাসভঙ্গ্যা প্রার্থিতঃ, যত্র গাঢ়বিলাস-বিভ্রান্তৌ সম্পরিষ্বক্তৌ বাহ্যান্তর-সম্বেদন-রহিতৌ যুগলকিশোরৌ পরমানন্দ-রসনিমগ্নৌ বিরাজতস্তমাম্ ॥ ৮৪ ॥

---

"সৌন্দর্য্য, লজ্জা, বিনয়, পাণ্ডিত্য, সুসঙ্গীত, বৈদগ্ধ্য এবং সদ্‌গুণরাজির জন্য তোমার সখীসমূহই দান। দুঃসাধ্য মান জনিত বিকারের জন্য তোমার সখী ললিতা এবং তোমার প্রীতিকর নর্ম্মময় শুভকর্ম্মরাজির জন্য বিশাখাই দান ॥ ৮৩ ॥

"তোমার শ্রীবিগ্রহের কান্তিতে শতলক্ষ রমার ( লক্ষ্মীর ) কান্তিও অতিশয় নিন্দিত হইতেছে—অতএব ঐ বিগ্রহের জন্য সুন্দরীকুলে দুষ্প্রাপ্যা তুমিই দান এবং লক্ষ লক্ষ লক্ষ্মী হইতেও

তদ্‌বাক্যমিত্থমধিকং মধুরং নিশম্য
রাধা তিরস্কৃত-সুধাঽতুলসিন্ধুগর্ব্বম্ ।
উৎফুল্ল-কোপ-ললিত-স্মিত-নর্ম্মরম্যং
ভঙ্গ্যা ললাপ কুটিলং কুটিলং নিরীক্ষ্য ॥ ৮৫ ॥

যাস্যাম্যহং নহি পথা রতহিণ্ডকেন
সন্দূষিতেন নিতরাং সখি ! তেন তেন ।

---

ইত্থং তিরস্কৃতঃ সুধায়াঃ অতুলসিন্ধোঃ গর্ব্বঃ যেন তথাবিধং অধিক মধুরং তদ্‌বাক্যং ( শ্রীকৃষ্ণালাপং ) নিশম্য রাধা কুটিলং ( বক্রং ) যথা স্যাত্তথা, যদ্বা—কুটিলং ( ত্রিভঙ্গশ্যামং ) নিরীক্ষ্য উৎফুল্লঃ যঃ কোপঃ তথা ললিতং ( সুকুমারতয়াঙ্গানাং বিন্যাসঃ ) চ স্মিতঞ্চ নর্ম্ম চ ইতি তৈঃ রম্যং 'অথচ' কুটিলং ( বক্রং ) ভঙ্গ্যা ললাপ। অত্র শ্রীরাধায়াঃ কিলকিঞ্চিত ভাবোদ্‌গমো দ্রষ্টব্যঃ। যদুক্তমুজ্জ্বলে—গর্ব্বাভিলাষ রুদিত স্মিতাসূয়াভয়-ক্রুধাং। সঙ্করীকরণং হর্ষাদুচ্যতে কিলকিঞ্চিতম্। উৎফুল্লেতি হর্ষাখ্য স্থায়িভাবস্য, ললিতেতি স্বাভিলাষস্য, কুটিলমিত্যসূয়াগর্ব্বয়োঃ, কোপস্মিতে তু ব্যক্তে ; এবমন্যদ্‌দ্বয়মপ্যুন্নেয়ম্ ॥৮৫॥

"হে সখি ! অহং তেন রতহিণ্ডকেন ( বধূচৌরেণ ) সন্দূষিতেন

---

অতি রমণীয় গোষ্ঠ-রমণীগণের শিরোভূষণা তোমার জন্য ঐ বিগ্রহই দান" ॥ ৮৪ ॥

এইভাবে অমৃতের অসীম সিন্ধুর গর্ব্ব তিরস্কারকারী তাঁহার অতি মধুর বাক্যাবলি শ্রবণ করিয়া এবং সেই কুটিল ( ত্রিভঙ্গ ) শ্যামকে নিরীক্ষণ করিয়া অথবা তাঁহার প্রতি বক্র-দৃষ্টিপাত পূর্ব্বক উৎফুল্লতাযুক্ত কোপ, ললিত হাস্য ও নর্ম্মদ্বারা রমণীয় কুটিল বাক্যে ভঙ্গীক্রমে শ্রীরাধা বলিলেন—

"হে সখি ! আমি সেই বধূচৌর কর্ত্তৃক সন্দূষিত সেই পথে কিছুতেই যাইব না"—এই প্রকারে আমি বলিলেও

ইত্থং মদুক্তমপি নৈব নিশম্য গর্ব্বাদ্
আনীয় মামিহ দদৌ ললিতা করেঽস্য ॥ ৮৬ ॥

এবং নিগদ্য সহসা সহ সা সখীভি
র্বাম্যেন কাম্যমপি তৎকৃত-নর্ম্ম-শর্ম্ম।
সন্নিন্দ্য বন্দ্যবদনা বিধুনা ব্রজন্তী
রুদ্ধা বলেন বিধুনা বিধুনা ব্রজস্য ॥ ৮৭ ॥

শ্রুত্বা মুকুন্দ-মধুর-স্মিতসিক্তনর্ম্ম
মর্ম্ম-প্রবন্ধমতুলং কিমপি স্মিতাক্ষী।

---

তেন পথা নিতরাং নহি যাস্যামি”—ইত্থং মম উক্তং ( বাক্যং ) অপি গর্ব্বাৎ নৈব নিশম্য মাম্ ইহ আনীয় ললিতা অস্য করে দদৌ ॥ ৮৬ ॥

এবং নিগদ্য তেন ( শ্রীকৃষ্ণেন ) কৃতং যৎ নর্ম্মশর্ম্ম ( পরিহাসমঙ্গল-বাকোবাক্যং ) কাম্যম্ ( বাঞ্ছিতং ) অপি বাম্যেন তৎ সংনিন্দ্য বিধুনা বন্দ্যবদনা ( চন্দ্রস্তুত-বদন-মণ্ডলা ) সা রাধা সখীভিঃ সহ সহসা ব্রজন্তী ব্রজস্য বিধুনা ( গোকুলচন্দ্রেণ ) বিধুনা ( কৃষ্ণেন—‘অসুরান্ বিধ্যতীতি কুঃ’ ইত্যমরটীকায়াং ‘বিধু’শব্দস্য নিষ্পাদনাৎ তস্য বলপ্রাচুর্য্যমবগম্যতে ) বলেন ( বলাৎকারেণ ) রুদ্ধা ॥ ৮৭ ॥

মুকুন্দস্য মধুরং যৎ স্মিতং তেন সিক্তঃ ( যুক্তঃ ) যো নর্ম্মমর্ম-প্রবন্ধঃ ( পরিহাসপূর্ণ-বাক্যসমূহঃ ) তং অতুলং কিমপি ( অনির্ব্বচনীয়ং ) যথা

---

ললিতা তাহা গর্ব্বভরে না শুনিয়া এই পথেই আমাকে আনিয়া ইহাঁর হস্তে দান করিয়াছে !! ৮৫—৮৬ ॥

এই বলিয়া শ্রীশ্যামসুন্দর-কৃত পরিহাসমঙ্গল বাকোবাক্য বাঞ্ছনীয় হইলেও তাহা সম্যক্ নিন্দা করিয়া বাম্যবশতঃ সহসা সখীগণসহ বেগের সহিত সেই চন্দ্র-কর্ত্তৃক-বন্দনীয়-বদনা শ্রীরাধা চলিয়া যাইতে থাকিলে ব্রজবিধু ( গোকুলচন্দ্রমা ) বিধু (শ্রীকৃষ্ণ) কর্ত্তৃক বলে অবরুদ্ধা হইলেন ॥ ৮৭ ॥

শ্রীমুকুন্দের মধুর হাস্যযুক্ত নর্ম্মালাপের অতুলনীয়

অন্তঃস্ফুরৎ সুখভরং প্রচুরং রুষেব
সংরুধ্য হৃদ্যমধিকং ললিতা ললাপ ॥ ৮৮ ॥

কস্যাপি গোষ্ঠনগরে দধি-দুগ্ধ-দান
বার্ত্তাপি ন শ্রুতচরী কিমু দৃষ্টপূর্ব্বা।
চিল্লাভবর্গপতিনা যদনেন সৃষ্ট-
মেতত্তু বল্লব-বধূ-কুল-লুণ্ঠনায় ॥ ৮৯ ॥

এতস্য কৃষ্ণভুজগস্য কঠোর-ভোগাৎ
সখ্যো যদি স্বমবিতুং পরমিচ্ছথৈতৎ।

---

স্যাত্তথা শ্রুত্বা স্মিতাক্ষী (হাস্যলোচনা) ললিতা অন্তঃস্ফুরৎ (অন্তঃস্ফূর্ত্তিমৎ) প্রচুরং অধিকং হৃদ্যং (হৃদয়গ্রাহি) চ সুখভরং (সুখাতিশয্যং) অপি সংরুধ্য রুষা (কোপেন) ইব ললাপ ॥ ৮৮ ॥

গোষ্ঠনগরে (ব্রজমণ্ডলে) দধিদুগ্ধদানবার্ত্তা অপি কস্যাপি ন শ্রুতচরী (শ্রুতপূর্ব্বা), কিমু দৃষ্টপূর্ব্বা; অনেন চিল্লাভ-বর্গ-পতিনা (বাটপাটচ্চরাধিপতিনা) যৎ এতৎ সৃষ্টং, তত্তু বল্লব-বধূকুলানাং (গোপীনাং) লুণ্ঠনায় ॥

হে সখ্যঃ! যদি এতস্য কৃষ্ণভুজগস্য (কৃষ্ণসর্পস্য, পক্ষে কামুক-চূড়ামণেঃ কৃষ্ণস্য) কঠোরভোগাৎ (কঠোরদংশনাৎ, পক্ষে কামময় বিলাসপরম্পরায়াঃ) স্বম্ অবিতুং (রক্ষিতুং) পরং (উত্তমং, যুক্তিযুক্তং বা)

---

অনির্ব্বচনীয় বাকোবাক্য শ্রবণ করিয়া হাস্য-লোচনা ললিতা অন্তরে স্ফূর্ত্তিপ্রাপ্ত প্রচুর সুখরাশি সংরোধ পূর্ব্বক কোপ করিয়াই যেন অতিমধুর হৃদয়গ্রাহী বাক্যবিন্যাস করিলেন ॥৮৮॥

"এই গোষ্ঠ নগরে দধি দুগ্ধাদির কর গ্রহণের বার্ত্তা ও কেহ শুনে নাই—দেখেত নাই-ই! এই চিল্লাভ(পথদস্যু)বর্গ-নায়ক কর্ত্তৃক কেবল গোপললনা সমূহকে লুণ্ঠন করিবার জন্যই ইহার সৃষ্টি হইয়াছে!! ৮৯ ॥

"হে সখীগণ! তোমরা যদি এই কৃষ্ণভুজঙ্গের (বিষধর সর্পের, কৃষ্ণরূপী বিট নায়কের) কঠোর ভোগ (দংশন.

গত্বা ব্রজেন্দ্রগৃহিণীপুরতো যশোঽস্য
সঙ্গীয়তাং ত্যজতি বঃ সুখিতো যথৈষঃ ॥ ৯০ ॥

রাধাহৃদাকূতমগাধমীষদ্
ব্যঙ্গেন বিজ্ঞায় মুকুন্দ আরাৎ।
প্রত্যেকমল্পস্মিত মত্র কৃত্বা
জগাদ ভঙ্গ্যা ললিতাদিকা স্তাঃ ॥ ৯১ ॥

বিদ্যাচয়স্য তব সুন্দরি! তুঙ্গবিদ্যে!
প্রত্যেকমেব কিল লক্ষ-সুবর্ণদক্ষম্।*

---

ইচ্ছথ, 'তদা' ব্রজেন্দ্রগৃহিণীপুরতঃ গত্বা অস্ত এতৎ যশঃ (বিপরীত-লক্ষণয়া দুর্নীতং) সংগীয়তাং, যথা এষ সুখিতঃ সন্ বঃ (যুষ্মান্) ত্যজতি; স্বাভিযোগপক্ষে তু—কৃষ্ণস্য কামময়বিলাসাবলিমাশ্রিত্য যদি স্বরক্ষণে যুক্তিং কুর্য্যাত, তদা যশোদায়াঃ নগরতঃ অন্যত্র বনাদৌ গত্বা অস্য কেলিবিলাসাদিযশোরাশিং তথা গায়ত, যথা তেনোদ্দীপিতঃ অয়ং যুষ্মাভিঃ সহ যথেচ্ছবিহারাদিকং কুর্ব্বাণঃ সাতিশয়সুখমনুভবন্ যুষ্মান্ স্বস্বগৃহেভ্যঃ প্রেরয়তি ॥ ৮৯—৯০ ॥

আরাৎ (দূরাৎ) ঈষৎ ব্যঙ্গেন (ভঙ্গ্যা) রাধায়াঃ হৃদঃ (হৃদয়স্য) অগাধং (গম্ভীরং) আকূতং (প্রতিসখীজনং দান-নিরূপণরূপাভিলাষং) বিজ্ঞায় মুকুন্দঃ অল্পস্মিতং কৃত্বা অত্র 'স্থিতাঃ' ললিতাদিকাঃ তাঃ প্রত্যেকং ভঙ্গ্যা জগাদ ॥ ৯১ ॥

---

কামময় বিলাসাদি) হইতে নিজকে রক্ষা করিতে একান্ত ইচ্ছা কর, তবে ব্রজেন্দ্র-গৃহিণীর সম্মুখে গিয়া ইহাঁর কীর্ত্তি গান কর, তাহাতে ইনি সুখী হইয়া তোমাদিগকে ত্যাগ করিবেন॥"৯০॥

দূর হইতে শ্রীরাধার হৃদয়ের অগাধ অভিলাষ-গর্ভ সঙ্কেত ঈষৎ ভঙ্গীতেই অবগত হইয়া শ্রীকৃষ্ণ তখন মৃদুহাস্য সহকারে ললিতাদি গোপীদের প্রত্যেককেই ভঙ্গী পূর্ব্বক বলিলেন—॥৯১॥

---

* দক্ষ-সুবর্ণ-লক্ষম্।

যত্তেন তেন ভবতী ব্রজযৌবতং ত-
জ্জিত্বা স্ফুরত্যনুদিনং মদ-দর্প-দৃপ্তা ॥ ৯২ ॥
চিত্রে ! সুচিত্রমৃদুমন্দবচঃ-প্রবন্ধো
হৃদ্যো ন কস্য তব সুন্দরি ! ভূতলেঽস্মিন্ ।
নোচেৎ কথং তমবগম্য বুধঃ সুধায়াঃ
মাধুর্য্যমপ্যনুদিনং হি তিরস্করোতি ॥ ৯৩ ॥
অস্মাদমুষ্য মধুরস্য ন কোঽপি দান-
যোগ্যঃ পদার্থ ইহ ভাবিনি ! দৃশ্যতে যৎ ।

---

হে সুন্দরি তুঙ্গবিদ্যে ! তব বিদ্যাচয়স্য প্রত্যেকম্ এব কিল লক্ষ-সুবর্ণদক্ষং, যৎ ( যস্মাৎ ) তেন তেন ( বিদ্যাচয়েন ) মদদর্পদৃপ্তা ভবতী ব্রজযৌবতং ( ব্রজযুবতীসমূহান্ ) জিত্বা অনুদিনং স্ফুরতি । অত্রাঙ্গ-প্রত্যঙ্গানাং সম্ভোগলালসা সূচিতা ॥ ৯২ ॥

হে সুন্দরি চিত্রে ! তব সুচিত্রঃ মৃদুঃ তথা মন্দশ্চ যঃ বচঃ-প্রবন্ধঃ সঃ অস্মিন্ ভূতলে কস্য হৃদ্যঃ ন ভবতি, অপিতু সর্ব্বেষামেব । নোচেৎ তম্ অবগম্য ( জ্ঞাত্বা ) কথং বুধঃ সুধায়াঃ মাধুর্য্যম্ অপি অনুদিনং হি ( নিশ্চিতমেব ) তিরস্করোতি ॥ ৯৩ ॥

হে ভাবিনি ! যৎ ( যস্মাৎ ) ইহ ( ব্রজে ) অমুষ্য মধুরস্য 'বস্তুনঃ'

---

"হে সুন্দরি তুঙ্গবিদ্যে ! তোমার বিদ্যা সমূহের প্রত্যেকটীর জন্যই লক্ষ সুবর্ণ দান আদায় করাই যুক্তিযুক্ত ; যেহেতু সেই সেই বিদ্যা দ্বারা তুমি ব্রজ-যুবতিগণকে জয় করিয়া মদ গর্ব্বাভিমানিনী হইয়া নিরন্তর স্ফূর্ত্তি পাইতেছ ॥ ৯২ ॥

"হে সুন্দরী চিত্রে ! তোমার সুচিত্র মৃদুমন্দ বাক্-প্রবন্ধ কাহার না হৃদ্‌রসায়ন হয় ? তাহাই যদি না হয়, ঐ বাক্য-প্রবন্ধ অবগত হইয়া পণ্ডিতগণ সুধার মাধুর্য্যকেও নিশিদিন তিরস্কার করিবেন কেন" ? ৯৩ ॥

"হে ভাবিনি ! এই কারণে ঐ মধুর বাক্যপ্রবন্ধের দানযোগ্য

তস্মাদিদং মৃদুল-মঞ্জুল-মৃষ্ট-দিব্য-
বিম্বাধরামৃতমিদং স্মিত-চন্দ্র-গন্ধি ॥ ৯৪ ॥
প্রাণালি চম্পকলতে ! তব বহ্নিতপ্ত-
জাম্বনদ-স্ফুরিত-চম্পক-কম্পি-কান্তেঃ ।
*শ্যামং মদঙ্গমুচিতং মুদিতা তয়ৈব
সন্মালয়া মধুরয়া কিল মণ্ডয়েতি ॥ ৯৫ ॥

যত্তে মুখস্য মধু তন্মধুরাঙ্গি ! নর্ম্ম-
কর্পূর বাসিততরং রসদিগ্ধমুগ্ধম্ ।

---

দানযোগ্যঃ কোঽপি পদার্থঃ ন দৃশ্যতে, তস্মাৎ স্মিতমেব চন্দ্রঃ ( কর্পূরঃ ) তেন গন্ধঃ যস্য তথাবিধং মৃদুলং মঞ্জুলং ( মনোজ্ঞং ) মৃষ্টং ( মার্জিতং ) দিব্যঞ্চ যৎ ইদং বিম্বাধরামৃতং তদেব দানম্ 'ইদং' শব্দস্য দ্বিরুক্তিস্তু আগ্রহাতিশয্য-জ্ঞাপিকা ॥ ৯৪ ॥

হে প্রাণালি চম্পকলতে ! বহ্নিনা তপ্তং যৎ জাম্বনদং ( সুবর্ণং ) তেন স্ফুরিতং ( সুশোভিতং ) যৎ চম্পকং তস্য যা কম্পনশীলা কান্তিঃ তস্যাঃ দানং কিল মুদিতা সতী তয়া মধুরয়া সন্মালয়া এব ত্বং শ্যামং মদঙ্গং মণ্ডয় ( ভূষয় ) ইতি হি উচিতম্ । মদঙ্গমুদিতমিতি পাঠে—ত্বৎপুরোবর্ত্তিনং মাং ভূষয়েত্যর্থঃ ॥ ৯৫ ॥

হে মধুরাঙ্গি বিশাখে ! যৎ তে মুখস্য মধু তৎ খলু নর্ম্ম এব কর্পূরঃ

---

পদার্থ এই পৃথিবীতে দৃষ্ট হইতেছে না ; অতএব এই মৃদুল মনোজ্ঞ বিমল দিব্য স্মিত-কর্পূর-গন্ধি বিম্বাধরামৃতই দান কর"॥

"হে প্রাণসখি চম্পকলতে ! তোমার তপ্তকাঞ্চনবৎ স্ফূর্ত্তিপ্রাপ্ত এবং চম্পক-বিনিন্দি কান্তির জন্য দান স্বরূপে তুমি আনন্দিত হইয়া আমার এই শ্যামল অঙ্গকে সেই সুন্দর মধুর চম্পকমালা দ্বারা ভূষিত করাই যুক্তিযুক্ত" ॥ ৯৪—৯৫ ॥

"হে মধুরাঙ্গি বিশাখে ! তোমার মুখের পরিহাস-রূপ-

---

* মদঙ্গমুদিতম্···

তস্যৈব দুর্ল্লভতরস্য পরং বিশাখে !
দানং ত্বমেব নিয়তং ন পরং ত্রিলোক্যাম্ ॥ ৯৬ ॥

বৈদগ্ধ্য-নর্ম্মরস-লাস্য-বিলাস-হাস
সৌন্দর্য্যসদ্‌গুণততে ললিতে ! পরং তে।
মানোরুশিক্ষণ-বিচক্ষণতাদি কূট
কাঠিন্য-কৌশল-পরিত্যজনং হি দানম্ ॥৯৭ ॥

সুধানিধি-সুধাভরৈঃ কৃতবিচিত্রসং-কুণ্ডিকা- *
স্পৃহাশতবিসর্জ্জক-স্ফুরিত-মাধুরী-বিন্দুকাম্ ।

---

তেন বাসিততরং (সুগন্ধিতং), তথা রসেন দিগ্ধং (মিশ্রং) মুগ্ধং (মনোহরং) চ ; অতঃ তস্যৈব দুর্ল্লভতরস্য বস্তুনঃ পরং দানং ত্বমেব নিয়তং (নির্দ্দিষ্টং) —ত্রিলোক্যাং ন পরং 'দানং' ভবেদিতি শেষঃ ॥ ৯৬ ॥

হে ললিতে ! তে ( তব ) বৈদগ্ধ্যঞ্চ নর্ম্মরসশ্চ লাস্যং (সুকুমার-তয়াঽঙ্গবিক্ষেপঃ । চ বিলাসশ্চ হাসশ্চ সৌন্দর্য্যঞ্চ তথা সদ্‌গুণঞ্চ—তেষাং যা ততিঃ ( সমূহঃ ) তস্যাঃ পরং দানং হি—মানস্য উরু ( বহুবিধং ) যৎ শিক্ষণং তস্য যৎ বিচক্ষণতাদি তস্য যৎ কূটকাঠিন্যং তস্মিন্ যৎ কৌশলং তস্য পরিত্যজনমেব ॥ ৯৭ ॥

[ কুন্দলতা বদতি—] হে সুমুখি ! সুধানিধেঃ সুধাভরৈঃ কৃতা

---

কর্পূর-দ্বারা-সুবাসিততর, রসাল ও মনোজ্ঞ যে মধু ( অধরসুধা ) সেই পরম দুর্ল্লভতর বস্তুর তুমিই দানরূপে নির্দ্দিষ্ট হইয়াছ ; কেননা, জগতে আর কিছুই ইহার দান হইতে পারেনা" ॥ ৯৬ ॥

"হে ললিতে ! তোমার পরম বৈদগ্ধ্য, পরিহাসরস, লাস্য-বিলাস, হাস্য, সৌন্দর্য্য ও সদ্‌গুণরাজির জন্য মান সাধনের বিবিধ উপায়ে শিক্ষণবিচক্ষণতাদি কূট-কাঠিন্য-কৌশলাদির পরিত্যাগই দানরূপে নির্দ্দিষ্ট হইল" ॥ ৯৭ ॥

---

* সংকুণ্ডী ।

তয়ো র্ব্রজবিলাসিনো র্মধুর কেলিবার্ত্তাসুধাং
ধয়ন্ত্যপি সহস্রশঃ সুমুখি ! নৈব তৃপ্তিং লভে ॥৯৮॥

তস্মাৎ পুনঃ পুনরিমাং কথয়ৈব বার্ত্তা-
মিত্যগ্র কুন্দলতয়া প্রতিভাষ্যমাণে।
সন্তোষসাগর-নিমজ্জন ফুল্লরোমা
প্রেমার্দ্রবাগ্ বিধুমুখী সুমুখী বভাষে ॥ ৯৯ ॥

তদা তদুক্তাখিলদানবস্তু-
জাতং নিশম্যালিকুলেষু তেষু।

---

( পূরিতা ) যা বিচিত্রা সতী চ কুণ্ডিকা ( বৃহৎ পাত্রং ) তস্যাঃ স্পৃহাশতানামপি বিসর্জ্জকং ( পরিত্যাজকং ) স্ফুরিত-মাধুরীণাং বিন্দুকং যস্যাঃ তথাবিধাং তয়োঃ ব্রজবিলাসিনোঃ মধুর-কেলিবার্ত্তা-সুধাং সহস্রশঃ ধয়ন্তী ( পিবন্তী ) অপি তৃপ্তিং নৈব লভে ॥ [ কুণ্ডলীতি পাঠে, সুধা প্রাচুর্য্যোত্থিতবিবিধ-গভীরাবর্ত্ত স্পৃহালক্ষাণাং পরিত্যাজকমিত্যর্থঃ ] ॥ ৯৮ ॥

'তস্মাৎ ইমাং কথাম্ এব পুনঃ পুনঃ কথয়'—ইতি অগ্র কুন্দলতয়া প্রতিভাষ্যমাণে সন্তোষ-সাগরে নিমজ্জনাৎ ফুল্লরোমা ( রোমাঞ্চিতা ) প্রেম্না আর্দ্রা ( সিক্তা ) বাক্ যস্যাঃ সা বিধুমুখী সুমুখী বভাষে ॥ ৯৯ ॥

তদা তেন ( কৃষ্ণেন ) উক্তং অখিলং দানবস্তু-জাতং নিশম্য তেষু

---

"হে সুমুখি ! অমৃত-সমুদ্রের অমৃতসারেপূর্ণ বিচিত্র সুন্দর কুণ্ডিকার ( বৃহৎপাত্রের ) অভিলাষরাশি-পরিত্যাজক মাধুরী-বিন্দুযুক্ত সেই ব্রজবিলাসী যুগলের মধুর কেলিবার্ত্তাসুধা সহস্র-বার পান করিয়াও তৃপ্তিলাভ করিতে পারিতেছি না" ॥ ৯৮ ॥

"কাজেই এই কথাই পুনঃ পুনঃ বলিতে থাক"—এইভাবে কুন্দলতা তখন সুমুখীকে বলিলেন। তখন চন্দ্রমুখী সুমুখীও সন্তোষ-সাগরে নিমজ্জিতা হইয়া রোমাঞ্চিত-কলেবরে প্রেম গদ্‌গদ কণ্ঠে বলিতে প্রবৃত্ত হইলেন— ॥ ৯৯ ॥

"তৎপর শ্রীকৃষ্ণের বর্ণিত নিখিল দান-বস্তুর কথা শুনিয়া

হসৎস্থ সর্ব্বেষু চ তুঙ্গনর্ম্মা।
স্মিত্বা স্ফুটং বাচমুবাচ গোষ্ঠ্যাম্ ॥ ১০০ ॥

বিত্তানি যানি মধুমঙ্গল! যাচিতানি
তান্যাশু নেষ্যথ কথং বত দুর্ব্বলাঃ স্থ।
তস্মাদ্ গৃহাচ্ছকট-যূথমিহানয়ধ্বং
শূরোষ্ট্র-সদ্বৃষভ-লোক-খরাংশ্চ বোঢ়ুম্ ॥১০১॥

তৎ কৃষ্ণ-নর্ম্মলপিতং ললিতং নিশম্য
থূৎকারকারকমপীন্দুসুধা-প্রবাহে।

---

সর্ব্বেষু আলিকুলেষু হসৎসু চ তুঙ্গনর্ম্মা (পরিহাস-বিনোদিনী তুঙ্গবিদ্যা) স্মিত্বা গোষ্ঠ্যাং (সদসি) বাচমুবাচ ॥ ১০০ ॥

"হে মধুমঙ্গল! যানি বিত্তানি যাচিতানি, তানি আশু কথং নেষ্যথ, 'যতঃ' বত (হন্ত) দুর্ব্বলাঃ স্থ। তস্মাৎ তানি বোঢ়ুং গৃহাৎ শকটযূথং তথা শূরান্ উষ্ট্রান্ সতঃ (উৎকৃষ্টান্) বৃষভান্ লোকান্ খরাংশ্চ আনয়ধ্বম্ ॥ ১০১ ॥

'ততঃ' কৃষ্ণস্য তৎ ললিতং (মনোহরং) তথা ইন্দুসুধায়াঃ (চন্দ্রামৃতস্য) যঃ প্রবাহঃ তস্মিন্ অপি থূৎকার-কারকং (তিরস্কারি) নর্ম্মলপিতং

---

সেই সখীগণ এবং অন্যান্য সকলেই হাস্য করিতে লাগিলেন। তখন তুঙ্গনর্ম্মা (নর্ম্ম-বিনোদী তুঙ্গবিদ্যা) ও ঈষৎ হাস্য সহকারে সেই গোষ্ঠীতে প্রকাশ্যভাবেই বলিলেন— ॥ ১০০ ॥

"হে মধুমঙ্গল! যে সকল বিত্ত প্রার্থনা করা হইয়াছে, সেই সকল বস্তু শীঘ্র শীঘ্র কি প্রকারে লইবে বলত! যেহেতু তোমরা যে দুর্ব্বল! অতএব ঐ সকল বস্তুরাজি বহন করিবার জন্য গৃহ হইতে শকট রাশি, প্রকাণ্ড প্রকাণ্ড উট, বড় বড় বৃষ, লোকজন ও গর্দ্দভাদি আনয়ন কর ॥১০১॥

তৎপরে শ্রীকৃষ্ণের পূর্ব্বোক্ত পরিহাস-গর্ভ, সুললিত ও চন্দ্র-সুধার প্রবাহ-তিরস্কারকারী আলাপ শ্রবণ করিয়া বাম্য-মধুরা

আনন্দ-সংস্ফুরিত-সাত্ত্বিকভাবভার-
মাগুণ্ঠ্য বাম্যমধুরা মধুরায়তাক্ষী ॥ ১০২ ॥

শ্রীমদ্ গোষ্ঠবনেশ্বরী রসকলা-লীলোজ্জ্বলন্নাগরী
ভ্রাজদ্গোষ্ঠ-মহেন্দ্রনন্দনমনোমাণিক্য-পাটচ্চরী ।
প্রোদ্যৎ পুষ্পধনুঃ প্রবন্ধ-বিবিধ-ব্যাকার-বাগীশ্বরী
গান্ধর্ব্বা গিরিধারিণা বিবদতে বাঙ্নৃত্য বিদ্যাধরী।১০৩
[ যুগ্মকম্ ]

স্বামিন্নু দাসবনিতা ন বয়ং ভবাম
শ্চন্দ্রাবলি র্ন চ বয়ং ন চ পদ্মিকা তে ।

---

( পরিহাসবাক্যং ) নিশম্য আনন্দেন সংস্ফুরিতা যে সাত্ত্বিকাঃ ভাবাঃ তেষাং ভারম্ আগুণ্ঠ্য ( অবহিথয়া সংগোপ্য ) বাম্যমধুরা মধুরায়তাক্ষী শ্রীমদ্ গোষ্ঠবনস্য ঈশ্বরী রসকলায়াঃ ( রসবিদ্যায়াঃ ) যা লীলা (অভিনয়ঃ) তস্যাং যা উজ্জ্বলন্তী ( দীব্যন্তী ) নাগরী, ভ্রাজৎ যদ্ গোষ্ঠং তস্য মহেন্দ্রঃ তস্য নন্দনঃ তস্য যৎ মনঃ এব মাণিক্যং তস্য পাটচ্চরী ( অপহারিণী ), প্রকর্ষেণ উদ্যন্ যঃ পুষ্পধনুষঃ ( মদনস্য ) প্রবন্ধঃ তস্য বিবিধ-ব্যাকারেষু ( ব্যাখ্যাসু ) বাগীশ্বরী ( সরস্বতী ) তথা বাচাং নৃত্যং তদ্বিষয়ে বিদ্যাধরী ( তৎস্বরূপেত্যর্থঃ ) 'সা' গান্ধর্ব্বা গিরিধারিণা সহ বিবদতে ॥১০২-১০৩॥

নু ( ভোঃ ) স্বামিন্ ( মহামন্মথরাজস্মন্ত্র, কথামাত্রস্বামিন্ বা ) বয়ং দাসবনিতাঃ ( ক্রীতদাস্যঃ ) ন ভবামঃ, নচ বয়ং চন্দ্রাবলিঃ, ন চ তে

---

মধুরায়তাক্ষী শ্রীরাধা আনন্দোত্থ সাত্ত্বিকভাবাবলী গোপন করিয়াছিলেন ; এবং সেই শ্রীমতী গোষ্ঠবনাধীশ্বরী, রসকলা বিলাসের উজ্জ্বল-নাগরীমণি, দীপ্তিময় গোষ্ঠনগরের মহেন্দ্র ( শ্রীনন্দ ) নন্দনের মনোরূপ মাণিক্য-অপহারিণী—প্রকৃষ্টভাবে উদীয়মান কাম-প্রবন্ধের বিবিধ ভাবে প্রকাশন বিষয়ে বাগ্ দেবী (সরস্বতী) স্বরূপা—বাক্যনৃত্যের বিদ্যাধরী—গান্ধর্ব্বা গিরিধারীর সহিত বিবাদে প্রবৃত্তা হইলেন ॥১০২-৩॥

যদ্ গূঢ়ঘোরগহনে মিষতঃ করস্য
সংলুণ্ঠনায় ভবতা বত রক্ষিতাঃ স্মঃ ॥ ১০৪ ॥

রাধে ! মুধা ন কুরু বাদ-বিবাদ-বৃদ্ধিং
জ্ঞাত্বা হিতং মদুদিতং মম দেহি দানম্ ।
নোচেন্মহামদন এষ নিশম্য রোষাৎ
সংশাস্তি বো যদি তদা মম নেহ দোষঃ ॥১০৫॥

মিথ্যৈবায়ং সৃজতি নহি চেদ্দানমেতত্ততোঽসৌ
প্রেয়শ্চন্দ্রাবলি-বর-শিরঃ-শাপমঙ্গীকরোতু ।

---

পদ্মিকা 'অপি', যৎ ( যেন ) করস্য মিষতঃ ( ছলেন ) গূঢ়ঘোর-গহনে ভবতা সংলুণ্ঠনায় বত রক্ষিতাঃ স্মঃ ॥ ১০৪ ॥

হে রাধে ! মুধা ( বৃথা ) বাদবিবাদয়োঃ বৃদ্ধিং ন কুরু । মদুদিতং ( মম বাক্যং ) হিতং জ্ঞাত্বা মম দানং দেহি ; নো চেৎ এষ মহামদনঃ 'এতৎ' নিশম্য রোষাৎ যদি বঃ সংশাস্তি তদা ইহ ( অস্মিন্ শাসনব্যাপারে) মম দোষঃ ন ভবেদিতি শেষঃ ॥ ১০৫ ॥

"চেৎ (যদি) অয়ং ( কৃষ্ণ ) মিথ্যৈব এতৎ দানং নহি সৃজতি, ততঃ অসৌ প্রেয়স্যাঃ চন্দ্রাবল্যাঃ যৎ বরং ( শ্রেষ্ঠং ) শিরঃ তস্য শাপম্

---

"হে মহারাজ ! আমরা ত তোমার ক্রীতদাসী নহি ; চন্দ্রাবলী ও নহি, অথবা তোমার পদ্মা ও নহি যে নিগূঢ় ঘোর বনে করের ছলে যথাসর্ব্বস্ব সম্যক্ লুণ্ঠন মানসে আমাদিগকে অবরোধ করিবে ? ॥১০৪॥

"হে রাধে ! বৃথা বাদ বিবাদ বৃদ্ধি করিও না। আমার বাক্য হিতকর জানিয়া আমার দান দাও; নতুবা এই মহামদন সকল তথ্য অবগত হইয়া রোষ বশতঃ যদি তোমাদিগকে কঠোর শাস্তি দেন, তবে আমার কোনও দোষ নাই ॥১০৫॥

"ইনি যদি মিথ্যাই এই দান রচনা না করিয়া থাকেন, তবে ইঁহার প্রেয়সী চন্দ্রাবলীর সুন্দর মস্তকের শপথ করিতে

স্মিত্বা গোবর্দ্ধন-গিরিদরী-গেহিনী-রঙ্গিণীত্থং
বাচাং লাস্যং সখি ! বিদধতী হাসয়ামাস গোষ্ঠীম্ ॥১০৬॥
*শুদ্ধা বিভাতি চ ধিয়া শুভয়া বিশাখা
বৈদগ্ধ্য-নর্ম্ম-নিপুণা ভবদন্তরঙ্গা।
তস্মাত্তয়া সহ বিচার্য্য বিচার্য্য-কার্য্যং
কুর্য্যাঃ প্রমত্ত-ললিতা-মতিমাশু মুঞ্চ ॥১০৭॥
দানীন্দ্রচন্দ্র ! ভবত স্তবতো যতোঽহং
প্রাপ্তা সুখং তদিহ তেঽপি সুখানি দাত্রী।†

অঙ্গীকরোতু"। হে সখি 'কুন্দলতে'! গোবর্দ্ধনগিরেঃ যা দরী (গুহা) তস্যাং যা গেহিনী [অনেন দান-লীলা প্রসঙ্গান্তে গোবর্দ্ধন-গিরিগুহায়াং ভাবি-বিলাসঃ সূচিতঃ] সা রঙ্গিণী (কৌতুকিনী) রাধা ইত্থং বাচাং লাস্যং (নৃত্যং) বিদধতী (কুর্ব্বতী) গোষ্ঠীং হাসয়ামাস ॥ ১০৬ ॥

বিশাখা শুভয়া ধিয়া শুদ্ধা বিভাতি (প্রতিভাতি), বৈদগ্ধ্যঞ্চ নর্ম্ম চ তয়োঃ নিপুণা, তথা ভবত্যাঃ অন্তরঙ্গা চ। তস্মাৎ বিচার্য্যং (বিচারযোগ্যং) কার্য্যং তয়া সহ বিচার্য্য (পরামৃশ্য) কুর্য্যাঃ; প্রমত্তা যা ললিতা তস্যাঃ মতিং (বুদ্ধিং) আশু (শীঘ্রং) মুঞ্চ ॥ ১০৭ ॥

হে দানীন্দ্রচন্দ্র! যতঃ অহং ভবতঃ স্তবতঃ সুখং প্রাপ্তা, তৎ তস্মাৎ

অঙ্গীকার করুন।"—হে সখি! গোবর্দ্ধনগিরি-কন্দরার রঙ্গিণী স্বামিনী এইভাবে বাক্যলাস্য বিস্তার করিলে সেই সখী-গোষ্ঠী হাসিতে লাগিলেন ॥ ১০৬ ॥

"এই বিশাখা—শুভ বুদ্ধিতে শুদ্ধা বলিয়াই প্রতীয়মান হইতেছেন—আর ইনি বৈদগ্ধ্য-নর্ম্ম বিষয়ে ও সুনিপুণ, আপনার অন্তরঙ্গা ও বটেন। অতএব তাঁহার সহিত প্রতি কার্য্যে বিচার করিয়া করিয়া সম্পাদন করাই যুক্তিযুক্ত. এখন শীঘ্রই প্রমত্তা ললিতার বুদ্ধি ত্যাগ করুন—ইহাই প্রার্থনা ॥ ১০৭ ॥

"হে দানীন্দ্রচন্দ্র! আপনার স্তবেতে আমি যথেষ্ট সুখানুভব

* শুদ্ধা নিভাতি † দাতুম্

কুলীনা ব্রতিনী রেতা রহঃ সংরক্ষত স্তব ।
অপকীর্ত্তি রলং বীর ! ভবিতা গোকুলে পুরে ॥১৩৪॥

কৃতং কর্ত্তব্যমত্রৈব তদলং নর্ম্ম-খেলয়া ।
সমূহ্য মুঞ্চ মুঞ্চৈতাঃ সত্রং গচ্ছন্তু সত্বরম্ ॥১৩৫॥

সর্ব্বাঙ্গাণামুপরি লসতা লঙ্গিমেনোত্তমাঙ্গে-
নাপি শ্লাঘ্যং মুখবিধুমিমা দ্যোতয়ন্ত্যোঽপি ধূর্ত্তাঃ ।

---

হে বীর ! কুলীনাঃ ব্রতিনীঃ এতাঃ রহঃ ( নির্জ্জনে ) সংরক্ষতঃ ( অবরোধকারিণঃ ) তব গোকুলে পুরে অপকীর্ত্তিঃ অলং ( প্রচুরং ) ভবিতা ॥ ১৩৪ ॥

অত্র এব কর্ত্তব্যং কৃতম্—তৎ ( তস্মাৎ ) নর্ম্মখেলয়া অলং—সমূহ্য ( মদ্‌বাক্যং বুদ্ধা ) এতাঃ মুঞ্চ ( অত্র দ্বিরুক্তি রাগ্রহাতিশয়েন )—'এতাঃ' সত্বরং সত্রং ( যজ্ঞভবনং ) গচ্ছন্তু। স্বাভিযোগপক্ষে - নর্ম্মরসেন বৃথা সময়ং ন যাপয়িত্বা মদ্‌বাক্যস্ত স্বারস্যং জ্ঞাত্বা এতাঃ তথা কৃত্বা মুঞ্চ যথা শীঘ্রমেব স্মুরতযজ্ঞ-সদনং গচ্ছেয়ুরিতি ভাবঃ ॥ ১৩৫ ॥

সর্ব্বাঙ্গাণাম্ উপরিলসতা ( বিরাজতা ) লঙ্গিমেন ( মনোরমেণ )

---

'জীবিত থাকিলে কি-ই না দেখা যায় ?'—এই বাক্যের মর্ম্ম এখনই অনুভব করিলাম ॥১৩৩॥

"হে বীর ! ইঁহারা কুলকামিনী, এবং ব্রত-পরায়ণা । নির্জনে ইঁহাদিগকে অবরোধ করিয়া রাখিলে এই গোকুলমণ্ডলে আপনার যথেষ্ট অপকীর্ত্তি রটিবে ॥ ১৩৪ ॥

"এস্থানেই আপনার কর্ত্তব্য কার্য্যের সম্পাদনও করা হইয়াছে ; এখন আর নর্ম্মখেলার প্রয়োজন নাই ; ইহা সম্যক্ অবগত হইয়া ইঁহাদিগকে ত্যাগ করুন—ত্যাগ করুন ! ইঁহারা শীঘ্রই যজ্ঞমণ্ডপে গমন করুন" ॥ ১৩৫ ॥

"সর্ববাঙ্গের উপরিভাগে বিরাজিত যে উত্তম উত্তমাঙ্গ ( মস্তক )—তাহা দ্বারাও প্রশংসনীয় যে মুখচন্দ্র তাহা এই

তস্মান্নীচৈ র্হৃদয়মপি যন্নাভি মাচ্ছাদয়েয়ু
যত্নৈর্ব্বদ্ধ স্তদিহ ভবিতা কোঽপ্যপূর্ব্বঃ পদার্থঃ ॥১৩৬॥

তস্মাৎ পূর্ব্বং নিভৃত মনয়া স্থান-যুগ্মং প্রকাশ্য
প্রায়ঃ সত্যং ভবতি নহি বা কার্য্যতাং তৎ-প্রতীতিঃ।
নোচেদেতদ্বিবৃতিমচিরাৎ সূচকাৎ সংনিশম্য
ক্রুদ্ধোঽস্মাকং মদন-নৃপতি র্দণ্ড মুচ্চৈ র্বিধাতা ॥১৩৭॥

---

উত্তমাঙ্গেন (শিরসা) অপি শ্লাঘ্যং (বন্দনীয়ং) মুখবিধুং দ্যোতয়ন্ত্যঃ (প্রকাশয়ন্ত্যঃ) অপি ইমাঃ ধূর্ত্তাঃ তস্মাৎ (মুখাৎ) নীচৈঃ হৃদয়ম্ নাভিম্ অপি (চ) যৎ (যস্মাৎ) আচ্ছাদয়েয়ুঃ (আচ্ছাদিতবত্যঃ) তৎ (তস্মাৎ) ইহ (বক্ষোনাভি-দেশয়োঃ) যত্নৈঃ বদ্ধঃ কোঽপি (অনির্ব্বচনীয়ঃ) পদার্থঃ ভবিতা; তস্মাৎ পূর্ব্বম্ (আদৌ) অনয়া (রাধয়া) নিভৃতং (নির্জনে) স্থান-যুগ্মং প্রকাশ্য (উদ্‌ঘট্য) তৎ প্রায়ঃ (নিতরাং) সত্যং ভবতি নহি বা প্রতীতিঃ কার্য্যতাং (উৎপাদ্যতাম্)। নোচেৎ এতাং বিবৃতিং (বিবরণং) অচিরাৎ সূচকাৎ (কর্ণেজপাৎ) সংনিশম্য (আকর্ণ্য) মদননৃপতিঃ ক্রুদ্ধঃ সন্ অস্মাকং উচ্চৈঃ (গুরুতরং) দণ্ডং বিধাতা (করিষ্যতীত্যর্থঃ) ॥ ১৩৬—১৩৭॥

---

ধূর্ত্তা রমণীগণ প্রকাশ করিয়াও, তাহার নিম্নদেশস্থ হৃদয় ও নাভি যে ইহারা আচ্ছাদন করিয়া রাখিয়াছে—তাহাতেই বোধ হইতেছে যে ঐস্থানে কোনও এক অপূর্ব্ব বস্তু সযত্নে বদ্ধ হইয়া রহিয়াছে ॥ ১৩৬ ॥

"অতএব পূর্ব্বেই ইনি গোপনে ঐ স্থানদ্বয় প্রকাশ করিয়া তদ্বিষয়ে প্রতীতি জন্মাইয়া দিন যে আমার কথা সত্য কি মিথ্যা! তাহা না হইলে আমাদের মদন রাজা অবিলম্বে এই বিবরণ সূচক (কর্ণেজপ, চর) মুখে শুনিয়া ক্রুদ্ধ হইবেন এবং কঠিন শাস্তির বিধান করিবেন ॥ ১৩৭ ॥

গুপ্তীকর্ত্তুং তদপি পরমং বস্তু যত্ত্বয়াঽহং
প্রার্থ্যে ভঙ্গ্যা সুমতি-ললিতে ! দাতুমুক্ত্বা তদর্দ্ধম্ ।
এতৎ কিং স্যাদ্ যদিহ বিচরেল্লেখকঃ সূচকোঽসৌ
রাজ্ঞঃ প্রেয়ান্ পরমমতিমানুজ্জ্বলঃ প্রেক্ষকোঽপি ॥১৩৮॥

অন্বিষ্যদ্‌ভ্যাং নিরবধি মমচ্ছিদ্রমাভ্যাং তদগ্রে
ব্যাজাদেতন্নিভৃত-বিবৃতৌ জ্ঞাপিতায়ামবশ্যম্ ।

---

হে সুমতি ( সুবুদ্ধি ) ললিতে ! তৎ ( পূর্ব্বোক্ত-পদার্থদ্বয়ং ) পরমং ( উৎকৃষ্টং ) বস্তু অপি যৎ ( যস্মাৎ ) ত্বয়া তস্য অর্দ্ধং দাতুমুক্ত্বা গুপ্তীকর্ত্তুং অহং ভঙ্গ্যা প্রার্থ্যে ( যাচ্যে ). এতৎ কিং স্যাৎ ( সম্ভবেৎ নাম), যৎ (যস্মাৎ) ইহ ( অত্র স্থানে ) রাজ্ঞঃ সূচকঃ ( কর্ণেজপঃ ) সন্ লেখকঃ ( মধুমঙ্গল এব ) বিচরেৎ ; তথা প্রেয়ান্ ( প্রিয়তমঃ ) পরমমতিমান্ প্রেক্ষকঃ ( পরিদর্শকঃ ) উজ্জ্বলঃ ( তন্নামা সখা ) চ বিচরেৎ; যদুক্তং রাধাকৃষ্ণ গণোদ্দেশে—

মূর্ত্তিমানেব রসরাড়ুজ্জ্বলশ্চ মহোজ্জ্বলঃ !
বিলাসি-শেখরো যস্য বিলাসেন বশীকৃতঃ ॥ ইত্যাদি ॥ ১৩৮ ॥

মম ছিদ্রম্ ( ত্রুটি-বিচ্যুতিং ) নিরবধি ( নিরন্তরং ) অন্বিষ্যদ্‌ভ্যাম্ আভ্যাং ( সূচক-প্রেক্ষকাভ্যাং ) তস্য নৃপস্য অগ্রে ব্যাজাৎ ( ছলেন ) অপি এতস্যাং নিভৃত-বিবৃতৌ জ্ঞাপিতায়াং সত্যাং অবশ্যম্ অত্যুচ্চৈঃ তীব্রঃ ( অতিকোপনঃ ) মদন-নৃপতিঃ মাং ত্বাদৃশীভিঃ ( গোপকিশোরীভিঃ )

---

"হে সুবুদ্ধি ললিতে ! সেই পরম বস্তু গোপন করিতে যে তুমি আমাকে তদর্দ্ধ দান করিবে বলিয়া ভঙ্গীক্রমে প্রার্থনা জানাইতেছ—তাহা কি কখনও হইতে পারে ? কেন না, এখানে লেখক ( মধুমঙ্গল ) রাজার সূচক (চর) এবং রাজার প্রিয় পরমবুদ্ধিমান্ প্রেক্ষক ( পরিদর্শক ) উজ্জ্বল রহিয়াছেন।
"এই দুইজন ( সূচক ও প্রেক্ষক ) নিরন্তর আমার ছিদ্র অন্বেষণ করেন ; যদি ইহাঁরা ছলেও এই নিভৃত বিবরণ তাঁহার

তীব্রোঽত্যুচ্চৈ র্মদন-নৃপতি র্মামিত স্বাদৃশীভিঃ*
সার্দ্ধং বদ্ধা নিভৃত-তমসি ক্ষেপ্স্যতি দ্রাগ্ গুহান্তঃ ॥১৩৯॥

ইতি নান্দীমুখী-সাক্ষাচ্ছংসিতে কংসবিদ্বিষা।
কপটক্রোধবিদ্ধাদ্ধা রাধা মাধবমব্রবীৎ ॥ ১৪০ ॥

সদ্ধর্ম্মোদ্যৎ কমল-পটল-প্রৌঢ়-রাজীব-বন্ধো
গোপেন্দ্রস্য প্রথিততনয়ঃ শুদ্ধ-রামানুজোঽপি।

---

সার্দ্ধং 'একত্র' বদ্ধা ইতঃ ( অস্মাৎ স্থানাৎ ) দ্রাক্ গুহান্তঃ (গিরিগুহাভ্যন্তরে) নিভৃত-তমসি ( ঘোরান্ধকারে ) ক্ষেপ্স্যতি। অত্র নিকুঞ্জ-কন্দরায়াং মিলনমেব সংসূচ্যতে ॥ ১৩৯ ॥

নান্দীমুখী-সাক্ষাৎ কংসবিদ্বিষা কৃষ্ণেন ইতি ( ইত্থং ) শংসিতে (উক্তে) কপটেন ক্রোধেন বিদ্ধা রাধা অদ্ধা ( অঞ্জসা ) মাধবম্ অব্রবীৎ ॥১৪০॥

সদ্ধর্ম্মেণ উদ্যন্ ( প্রস্ফুটন্ ) যঃ কমলানাং পটলঃ ( সমূহঃ ) তৎপক্ষে প্রৌঢ়ঃ ( প্রদীপ্তঃ ) যঃ রাজীববন্ধুঃ ( সূর্য্যঃ) 'তৎসদৃশস্য' গোপেন্দ্রস্য ( নন্দমহারাজস্য ) প্রথিতঃ ( প্রসিদ্ধঃ ) তনয়ঃ—শুদ্ধরামস্য অনুজঃ তথা স্বয়মপি দুষ্ট-ধ্বংসী অপি যৎ আশু দুর্ভাষিতং ( দুর্ব্বাক্যং ) বদসি – তৎ

---

সমীপে বিজ্ঞাপিত করেন, তবে অবশ্যই অতি কঠিন-হৃদয় সেই মদনরাজ আমাকে তোমাদের মত গোপীগণসহ একত্র বাঁধিয়া শীঘ্রই গুহামধ্যে নিভৃত অন্ধকারে নিক্ষেপ করিবেন !!" ১৩৮—১৩৯ ॥

এইভাবে নান্দীমুখীর সাক্ষাতেই কংসনাশন বলিলে কপট-ক্রোধবিদ্ধচিত্তা শ্রীরাধা তখনই মাধবকে বলিলেন—"সদ্ধর্ম্মের সহিত পূর্ণভাবে বিকসিত কমলরাজির পক্ষে প্রদীপ্ত সূর্য্যসদৃশ যে নন্দমহারাজ—তাঁহার প্রসিদ্ধ পুত্র, পবিত্র বলরামের অনুজ এবং নিজেও দুষ্টধ্বংসী হইয়াও যে এক্ষণে

---

* 'মদ্বিধং ত্বদ্বিধাভিঃ'

দুষ্টধ্বংসী স্বয়মপি বদস্যাশু দুর্ভাষিতং যৎ
তত্তে সেবাকুল-ফলমিদং দিব্যঘট্টীষু দেব্যাঃ ॥ ১৪১ ॥

অন্যদত্র চ যৎ কিঞ্চিন্ন ব্রূতে লজ্জয়া সখী।
তচ্ছৃণু ত্বমিতি ব্যাজাত্তুঙ্গবিদ্যা জগাদ তম্ ॥ ১৪২ ॥

আত্ম-গহ্বরমভঙ্গ-ভুজঙ্গ !
ত্বং ব্রজ দ্রুতমিতোঽতিচঞ্চল !
আহিতুণ্ডিক-বরাঽভিমন্যুকঃ
সার্থকাহ্বয় উপৈতি ন যাবৎ ॥ ১৪৩ ॥

---

দিব্যঘট্টীষু দেব্যাঃ ( ভণ্ডতাখ্যায়াঃ ) তে ( তব ) সেবাকুলানাং ( সেবা সমূহানাং ) এব ইদং ফলম্ ॥ ১৪১ ॥

সখী ( রাধা ) অত্র বিষয়ে অন্যৎ যৎ কিঞ্চিৎ লজ্জয়া ন ব্রূতে, ত্বং তৎ শৃণু ইতি ব্যাজাৎ ( ছলেন ) তুঙ্গবিদ্যা তং কৃষ্ণং জগাদ—॥ ১৪২ ॥

হে অভঙ্গ-ভুজঙ্গ ! ( নিরন্তরকাম-ক্রীড়াশীল, অদম্যরতিপিপাসু ইতি বা, পক্ষে —দুর্দ্দান্ত-সর্পঃ ) হে অতিচঞ্চল ! ত্বং দ্রুতম্ ইতঃ আত্ম-গহ্বরং ব্রজ ( গচ্ছ ) যাবৎ স্বার্থকঃ আহ্বয়ঃ ( নাম ) যস্য তথাবিধঃ আহিতুণ্ডিকানাং ( সর্পগ্রাহিণাং ) বরঃ ( শ্রেষ্ঠঃ ) স এব অভিমন্যুকঃ ( শ্রীরাধা-পতিঃ, পক্ষে কোপঃ ) ন উপৈতি। যথা আহিতুণ্ডিকস্যাগ্রে সর্পস্য চাঞ্চল্যং ন জায়তে, তথা রাধাপতে রভিমন্যোঃ সকাশে অতি-কামুকস্য তস্য রসচাঞ্চল্যমপি দূরীগচ্ছেদিতি বাহ্যার্থঃ। স্বাভিযোগপক্ষে

---

এই দুর্ব্বাক্য প্রয়োগ করিতেছ—ইহা কেবল তোমাকর্ত্তৃক দিব্যঘট্টীর দেবীর সেবা সমূহেরই ফল বলিতে হইবে” ॥১৪০-১৪১॥

তখন তুঙ্গবিদ্যা ছলক্রমে তাঁহাকে বলিলেন—“মৎসখী(রাধা) লজ্জায় অন্য যাহা কিছু বলিতেছেন না, তাহাও তুমি শুন—হে অভঙ্গভুজঙ্গ ! ( নিরন্তর কামক্রীড়াপরায়ণ ! পক্ষে দুর্দ্দান্ত সর্প) হে অতিচঞ্চল !! যথার্থ নামধারী আহিতুণ্ডিকবর(সাপুড়িয়া) রূপ অভিমন্যু ( আয়ান ঘোষ, ক্রোধ ) যে পর্য্যন্ত না আসেন,

যেয়ং ভ্রাম্যতি পদ্মিনী ফলযুগং রক্তাং চতুষ্পঙ্কজীঃ
বন্ধূকে ভ্রমরৌ বিধূংশ্চ দধতী সার্দ্ধত্রয়োবিংশতিম্ ।
শ্যামেন্দোঃ পরপুংস আবকলনাৎ ফুল্লাভবেৎ সা সদা
স্বীয় স্বামি-রবে বিলোকন ভরান্ ম্লানা স্ফুটং তাম্যতি ॥১৪৪

তু আত্মগহ্বরং গিরিরাজগহ্বরং গচ্ছ—যাবৎ ন কোঽপি আগচ্ছতীতি ভাবঃ ॥ ১৪৩ ॥

ফলযুগং ( তৎস্বরূপং বক্ষোজ-যুগলং ) রক্তাং চতুষ্পঙ্কজীং ( হস্তপদ্মদ্বয়ং তথা চরণপদ্মদ্বয়ঞ্চেতি ) বন্ধূকে ( তদ্বদোষ্ঠযুগলং ) ভ্রমরৌ (তদ্বৎ কনীনিকে) তথা সার্দ্ধত্রয়োবিংশতিং বিধূন্ ( মুখে একঃ, গণ্ডদ্বয়ে দ্বৌ, ললাটে অর্দ্ধঃ তথা কর-পাদনখরেষু বিংশতিরিতি ) চ দধতী যা ইয়ং পদ্মিনী ( পদ্মলতা, পক্ষে উত্তমা নারী ) ভ্রাম্যতি ( ইতস্ততো বিচরন্তী দরীদৃশ্যতে )—সা সদা পরপুংসঃ ( উপপতিনায়কস্য তথা শ্রেষ্ঠপুরুষস্য ) শ্যামেন্দোঃ (শ্যামলচন্দ্রমসঃ, পক্ষে মদ্বিধস্য শ্যামচন্দ্রস্য ) আ-অবকলনাৎ ( প্রথমদর্শনক্ষণমারভ্যৈব ) ফুল্লাভবেৎ ( প্রস্ফুটিতা স্যাৎ ) । অন্যথা স্বীয়স্বামিরবেঃ ( স্বীয়পতিসূর্য্যস্য, পক্ষে রবিবৎ প্রচণ্ডতাপদায়কস্য স্বীয়পতেরভিমন্যোঃ ) বিলোকন-ভরাৎ ( দর্শনাতিশয়েন ) ম্লানা সতী স্ফুটং যথা স্যাত্তথা তাম্যতি ( বিবর্ণীভবতি, অবসীদতি, অপক্ষীয়তে ইতি বা ) । অত্রাতিশয়োক্ত্যা পদ্মিন্যাঃ অসম্ভব-সম্ভবকারিত্বে মহাদ্ভুতত্বং ব্যজ্য স্বপতি-রবিকিরণ-সম্পর্কমসহ্যং মন্যমানায়া স্তস্যাঃ পরপুরুষ-চন্দ্র-কিরণসহবাসেন প্রফুল্লত্বং বিজ্ঞাপ্য বিরোধাভাসেন পরমরস-চমৎকারিত্বং প্রদর্শিতম্ ॥ ১৪৪ ॥

তাবৎ কালমধ্যে তুমি এস্থান হইতে দ্রুতগমনে নিজগহ্বরে প্রবেশ কর” ॥১৪২—১৪৩॥

দুইটী ফল ( কুচযুগল ), চারিটী রক্তপদ্ম ( দুই হস্তপদ্ম ও দুই চরণ পদ্ম ), দুইটী বান্ধূলী ফুল ( ওষ্ঠদ্বয় ), দুইটী ভ্রমর ( অক্ষি-তারা যুগল ) ও সার্দ্ধ ত্রয়োবিংশতি (২৩½) চন্দ্র (মুখে ১, গণ্ডদ্বয়ে ২, ললাটে ½ ও নখে ২০ ) * ধারণ করিয়া এই যে

* শ্রীচৈতন্যচরিতামৃত মধ্যলীলা ২১শ পরিচ্ছেদ দ্রষ্টব্য ।

ইতি হরিমুখপদ্মক্ষ্বেলি-সৌরভ্য-সদ্ম-
প্রতিবচন-মধূনি প্রীণিতৈতৎসভানি ।
তদতিরচিতবাধাপীয়মাপীয় রাধা—
প্রকটরুচমুদারাং বাচমারাদুবাচ ॥ ১৪৫ ॥

কুমার ! ভজ ধীরতাং ন কুরু দুর্ম্মদাচ্চাপলং
পুরী নিকটবর্ত্তিনী দুরধিপোঽত্র কংসো বলী ।

---

তেন (কৃষ্ণেন, তদ্বাক্যেন বা) অতিশয়েন রচিতা বাধা যস্যাঃ, তথাবিধা অপি ইয়ং রাধা—হরেঃ মুখপদ্মস্য যা ক্ষ্বেলিঃ (কৌতুকং) সৈব সৌরভ্যং তস্য সদ্মানি (আলয়ানি) যানি প্রতিবচনানি (প্রত্যুত্তরাণি) এব মধূনি—তথা প্রীণিতং (সন্তোষিতং) এতৎসভং যৈঃ তানি—ইতি (ইত্থং)—আপীয় (সম্যক্ পীত্বা) আরাৎ (দূরাৎ) প্রকটা (ব্যক্তা) রুক্ (অভিলাষঃ) যত্র তাং (অভিলাষ-ব্যঞ্জিকাং) উদারাং (সরলাং) বাচম্ উবাচ ॥ ১৪৫ ॥

হে কুমার ! ধীরতাং (ধৈর্য্যং) ভজ, দুর্ম্মদাৎ চাপলং ন কুরু, 'যতঃ' পুরী (মথুরা) নিকটবর্ত্তিনী, অত্র বলী কংসঃ 'অপি' দুরধিপঃ (দুষ্ট রাজা)

---

পদ্মিনী ভ্রমণ করিতেছেন-ইনি পরপুরুষ (উপপতি, শ্রেষ্ঠ পুরুষ) শ্যামল চন্দ্রের প্রথম দর্শন হইতেই সর্ব্বদা প্রফুল্লা হয়েন ; কিন্তু নিজ স্বামী রবির দর্শনে ম্লান হইয়া নিশ্চয়ই শুষ্ক হইয়া যায়েন ॥ ১৪৪॥

শ্রীকৃষ্ণের মুখপদ্ম হইতে বিনিঃসৃত এই কৌতুকের সৌরভপূর্ণ (আস্বাদনীয়) প্রত্যুত্তররূপী মধু তত্রত্য সর্ব্ব সভ্যকেই আনন্দিত করিল এবং (প্রকাশ্য ভাবে) যজ্ঞ-ভবনে গমনে অতিশয় বাধা পাইলেও শ্রীরাধা ঐ মধু সম্যক পান করিয়া দূর হইতে অভিলাষ-ব্যঞ্জক উদার (সরল) বাক্য বলিতে লাগিলেন-॥ ১৪৫ ॥

"হে কুমার ! ধৈর্য্য ধর, দুর্ম্মদ প্রযুক্ত চাঞ্চল্য করিওনা, মথুরাপুরী নিকটেই, তত্রত্য দুষ্ট কংস রাজাও মহাবলী ; অতএব

অত স্তব হিতং ব্রুবে ব্রজ-মহেন্দ্র-সম্বন্ধতঃ
সমূহ্য গহনং ব্রজ প্রকটমত্র গা শ্চারয় ॥ ১৪৬ ॥

মহামদন-ভূপতে রয়মভিন্নদেহঃ স্বরাট্
নৃশংস-নৃপ-জীবিতাঽধিক-বয়স্য-কেশ্যাদিকান্ ।
বিমথ্য দরলীলয়া স্ফুরতি যোঽত্র গোষ্ঠান্তরে
স এষ তব কংসতঃ সখি ! বিভেতি কিং মে সখা ? ॥১৪৭॥

---

এব। অতঃ ব্রজমহেন্দ্রস্য সম্বন্ধতঃ তব হিতং ব্রুবে; সমূহ্য ( মদ্‌বাক্যং বুদ্ধা ) গহনং ( অরণ্যং ) ব্রজ; অত্র ( অরণ্যে ) প্রকটং ( প্রকাশ্যভাবেন ) গাঃ চারয়। অত্রাপি স্বাভিযোগঃ—কুমারঃ কুৎসিতো মারঃ কন্দর্পঃ, রসচাঞ্চল্য-বিস্তারস্য স্থানাস্থানবিচারাভাবাৎ—অতো গহনমরণ্যং ব্রজ, তত্রৈব তব রসচাঞ্চল্যং যুক্তিযুক্তং, তথা ইন্দ্রিয়াণামপি সুচারু তর্পণাদিকং তত্রৈব ভাবীতি দ্যোতিতম্ ॥ ১৪৬ ॥

হে সখি ! অয়ং শ্রীকৃষ্ণঃ মহামদন-ভূপতেঃ অভিন্নদেহঃ তথা স্বরাট্ ( রাজ-চক্রবর্ত্তী ) চ, নৃশংসঃ যো নৃপঃ ( কংসঃ ) তস্য জীবিতেভ্যঃ ( প্রাণেভ্যঃ ) অপি অধিকাঃ ( প্রিয়তমাঃ ) বয়স্যাঃ যে কেশ্যাদয়ঃ তান্ দরলীলয়া ( অল্পচেষ্টয়া ) বিমথ্য ( বিনাশ্য ) যঃ অত্র গোষ্ঠান্তরে স্ফুরতি ( বিরাজতেতমাম্ ) স এষ মম সখা তব কংসতঃ বিভেতি কিম্ ? অপি তু নৈবেত্যর্থঃ ॥ ১৪৭ ॥

---

ব্রজরাজের সম্বন্ধেই তোমাকে হিতকথা বলিতেছি; এই কথা বুঝিয়া কাননে গমন পূর্ব্বক প্রকাশ্যভাবে গোচারণ কর ॥”১৪৬॥

“হে সখি ! মহামদন রাজার সহিত ইঁহার অভিন্ন-দেহ; ইনি রাজচক্রবর্ত্তী; সেই নৃশংস ( কংস ) রাজার জীবনাধিক বয়স্য কেশী প্রভৃতিকে যিনি গোষ্ঠমধ্যে অবলীলাক্রমে নিধন করিয়া স্ফূর্ত্তি পাইতেছেন—সেই এই আমার সখা কি তোমার কংসকে ভয় করেন ? ১৪৭ ॥

অথৈষ পৃথু-মন্মথো য ইহ তস্য সামন্তকঃ
স এব লঘু-মন্মথঃ পরমমুষ্য কংসো বশঃ ।*
অতোঽস্য লিপিমঙ্কিতাং সপদি তত্র নীত্বা দদন্
নৃপাৎ কটকমানয়ন্ পতি-কুলানি বধ্নামি বঃ ॥ ১৪৮॥

ইতীহ মধুমঙ্গলোল্লসিত-বক্ত্র-কঞ্জ-স্খল-
দ্বচঃ-প্রসর-সৌষ্ঠবোচ্ছলিত-শীধু-ধারামিমাম্ !
নিপীয় রভসোন্মদা মৃদু দধার হাসধ্বনিং
সদঃসরসি সুন্দরী-রসিক-সভ্য-ভৃঙ্গ্যাবলী ॥ ১৪৯ ॥

---

অথ এষ ( কৃষ্ণঃ ) পৃথুমন্মথঃ ( মহামদনঃ ) ইহ যঃ তস্য সামন্তকঃ ( অধীন নৃপতিঃ ) স এব লঘুমন্মথঃ ( চতুর্ব্যূহান্তর্গত প্রদ্যুম্নাখ্যঃ শাখাস্থানীয়ঃ কাম ইত্যর্থঃ, শ্রীকৃষ্ণকর্ণামৃতটীকোক্তত্বাৎ ) কংসঃ অমুষ্য (প্রোক্তকামস্য) পরং ( অধিকং ) যথা স্যাত্তথা বশঃ (বাধ্যঃ), অতঃ অস্য ( মহামদনস্য কৃষ্ণস্য ) অঙ্কিতাং ( নামচিহ্নিতাং ) লিপিং নীত্বা তত্র (কংস-সন্নিধে) দদৎ 'অহং' নৃপাৎ 'কংসাৎ' কটকং ( সেনাং ) আনয়ন্ বঃ ( যুষ্মাকং ) পতিকুলানি বধ্নামি ॥ ১৪৮ ॥

ইতি ইহ মধুমঙ্গলস্য উল্লসিত-বক্ত্র কঞ্জাৎ ( আনন্দপূর্ণ মুখপদ্মাৎ ) স্খলন্ যো বচঃ প্রসরঃ ( বাক্সমূহঃ ) তস্য সৌষ্ঠবমেব উচ্ছলিতং শীধু ( অমৃতং ) তস্য ইমাং ধারাং নিপীয় রভসেন ( আনন্দাধিক্যেন ) উন্মদা

---

"দেখ ! আমার সখা এই কৃষ্ণই মহামন্মথ, -আর তাঁহার সামন্তক হইতেছেন—লঘু মন্মথ ; কংস কিন্তু এই লঘু মন্মথেরই বশবর্ত্তী। অতএব আমার সখার নামাঙ্কিত পত্র লইয়া গিয়া শীঘ্রই কংস রাজাকে দিয়া তাহা হইতে সেনা আনয়ন পূর্ব্বক তোমাদের পতি সমূহকে বন্ধন করিব ॥"১৪৮॥

এই প্রকারে মধুমঙ্গলের উল্লসিত মুখ-পদ্ম হইতে স্খলিত বাক্য রাশির সৌষ্ঠব রূপ উচ্ছলিত এই মধু-ধারা পান করিয়া

---

* স এষ লঘুমন্মথোৎপলম্…

এতত্তদুক্তমধিগত্য মৃষা রুষাঽয়ং
বাচং রুচাঽতিরুচিরামিতি তামুবাচ।
দানং ন চেদ্দদতি মে তদিমা ময়ৈব
সার্দ্ধং চলন্ত্বিহ মহামদনেন্দ্র-পার্শ্বম্ ॥ ১৫০ ॥

কো বা মহামনসিজঃ সখি ! নৈব জানে
কুত্রাপি ন শ্রুতচরো জগতীতলেঽসৌ।
মিথ্যৈষ যন্মহিম-নামবলানি তস্য
সংকীর্ত্তয়েত্তদিহ বঃ পরিহাস-ভঙ্গ্যৈ ॥ ১৫১ ॥

---

( উন্মত্তা ) সতী সুন্দর্য্য এব রসিকাঃ সভ্যাশ্চ ভৃঙ্গ্যঃ তাসামাবলী ( সমূহঃ ) সদঃ (সভা) এব সরঃ ( সরোবরঃ ) তস্মিন্ মৃদু হাসধ্বনিং দধার ॥ ১৪৯ ॥

এতৎ তস্য ( মধুমঙ্গলস্য ) উক্তং 'বাক্যং' অধিগত্য ( বুদ্ধা ) অয়ং শ্রীকৃষ্ণঃ মৃষা রুষা ( কপটক্রোধেন ) রুচা ( অভিলাষেণ ) অতি রুচিরাং ( অতিসুন্দরাং ) বাচং [ যদ্বা—রুচা কান্ত্যা অতিরুচিরাং অতিশোভনাং রাধাম্] উবাচ—চেৎ (যদি) ইমাঃ 'গোপ্যঃ' মে দানং ন দদতি, তৎ ( তদা) ময়া এব সার্দ্ধম্ ইহ ( গিরিরাজস্থস্য ) মহামদনস্য পার্শ্বং চলন্তু ॥ ১৫০ ॥

হে সখি ! মহামনসিজঃ ( মহামদনঃ ) কঃ বা ইতি নৈব জানে—অসৌ জগতীতলে কুত্রাপি ন শ্রুতচরঃ—যৎ এষঃ কৃষ্ণঃ মিথ্যা তস্য ( মহামদনস্য ) মহিমা চ নাম চ বলং চ—তানি সংকীর্ত্তয়েৎ—তৎ ইহ বঃ ( যুষ্মাকং ) পরিহাসভঙ্গ্যৈ 'এব', নান্যথেতি বিচার্য্যতামিতি ভাবঃ ॥ ১৫১ ॥

---

সেই সভা-সরোবরে সুন্দর রসিক-সভ্য-ভৃঙ্গীসমূহ আনন্দোন্মত্ত হইয়া মৃদু মধুর হাস্যধ্বনি করিতে লাগিলেন ॥ ১৪৯ ॥

মধুমঙ্গলের এই বাক্যের মর্ম্ম অবগত হইয়া শ্রীশ্যামসুন্দর তখন কপট রোষ করিয়া অতিশয় কান্তিবিস্তারিণী শ্রীরাধাকে বলিলেন—"ইহাঁরা যদি দান না-ই দেন, তবে সকলেই এক্ষণে আমারই সহিত মহামদন রাজার নিকটে চলুন ॥" ১৫০ ॥

"হে সখি। মহামদন যে কে, তাহা ত জানিনা, এই পৃথিবীতে তাহার বার্ত্তাও ত শ্রুতি-পথে আসে নাই। ইনি

ইত্যাত্ত-চম্পকলতালপিতং তদানী-
মাকর্ণ্য গোকুলবিধু র্বিধু-বক্ত্র-বিম্বাম্ ।
রাধাং নিরীক্ষ্য দর ভাষিতবান্ সভায়াং
সোল্লুণ্ঠমিন্দুবদনে ! মদনোঽ দ্বিতীয়ঃ ॥ ১৫২॥
অত্রৈব হৃদ্য-গিরি-বর্য্য-বিসৃষ্টপট্ট-
রাষ্ট্রে বিরাজতি মহামদনঃ সদৈব ।
তৎসেবিকাভিরপি যদ্ ভবতীভিরেব
মাভাষ্যতে তদিহ বো মদ এব হেতুঃ ॥ ১৫৩ ॥

---

হে ইন্দুবদনে কুন্দলতে ! তদানীং অদ্বিতীয়ঃ মদনঃ গোকুল-বিধুঃ চম্পকলতায়াঃ ইত্যাত্তং ( এবম্প্রকারকম্ ) লপিতং ( বাক্যং ) আকর্ণ্য বিধুবক্ত্রবিম্বাং ( চন্দ্রাননাং ) রাধাং দর (ঈষৎ) নিরীক্ষ্য সভায়াং সোল্লুণ্ঠং ( স্তুতিপূর্ব্বকদুর্ব্বাদং ) ভাষিতবান্—॥ ১৫২ ॥

অত্র এব হৃদ্যঃ ( রমণীয়ঃ ) যো গিরিবর্য্যঃ তেন তস্মিন্ বা বিসৃষ্টং ( বিনির্ম্মিতং ) যৎ পট্টরাষ্ট্রং তস্মিন্ এব সদা ( এব ) মহামদনঃ বিরাজতি (এব), তস্য সেবিকাভিঃ অপি ভবতীভিঃ যৎ এবম্ আভাষ্যতে (সংকথ্যতে) তৎ ইহ বঃ ( যুষ্মাকং ) মদঃ এব হেতুঃ ( কারণং ) ॥ ১৫৩ ॥

---

যে তাহার নাম, মহিমা ও বলের সংকীর্ত্তন করিতেছেন, তাহা ( সর্ব্বথা ) মিথ্যা এবং তোমাদের পরিহাসও কৌতুকের জন্যই বটে ॥" ১৫১ ॥

"হে ইন্দুবদনে ! তখন চম্পকলতার এইপ্রকার সুমধুর আলাপ শ্রবণ করিয়া চন্দ্রবদনা শ্রীরাধাকে একবার দর্শন করিয়া সেই সভাতে অদ্বিতীয়-মদন গোকুল-চন্দ্রমা সোল্লুণ্ঠ ( স্তুতি পূর্ব্বক দুর্ব্বাদ ) বচন বিন্যাস করিলেন—॥" ১৫২ ॥

"এস্থানেই রমণীয় গিরিরাজের অত্যুত্তম পট্টরাজ্যেই সর্ব্বদাই মহামদন বিরাজ করিতেছেন—তাঁহার সেবিকা হইয়াও যে তোমরা এইরূপ বলিতেছ, তাহার একমাত্র কারণ তোমাদের মদই ( অভিমানই ) বলিতে হইবে ॥" ১৫৩ ॥

সংলভ্য সত্র-সদনে গমনেঽদ্য বাধাং
রাধা মুধা স্ফুরিত-রোষ-রসাভিষিক্তা ।
তির্য্যক্ স্ফুরন্নয়ন-নর্ত্তন-তীব্রবাণৈ
রাবিধ্য কৃষ্ণমধুনা মধুবাগুবাচ ॥ ১৫৪ ॥

হে বীর ! বল্লব-বধূ-বদনারবিন্দ-
মাধ্বীক-পানভরতঃ পরমাতিশুদ্ধ !
ভাগ্যাত্ত্বয়া সহ যয়া চলিতং বরাক্ষ্যা
বাঢ়ং ররক্ষ গৃহ-ধর্ম্ম-কুলানি সৈব ॥ ১৫৫ ॥

---

অদ্য সত্রসদনে (যজ্ঞ-ভবনে) গমনে বাধাং সংলভ্য মুধা (বৃথা, কপটেন বা) স্ফুরিতঃ যো রোষ-রসঃ তেন অভিষিক্তা রাধা তির্য্যক্ ( বক্রং ) স্ফুরতী যে নয়নে তয়োঃ নর্ত্তনমেব যে তীব্রবাণাঃ তৈঃ অধুনা কৃষ্ণম্ আবিধ্য মধুবাক্ ( মধুরা-বাগ্ যস্যাঃ সা ) রাধা উবাচ ॥ ১৫৪ ॥

হে বীর ! বল্লববধূনাং ( গোপসুন্দরীণাং ) বদনারবিন্দানাং মাধ্বীকস্য ( মধুনঃ ) পানভরতঃ পরমাতিশুদ্ধ ! ত্বয়া সহ যয়া বরাক্ষ্যা ( সুন্দর্য্যা ) চলিতং ( নির্জনে ইতি শেষঃ ) সা এব গৃহধর্ম্ম-কুলানি বাঢ়ং ( অতিশয়ং ) ররক্ষ । অত্র বিপরীতলক্ষণয়া সোল্লুণ্ঠবচনমিদং, তেন চ তস্যাঃ ইহ-পরকাল-ধর্ম্মজাতানি সর্ব্বাণ্যেবাস্তমিতানীতি মহাদুর্ভাগ্যং তস্যাঃ সূচিতম্ ॥ ১৫৫ ॥

---

তখন যজ্ঞ-মণ্ডপে গমনের বাধা পাইয়া শ্রীরাধা কপট ক্রোধ রসে অভিষিক্তবৎ প্রতিভাত হইলেন এবং বক্র নয়ন-নর্ত্তন রূপ তীব্র ( কটাক্ষ ) বাণ দ্বারা শ্রীকৃষ্ণকে বিদ্ধ করিয়া মধুর বাক্য বিন্যাস করিলেন—॥ ১৫৪ ॥

"হে বীর ! গোপ-বধূদিগের বদনপদ্ম-মধু-পানভরে অতি পরম শুদ্ধ শ্যাম ! ভাগ্যবশতঃ তোমার সহিত যেই বরাক্ষী ( সুন্দর-নয়না ) নারী আসিয়াছেন, তিনিই গৃহধর্ম্মকুলাদি সকলই যথেষ্ট রক্ষা করিয়াছেন !!" ১৫৫ ॥

দৃষ্ট্বা তয়োঃ কলিমনল্পরসাতিবদ্ধ-
মাচার্য্যয়ো বিবিধ-নর্ম্ম-কলা-কলাপে ।
শান্তীচ্ছয়া বিনয়-বাক্যকুলৈ স্ততোঽসৌ*
নান্দীমুখী সমভিনন্দ্য হরিং জগাদ ॥১৫৬॥

দানীন্দ্র ! মাঙ্গলিক-যজ্ঞ-নিমিত্তমেতাঃ
শুদ্ধা নয়ন্তি শিরসা নবগব্যকুম্ভান্ ।
ধর্ম্মং নিরীক্ষ্য কুলচন্দ্র ! বিমুঞ্চ তস্মাৎ
কামং যথা ভবতি তে যশসি প্রচারঃ ॥১৫৭ ॥

---

ততঃ বিবিধা যা নর্ম্মকলা ( পরিহাসবিত্থা ) তস্যাঃ কলাপে ( সমূহে ) আচার্য্যয়োঃ তয়োঃ কিশোরয়োঃ অনল্পরসেন অতিবদ্ধং কলিং ( কলহং ) দৃষ্ট্বা অসৌ নান্দীমুখী শান্তীচ্ছয়া বিনয়-বাক্যকুলৈঃ হরিং সমভিনন্দ্য জগাদ—॥ ১৫৬ ॥

হে দানীন্দ্র ! শুদ্ধা এতাঃ মাঙ্গলিক-যজ্ঞ-নিমিত্তং শিরসা নব-গব্য কুম্ভান্ নয়ন্তি, তস্মাৎ হে কুলচন্দ্র ! ধর্ম্মং নিরীক্ষ্য এতাঃ বিমুঞ্চ, যথা তে যশসি কামং ( বাঢ়ং ) প্রচারঃ ভবতি ॥ ১৫৭ ॥

---

বিবিধ নর্ম্ম কলা সমূহের আচার্য্য সেই রসিক যুগলের মহারসাতিবদ্ধ কলহ দর্শন করিয়া তখন সেই নান্দীমুখী শান্তি কামনায় বিনয়-বাক্যজাল বিন্যাস করতঃ শ্রীহরিকে অভিনন্দন জ্ঞাপন পূর্ব্বক বলিলেন—॥ ১৫৬ ॥

"হে দানীন্দ্র ! মঙ্গলময় যজ্ঞের উদ্দেশ্যে এই গোপীগণ শুদ্ধভাবে নব গব্য কুম্ভ সমূহ মস্তকে বহন করিয়া চলিয়াছেন । অতএব হে কুলচন্দ্র ! ধর্ম্মের দিকে দৃষ্টিপাত করিয়া ইহাদিগকে ত্যাগ করুন—যাহাতে আপনার যশের সমধিক প্রচার হয় ॥" ১৫৭ ॥

---

* শান্ত্যচ্ছলদ্বিনয় বাক্যকুলৈ স্তুতস্তৌ ।

গিরীন্দ্র-পুরতঃ স্ফুরন্নব সরোবরস্যোন্নত-
প্রসন্নতর-বারিণঃ কুসুম-সঞ্চ-সদ্‌গন্ধিনঃ ।
ধ্বনাঢ্যখগ-সঙ্গিনঃ পরিত এব সদ্ভূরুহৈঃ
সমৃদ্ধমধিকং বনং জয়তি যত্র খেলাস্পদে ॥১৫৮॥

ক্বচিৎ ক্বচন সুন্দরং রণতি মত্ত-ভৃঙ্গাবলী
মধুপ্রসর-মন্দিরে সুরভিপুষ্পবৃন্দোদরে ।
ক্বচিৎ ক্বচন কোকিলাঃ কলরুতানি সংতন্বতে
রসালবন-মঞ্জরীবর মরন্দ-পানোন্মদাঃ ।১৫৯॥

---

গিরীন্দ্রেতি ত্রিভিরন্বয়ঃ। অত্রোদ্দীপন-বিভাবঃ খলু বর্ণ্যতে। গিরীন্দ্রস্য পুরতঃ, উন্নতং প্রসন্নতরং চ বারি যস্য তস্য—কুসুমানাং সঙ্ঘেন (রাশিনা) সন্ (বিদ্যমানঃ) গন্ধঃ যস্য তস্য—তথা ধ্বনাঢ্যৈঃ (কলকলায়মানৈঃ) খগৈঃ (পক্ষিভিঃ) সঙ্গঃ যস্য তস্য—স্ফুরন্ নবশ্চ যঃ সরোবরঃ (মানসগঙ্গা) তস্য পরিতঃ এব সদ্ভূরুহৈঃ (সুন্দর-বৃক্ষৈঃ) অধিকং সমৃদ্ধং (সুশোভিতং) বনং জয়তি। যত্র খেলাস্পদে ক্বচন মধুপ্রসর-মন্দিরে (মধুবর্ষিনিকুঞ্জে) তথা সুরভিপুষ্পবৃন্দানাং উদরে (গর্ভে) ক্বচিৎ (সময়ে) মত্তভৃঙ্গাবলী সুন্দরং ণতি গায়তি), ক্বচিৎ ক্বচন (স্থানে) রসালবনানাং (আম্রবনানাং)

---

"গিরিরাজের সম্মুখে বিরাজিত, অত্যুৎকৃষ্ট-স্বচ্ছ-সুন্দরতর জলপূর্ণ, বিবিধ পুষ্পরাজির গন্ধে সুবাসিত ও পক্ষিনিচয়ের কাকলি-ধ্বনি-বিশিষ্ট নব সরোবরের (মানস গঙ্গার) চতুর্দ্দিকেই সুন্দর বৃক্ষরাজি সুশোভিত একটী বন অতিশয় শোভা বিস্তার করিয়া বিরাজমান আছে—সেই ক্রীড়াভূমিতে কোনও সময়ে মধুবর্ষণশীল নিকুঞ্জে সুগন্ধ পুষ্প সমূহের গর্ভে (মধ্যদেশে) মত্ত ভ্রমর সমূহ সুন্দর গান করে, কখনও বা আম্রবন সমূহে উত্তম উত্তম (আম্র) মুকুলের মধু পানে উন্মত্ত হইয়া কোকিল-কুল অব্যক্ত মধুর ধ্বনি দ্বারা দিঙ্‌মণ্ডল মুখরিত করিয়া থাকে ; আবার কোনও স্থলে বা কোনও সময়ে কোনও কোনও ময়ূর

ক্বচিৎ ক্বচন কেকিনঃ পৃথু নটন্তি কেচিন্মদাৎ
ক্বচিৎ ক্বচন কেচন প্রতিনদন্তি চামোদিনঃ।
ক্বচিৎ ক্বচন মাধুরীভর-রসালহৃদ্যোজ্জ্বলৎ
ফলপ্রকর-ভক্ষণে পটু রটন্তি শারী-শুকাঃ ॥১৬০॥

শ্বস্তাবদেতৎ সরসো নিকুঞ্জম্
এতাঃ সমেষ্যন্তি মহানপি ত্বম্।
তত্রৈব যুক্তং তব দানমেতৎ
সম্পাদয়িষ্যাম্যথ লগ্নিকাহহম্ ॥ ১৬১ ॥

---

যে মঞ্জরীবরাঃ তেষাং মরন্দস্য ( মধুনঃ ) পানেন উন্মদাঃ কোকিলাঃ কলরুতানি ( অব্যক্তমধুরনিনাদান্ ) সংতন্বতে ( বিস্তারয়ন্তি )—ক্বচিৎ ক্বচন কেচিৎ কেকিনঃ ( ময়ূরাঃ ) মদাৎ পৃথু ( বিপুলং ) নটন্তি, কেচন চ আমোদিনঃ সন্তঃ প্রতিনদন্তি ( প্রতিধ্বনিং কুর্বন্তি ); কেচন শারীশুকা বা মাধুরীভরাঃ রসালাঃ হৃদ্যাঃ উজ্জ্বলন্তঃ চ যে ফল-প্রকরাঃ তেষাং ভক্ষণে পটু ( বিশালং ) রটন্তি ( শব্দায়মানাঃ সন্তি ) ॥ ১৫৮--১৬০ ॥

শ্বঃ তাবৎ এতস্য সরসঃ নিকুঞ্জম্ এতাঃ সমেষ্যন্তি – মহান্ ত্বম্ অপি ( সমেষ্যসি ) তত্র এব তব এতৎ যুক্তং দানং সম্পাদয়িষ্যামি—অথ অহং লগ্নিকা ( প্রতিভূঃ ) ভবিষ্যামীতি শেষঃ ॥ ১৬১ ॥

---

মদভরে সাতিশয় নৃত্য করে, কোথাও কোথাও বা কোনও কোনও সময়ে আবার কতকগুলি ময়ূর আমোদিত হইয়া তাহার প্রতিধ্বনি করে, আবার অন্য কোথাও বা কখনও কখনও শারী শুক সমূহ মধুর-রসাল-কমনীয়-উজ্জ্বল ফল সমূহ ভক্ষণ করিতে করিতে যথেষ্ট কলধ্বনি করিয়া থাকে ॥ ১৫৮-১৬০ ॥

"আগামীকল্য সেই মানস গঙ্গার তটবর্ত্তী নিকুঞ্জে ইহাঁরা আসিবেন, আর মহাশয়! আপনি ও যেন আগমন করেন। সে স্থলেই আপনার উপযুক্ত দান আমি আদায় করিয়া দিব্য এইজন্য আমিই প্রতিভূ ( জামিন ) রহিলাম ॥ ১৬১ ॥

যতোঽত্র নির্ব্বর্ত্ত্যমিদং হি দানং
গিরৌ স্থিতস্যাস্য সরোবরস্য ।
তদ্দান-নির্ব্বর্ত্তনমিত্যভিখ্যা
ভবিষ্যতীত্যেব হি সা জগাদ ॥ ১৬২ ॥

অনেন তস্যা বচনেন তেন
বিহস্য মুক্তাঃ স্মিতচারুবক্ত্রাঃ ।
তং বীক্ষমানা নয়নাঞ্চলৈ স্তা-
শ্চেলু র্মুদা যজ্ঞগৃহায় পূর্ণাঃ ॥ ১৬৩ ॥

---

যতঃ অত্র ইদং দানং হি নির্ব্বর্ত্ত্যং ( সমাপনীয়ং ) তৎ ( ততঃ ) গিরৌ স্থিতস্য অস্য সরোবরস্য 'দান-নির্ব্বর্ত্তনং' ইতি অভিখ্যা ( নাম ) ভবিষ্যতি —ইতি এব হি সা জগাদ ॥ ১৬২ ॥

তস্যাঃ অনেন বচনেন তেন ( কৃষ্ণেন ) বিহস্য স্মিত-চারুবক্ত্রাঃ তাঃ পূর্ণাঃ ( পূরিতাভিলাষাঃ ) কৃত্বা মুক্তাঃ সত্যঃ নয়নাঞ্চলৈঃ (কটাক্ষৈঃ) তং বীক্ষমানাঃ মুদা ( আনন্দেন ) যজ্ঞগৃহায় চেলুঃ । অত্র 'পূর্ণাঃ' ইত্যনেন পূর্ণমনোরথা ইত্যর্থে আয়াতে শ্রীদানকেলিকৌমুদ্যুক্তদিশা শ্রীরাধামাধবয়ো স্তত্রৈব রহঃ কেলিকুঞ্জে ললিতাদিভিঃ প্রবেশঃ কারিতঃ—নিভৃত-বিলাস-সমাপনান্তে চ বহিরাগতৌ যুগলকিশোরৌ—তদনন্তরঞ্চ তা মুক্তা ইতি জ্ঞেয়ং, সর্ব্বং সমঞ্জসঞ্চেতি দিক্ ॥ উক্তঞ্চ—শ্রীদাস গোস্বামিভি দাননির্ব্বর্ত্তনকুণ্ডাষ্টকে —

নিজনিজনবকুঞ্জে গুঞ্জিরোলম্ব-পুঞ্জে
প্রণয়িনবসখীভিঃ সংপ্রবেশ্য প্রিয়ৌ তৌ" । ইত্যাদিনা ॥ ১৬৩ ॥

---

"যেহেতু এই গিরিরাজের নিকটবর্ত্তী শ্রেষ্ঠ সরোবরের তটে এই দান নিবৃত্ত হইবে, অতএব ঐ স্থানের নাম ও '**দান-নির্ব্বর্ত্তন**'ই হইবেন ।" এইকথা বলিয়াই নান্দীমুখী নীরব হইলেন ॥ ১৬২ ॥

তাঁহার এই বাক্যে শ্যামসুন্দর হাস্য সহকারে তাঁহাদিগকে পূর্ণমনোরথ করিয়া মুক্ত করিলেন এবং সেই মৃদুমধুর হাস্য

কৃষ্ণাক্ষি-মত্ত-মধুপে নিজ-দৃষ্টি-ভৃঙ্গীং
ভঙ্গ্যা পরিস্ফুরদনঙ্গ-তরঙ্গিতাঙ্গী।
গ্রীবার্দ্ধ-ভঙ্গ-রুচিরং দর যোজয়ন্তী
স্মিত্বালিবর্গ-বলিতা চলিতাঽথ রাধা ॥ ১৬৪ ॥

তদৈব তাসাং মুখ-পঙ্কজানাং
স্মিত স্ফুরন্মঞ্জ-মরন্দ-বিন্দূন্
নেত্রান্ত-বক্ত্রেন পিবন্নিতান্তং
মুকুন্দ-ভৃঙ্গো মুদমাপ সোঽপি ॥ ১৬৫ ॥

---

অথ ( অনন্তরং ) আলিবর্গবলিতা ( সখীগণবেষ্টিতা ) পরিস্ফুরন্ যঃ অনঙ্গঃ ( কামঃ ) তেন তরঙ্গিতং ( তরঙ্গবদান্দোলায়মানং ) অঙ্গং যস্যাঃ সা রাধা কৃষ্ণস্য অক্ষি এব মত্তঃ মধুপঃ তস্মিন্ নিজদৃষ্টিরেব ভৃঙ্গী তাং ভঙ্গ্যা যোজয়ন্তী তথা গ্রীবায়াঃ অর্দ্ধভঙ্গঃ তেন রুচিরং যথা স্যাত্তথা দর ( ঈষৎ ) যোজয়ন্তী চ স্মিত্বা চলিতা ॥ ১৬৪ ॥

তদা এব তাসাং মুখপঙ্কজানাং স্মিতেন স্ফুরৎ মঞ্জু ( মনোজ্ঞং ) চ যৎ মরন্দং ( মধু ) তস্য বিন্দূন্ নেত্রান্তঃ এব বক্ত্রং ( মুখং ) তেন নিতান্তং

---

শোভিত বদন-বিশিষ্টা গোপীগণ ও নয়ন-কোণে তাঁহাকে নিরীক্ষণ করিতে করিতে আনন্দের সহিত যজ্ঞ-গৃহাভিমুখে গমন করিলেন ॥ ১৬৩ ॥

অনন্তর শ্রীরাধা শ্রীকৃষ্ণের চক্ষুরূপ মত্ত মধুকরে ভঙ্গীক্রমে নিজদৃষ্টী ভৃঙ্গী স্থাপন করিলেন এবং তাঁহার সর্ব্বাঙ্গে অনঙ্গের তরঙ্গ প্রকাশ পাইতে লাগিল— তখন তিনি গ্রীবা দেশ কিঞ্চিৎ বক্র করিয়া কিয়ৎ ক্ষণের জন্য অতি মনোরম মূর্ত্তি প্রকাশিত করিয়া হাসিতে হাসিতে সখীগণবেষ্টিতা হইয়া চলিতে লাগিলেন ॥ ১৬৪ ॥

তখনই তাঁহাদের মুখ-পদ্ম সমূহের মৃদু হাস্য যুক্ত মনোজ্ঞ মধু বিন্দুরাশি নেত্রান্ত ( কটাক্ষ ) রূপ মুখদ্বারা পুনঃ

ততো বয়স্যৈঃ সহ নাগরোঽসৌ
গোবর্দ্ধনাদ্রেঃ শিরসোঽবতংসঃ।
গা শ্চারয়ন্ দান-কথামৃতং তৎ
কুর্ব্বন্ মিথো মোদমবাপ কৃষ্ণঃ ॥ ১৬৬ ॥

কান্ত্যা দিশো দশ মুহু র্গুরু গৌরয়ন্তী
ভ্রাজদ্দৃগন্ত-নটনৈ রতিনীলয়ন্তী।
সাপি স্মিতার্দ্ধ-কলয়া পরিশুক্লয়ন্তী
বার্ত্তামৃতৈ র্মধুরয়ন্ত্যরুসত্রমাপ ॥ ১৬৭ ॥

---

( নিরতিশয়ং ) পিবন্ স মুকুন্দ এব ভৃঙ্গঃ অপি মুদং ( আনন্দং ) আপ—( প্রাপ্তবান্ ) ॥ ১৬৫ ॥

ততো বয়স্যৈঃ সহ গোবর্দ্ধনাদ্রেঃ শিরসঃ অবতংসঃ ( ভূষণঃ ) অসৌ নাগরঃ কৃষ্ণঃ গাঃ চারয়ন্ মিথঃ তৎ দানকথামৃতং কুর্ব্বন্ মোদম্ ( আনন্দং ) অবাপ ॥ ১৬৬ ॥

সা রাধা অপি কান্ত্যা দশদিশঃ মুহুঃ গুরু (বিপুলং) গৌরয়ন্তী (গৌরবর্ণাঃ কারয়ন্তী )—ভ্রাজৎ যৎ দৃগন্তঃ ( নয়নপ্রান্তভাগঃ ) তস্য নটনৈঃ তাঃ দিশঃ অতিনীলয়ন্তী—স্মিতার্দ্ধস্য কলয়া দিশঃ পরিশুক্লয়ন্তী ( শুভ্রাঃ কারয়ন্তী ) তথা বার্ত্তামৃতৈঃ দৃশঃ মধুরয়ন্তী উরুসত্রং ( মহাযজ্ঞশালাং ) আপ ॥ ১৬৭ ॥

---

পুনঃ নিরতিশয় পান করিয়া করিয়া সেই মুকুন্দ-ভ্রমর ও আনন্দলাভ করিতে লাগিলেন ॥ ১৬৫ ॥

তদনন্তর ঐ নাগর কৃষ্ণ ও বয়স্যগণ সহ গোবর্দ্ধন পর্ব্বতের শিরোদেশে বিরাজিত হইয়া গোচারণ করিতে করিতে ঐ দানকথামৃত পরস্পর আলোচনা করিয়া করিয়া আনন্দ করিয়াছিলেন; আবার শ্রীরাধাও নিজ কান্তিদ্বারা মুহুর্মুহু দশদিক অতিশয় গৌরবর্ণ করিয়া করিয়া—বিদ্যোতমান কটাক্ষনর্ত্তনে ( দিঙ্ মণ্ডল ) অতিশয় নীলবর্ণ করিয়া করিয়া—এবং ঈষৎ

প্রণম্য গব্যং বিনয়েন দিব্যং
প্রদায় তেভ্যো বরভূষণানি ।
সংলভ্য রম্যাণি পুনঃ স্বকুণ্ড-
মাসাদ্য তা স্তৎ কথয়া বিজহ্রুঃ ॥ ১৬৮ ॥

রেজু স্তাঃ প্রেম-সৌভাগ্য-সৌন্দর্য্যাদি-গুণশ্রিয়া ।
সারৈ র্মুনিবরা ল্লব্ধৈ র্ভূষণৈশ্চ বিভূষিতাঃ ॥১৬৯॥

রাধা মহাপ্রেম-রসাভিষিক্তা
স্মর-ক্রিয়া-শাস্ত্র-বিশারদা সা ।

---

তেভ্যঃ ( মুনিভ্যঃ ) প্রণম্য বিনয়েন দিব্যং গব্যং প্রদায় তথা রম্যাণি বরভূষণানি সংলভ্য পুনঃ স্বকুণ্ডং ( শ্রীরাধাকুণ্ডং ) আসাদ্য ( প্রাপ্য ) তৎ কথয়া ( দানবার্ত্তয়া ) বিজহ্রুঃ ॥ ১৬৮ ॥

প্রেম চ সৌভাগ্যঞ্চ সৌন্দর্য্যাদি চ গুণঞ্চ—তেষাং শ্রিয়া ( সম্পত্ত্যা ) তথা মুনিবরাৎ লব্ধৈঃ সারৈঃ ( অত্যুৎকৃষ্টৈঃ ) ভূষণৈঃ চ বিভূষিতাঃ তাঃ গোপ্যঃ রেজুঃ ( বিরাজিতা অভবন্ ) ॥ ১৬৯ ॥

মহাপ্রেমরসেন অভিষিক্তা তথা স্মরক্রিয়া-শাস্ত্রেষু বিশারদা (সুনিপুণা)

---

মৃদু মধুর হাস্যকলায় ইতস্ততঃ শুভ্রবর্ণ ধারণ করাইয়া করাইয়া ও ঐ বার্ত্তামৃতদ্বারা দিগ্‌বলয়ের সাতিশয় মধুরতা বিধান করিয়া করিয়া, যজ্ঞমণ্ডপে উপস্থিত হইলেন ॥ ১৬৬-১৬৭ ॥

মুনিদিগকে দণ্ডবৎ প্রণাম করিয়া বিনয়ের সহিত তাঁহারা ঐ দিব্য গব্য তাঁহাদিগকে সমর্পণ করিলেন এবং তাঁহাদের নিকট হইতে মনোরম শ্রেষ্ঠ শ্রেষ্ঠ ভূষণাদি প্রাপ্ত হইয়া পুনরায় শ্রীকুণ্ডতীরে আসিয়া সেই দান-কথাতেই আনন্দ করিতে লাগিলেন; প্রেম-সৌভাগ্য-সৌন্দর্য্যাদি-গুণ সম্পত্তিতে এবং মুনিবর (ভাগুরি) হইতে প্রাপ্ত অত্যুৎকৃষ্ট ভূষণাদিতে বিভূষিত হইয়া তাঁহারা বিরাজ করিতে লাগিলেন ॥ ১৬৮-১৬৯ ॥

তখন মহাপ্রেমরসে অভিষিক্তা, কামকলা বিদ্যায় বিশারদা

সুবিহ্বলা সাত্ত্বিক-মুখ্যভাবৈঃ
প্রিয়ং জগৌ প্রাণসখীবৃতোচ্চৈঃ ॥ ১৭০ ॥
ত্রৈলোক্যবর্ত্তি-নব-দম্পতি-মূর্দ্ধ-রত্নং
দগ্ধ-স্মরাঙ্গ-ঘটনোন্নত-সিদ্ধ-তন্ত্রম্ ।
লীলাবিলাস-নবসর্জ্জন-বেধসং তদ্
যুগ্মং ন বর্ণয়িতুমব্জভবোঽপি শক্তঃ ॥ ১৭১ ॥
ইতি বিলসিত-বার্ত্তাং কুন্দবল্লী-রসাক্তাং
রহসি পরিনিশম্যানন্দ-সিন্ধৌ নিমগ্না ।

---

াসত্ত্বিকমুখ্যভাবৈঃ ( কম্পাশ্রুস্বেদাদিভিঃ ) সুবিহ্বলা তথা প্রাণসখীভিঃ ( ললিতাবিশাখাদিভিঃ ) বৃতা চ সা রাধা উচ্চৈঃ প্রিয়ং জগৌ (তন্নামকীর্ত্তনং কৃতবতী ) ॥ ১৭০ ॥

অব্জভবঃ ( ব্রহ্মা ) অপি তৎ ত্রৈলোক্যবর্ত্তিনাং নবদম্পতীনাং মূর্দ্ধস্থ যৎ রত্নং ( তৎ স্বরূপং )—দগ্ধস্য স্মরাঙ্গস্য ঘটনায়াং ( নির্ম্মাণ-বিষয়ে ) উন্নতং সিদ্ধং চ তন্ত্রং ( তৎস্বরূপং ) তথা লীলাবিলাসানাং নবং যৎ সর্জনং তস্য বেধাঃ ( বিধাতা ) তৎস্বরূপং, তদ্ যুগ্মং বর্ণয়িতুং ন শক্তঃ ॥ ১৭১ ॥

ইতি রসাক্তাং ( রসযুক্তাং ) বিলসিতস্য ( বিলাসস্য ) বার্ত্তাং রহসি পরিনিশম্য কুন্দবল্লী আনন্দসিন্ধৌ নিমগ্নাঽভবৎ। অথ ( অনন্তরং ) সা

---

ও সাত্ত্বিক মুখ্যভাবরাজিতে সুবিহ্বলা শ্রীরাধা প্রাণ-সখীগণ কর্ত্তৃক বেষ্টিত হইয়া উচ্চৈঃস্বরে প্রিয়তমের নামাবলি কীর্ত্তন করিতে লাগিলেন ॥ ১৭০ ॥

ত্রিভুবন মধ্যে নবদম্পতি শিরোরত্ন, দগ্ধ কামদেবের অঙ্গ যোজনা বিষয়ে উন্নত সিদ্ধতন্ত্র স্বরূপ, লীলা বিলাসাদির নব-রচনার বিধাতা-সদৃশ—সেই যুগল কিশোরের বর্ণনা করিতে ব্রহ্মা ও অসমর্থ ॥ ১৭১ ॥

কুন্দলতা এই রসময়ী বিহার-বার্ত্তা নিজ্জর্নে শ্রবণ করিয়া আনন্দ-সমুদ্রে নিমগ্না হইলেন। তিনি নিজসখী সুমুখীর সহিত

দ্রুতমথ নিজসখ্যা সা সমৃদ্ধা তয়াঽদ্ধা
তদিহ মিথুন-রত্নং দ্রষ্টুমুৎকা চচাল ॥ ১৭২ ॥
দধ্যাদি-দান-নব-কেলি-রসাব্ধিমধ্যে
মগ্নং নবীন-যুব-রত্নযুগং ব্রজস্য ।
*নর্ম্মালি-হৃদ্য মুদিত-দ্যুতি গৌরনীল
মন্ধোঽপি লুব্ধ ইব লোকিতুমুৎসুকোঽস্মি ॥১৭৩।
রাধা-মাধবয়ো দানকেলিচিন্তামণিং গিরৌ ।
লব্ধমন্ধেন বীক্ষন্তাং শ্রীমদ্রূপগণাঃ প্রিয়াঃ ॥১৭৪॥

তয়া নিজসখ্যা সুমুখ্যা অদ্ধা ( সাক্ষাৎ ) সমৃদ্ধা ( মিলিতা ) ইহ তৎ মিথুন-রত্নং (কিশোরযুগলং) দ্রষ্টুম্ উৎকা (উৎকণ্ঠিতা) সতী দ্রুতং চচাল ॥ ১৭২ ॥

দধ্যাদীনাং যৎ দানং তস্য নবকেলিঃ সঃ এব রসাব্ধিঃ তস্য মধ্যে মগ্নং—নর্ম্মালীনাং ( প্রিয়নর্ম্মসখীনাং ) হৃদ্যং (হৃদয়গ্রাহি)—উদিতা দ্যুতিঃ (কান্তিঃ) যয়ো স্তৎ, তথা গৌরনীলঞ্চ ব্রজস্য নবীনযুবরত্নযুগং লোকিতুং অন্ধঃ অপি লুব্ধ ইব উৎসুকঃ অস্মি ॥ ১৭৩ ॥

গিরৌ ( গোবর্দ্ধনে ) অন্ধেন লব্ধং রাধামাধবয়োঃ দানকেলিচিন্তামণিং প্রিয়াঃ শ্রীমদ্রূপগণাঃ বীক্ষন্তাং ( আস্বাদয়ন্তু—ইত্যর্থঃ )। অন্ধেনেত্যনেন স্বস্য দর্শনাসামর্থ্যং দৈন্যেন জ্ঞাপিতম্। শ্রীমদ্রূপগোস্বামি-চরণারবিন্দানুগতরসিকজনা এবাস্য গ্রন্থরত্নস্য তাৎপর্য্যাবধারণায়ালমিত্যপি দ্যোতিতং। অনেনাধিকারি-নির্ণয়োঽপি কৃতঃ ॥ ১৭৪ ॥

মিলিত হইয়া তৎক্ষণাৎই এই যুগল-কিশোরকে দর্শন করিতে উৎকণ্ঠিত হইয়া চলিলেন ॥ ১৭২ ॥

দধি প্রভৃতি দান বিষয়ক নব কেলিরস সমুদ্রে নিমগ্ন—নর্ম্মসখীগণের মনোজ্ঞ, গৌরনীলাত্মক-দ্যুতিশীল ব্রজের নবীন যুবরত্ন যুগলকে অবলোকন করিবার জন্য এই অন্ধও আমি লুব্ধব্যক্তির মত উৎসুক হইয়াছি ॥ ১৭৩ ॥

এই অন্ধ ব্যক্তি শ্রীগিরিগোবর্দ্ধনে শ্রীরাধামাধবের "দান

* নর্ম্মাতিহৃদ্যম্···

আদদানস্তৃণং দন্তৈরিদং যাচে পুনঃ পুনঃ।
শ্রীমদ্রূপ-পদাম্ভোজ-রজোঽহং স্যাং ভবে ভবে ॥১৭৫॥
ইতি শ্রীমদ্রঘুনাথ দাস গোস্বামি বিরচিতঃ—
শ্রীদানকেলিচিন্তামণি র্নাম প্রবন্ধঃ সম্পূর্ণঃ ॥

---

দন্তৈঃ তৃণম্ আদদানঃ (গৃহ্নন্) ইদং পুনঃ পুনঃ যাচে—যৎ অহং ভবে ভবে (প্রতিজন্ম) শ্রীমদ্রূপপদাম্ভোজরজঃ স্যাম্ ॥ বিবিধরসসিদ্ধান্তসাগরং প্রদর্শ্য নিম্প্রত্যূহরসনিষ্পত্তৌ তথা রসরাজিস্থুপরিবেষণে চাদ্বিতীয়াঃ শ্রীমদ্রূপগোস্বামিপাদাঃ খলু গৌড়ীয়বৈষ্ণবমাত্রাণামেব জীবাতবঃ—কিমুত তেষাং তচ্চরণারবিন্দৈক-শরণানাং শ্রীদাসগোস্বামিমহানুভাবানামিতি জ্ঞেয়ম্ ॥ ১৭৫ ॥

প্রেরিতো ললিতা-শক্ত্যা মোহান্ধমতিরপ্যয়ম্।
মূল-গ্রন্থস্য তাৎপর্য্য-ব্যাখ্যায়াং লব্ধ-সাহসঃ ॥ ১ ॥
তৎপাদ-নলিনীধূলি-কারুণ্যলেশলুব্ধকঃ!
যদত্র প্রালপং মূঢ়ঃ ক্ষমন্তাং তে কৃপাব্ধয়ঃ ॥ ২
বসুবাণমিতেশাকে গজচন্দ্র-সমন্বিতে।
নবদ্বীপে নিবসতা কেনাপ্যয়ং কৃতোঽন্বয়ঃ ॥ ৩ ।
ইতি শ্রীদানকেলিচিন্তামণিব্যাখ্যা সমাপ্তা ॥*॥

---

**কেলি চিন্তামণি"** লাভ করিয়াছে। প্রিয় শ্রীমদ্রূপ গোস্বামীর (অনুগত) জনগণ ইহা বিশেষভাবে দর্শন (আস্বাদন) করুন—এই প্রার্থনা ॥ ১৭৪ ॥

দশনে তৃণ ধারণ পূর্ব্বক পুনঃ পুনঃ এই যাচ্ঞা করিতেছি যে আমি যেন জন্মে জন্মে শ্রীমদ্রূপ গোস্বামীর পাদপদ্মের রজঃ (ধূলি) হইতে পারি ॥ ১৭৫ ॥

ইতি শ্রীমদ্ রঘুনাথ দাস গোস্বামী বিরচিত
শ্রীদান কেলি চিন্তামণির
আক্ষরিক
বঙ্গানুবাদ সমাপ্ত।

---

**শ্রীশ্রীমদ গুরবে সমর্পণমস্তু।**